বেতার বাংলা

মহান বিজয় দিবস ২০২২

পৌষ-মাঘ ১৪২৯



১৯ নভেম্বর ২০২২ তারিখে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে বিশ্ববিদ্যালয়ের ৫৩তম সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর হিসেবে সমাবর্তন বক্তা অর্থনীতিতে নোবেল বিজয়ী ফরাসি অর্থনীতিবিদ Professor Dr. Jean Tirole কে সম্মানসূচক 'ডক্টর অব লজ' ডিগ্রি প্রদান করেন

২১ নভেম্বর ২০২২ তারিখে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সাথে বঙ্গভবনে সশস্ত্রবাহিনী দিবস উপলক্ষ্যে তিন বাহিনীর প্রধানগণ সাক্ষাৎ করেন

২২ নভেম্বর ২০২২ তারিখে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সাথে বঙ্গভবনে ন্যাশনাল ডিফেন্স কোর্স-২০২২ এবং আর্মড ফোর্সেস ওয়ার কোর্স ২০২২-এ অংশগ্রহণকারীগণ ফটোসেশনে অংশ নেন

বেতারবাংলা

দ্বি-মাসিক পত্রিকা

পৌষ-মাঘ ১৪২৯ • ১৬ ডিসেম্বর ২০২২ - ১৩ ফেব্রুয়ারি ২০২৩

সম্পাদকীয়

১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস। আমাদের স্বাধীনতা সংগ্রামের সবচেয়ে গৌরবের দিন। ১৯৭১ সালের এইদিনে দীর্ঘ নয়মাসের রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধে চূড়ান্ত বিজয় অর্জনের মধ্য দিয়ে বিশ্বমানচিত্রে অভ্যুদয় ঘটে স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্রের। ত্রিশ লক্ষ শহিদের আত্মদান আর দুই লক্ষ মা-বোনের ত্যাগ-তিতিক্ষা এবং কোটি বাঙালির আত্মনিবেদন ও বীরত্বে পরাধীনতার অভিশাপ থেকে মুক্তি পায় বাঙালি জাতি। আজ আমরা গভীর শ্রদ্ধা ও ভালোবাসার সঙ্গে স্মরণ করছি সেসব শহিদের আত্মদানকে। স্মরণ করছি বাংলার অবিসংবাদিত নেতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যাঁর ডাকে সর্বস্তরের মানুষ মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ে দেশকে স্বাধীন করেছে।

১০ জানুয়ারি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস। বাংলার ইতিহাসের এক অবিস্মরণীয় দিন। ১৯৭২ সালের এদিন পাকিস্তানের কারাগার থেকে মুক্তিলাভ করে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সদ্য স্বাধীন বাংলাদেশের মাটিতে পা রাখেন। আজকের দিনের এ ঘটনা ছিল বাংলাদেশ জন্মের ইতিহাসের আরেক বিজয়গাথা- অন্ধকার হতে আলোয় যাত্রা। ১৬ ডিসেম্বর চূড়ান্ত বিজয়ের পর বাঙালি জাতি বঙ্গবন্ধুকে প্রাণঢালা সংবর্ধনা জানানোর জন্য অধীর অপেক্ষায় ছিল। আনন্দে আত্মহারা লক্ষ লক্ষ মানুষ ঢাকা বিমানবন্দর থেকে রেসকোর্স ময়দান পর্যন্ত তাঁকে স্বতঃস্ফূর্ত সংবর্ধনা জানায়। সেই সময়ে প্রকাশিত পত্রিকা থেকে জানা যায়, বিকাল পাঁচটায় রেসকোর্স ময়দানে প্রায় ১০ লক্ষ লোকের উপস্থিতিতে তিনি ভাষণ দেন। সশ্রদ্ধচিত্তে তিনি সবার ত্যাগের কথা স্মরণ করেন, সবাইকে দেশগড়ার কাজে উদ্বুদ্ধ করেন।

বড়দিন বা ক্রিসমাস একটি বাৎসরিক খ্রিষ্টীয় উৎসব। ২৫ ডিসেম্বর তারিখে যিশু খ্রিষ্টের জন্মদিন উপলক্ষ্যে এই উৎসব পালিত হয়। আজ থেকে দুই সহস্রাধিক বছর আগে জেরুজালেমের বেথলেহেম নগরীর এক গোয়াল ঘরে জন্মেছিলেন খ্রিষ্টধর্মের প্রবর্তক যিশু খ্রিষ্ট। তাঁর শান্তির বাণী শাশ্বত, জাতি-ধর্ম নির্বিশেষে সবার জন্য প্রযোজ্য। বর্তমান সংঘাতময় এ পৃথিবীতে যিশুর বাণী বিশ্বমানবতার কল্যাণে কার্যকর ভূমিকা রাখতে পারে।

১৬ ডিসেম্বর বাংলাদেশ বেতারের প্রতিষ্ঠাবার্ষিকী। রাষ্ট্রীয় এই সম্প্রচার মাধ্যমটির যাত্রা শুরু হয়েছিল ব্রিটিশ শাসনামলে। ১৯৩৯ সালের ১৬ ডিসেম্বর প্রথমে অলইন্ডিয়া রেডিওর ঢাকা কেন্দ্র হিসেবে এর যাত্রা শুরু হয়। নাম হয় ঢাকা ধ্বনি বিস্তার কেন্দ্র। ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে এই সম্প্রচার মাধ্যম বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এসময় এটি স্বাধীনবাংলা বেতার কেন্দ্র নামে পরিচিত ছিল।

মহান বিজয় দিবস, বাংলাদেশ বেতারের ৮৩তম প্রতিষ্ঠাবার্ষিকী ও শুভ বড়দিন উপলক্ষ্যে বেতার বাংলা'র সকল পাঠক, লেখক ও শুভানুধ্যায়ীদের জানাই আন্তরিক শুভেচ্ছা।

আঞ্চলিক পরিচালক
মর্জিনা বেগম

সম্পাদক
মোহাম্মদ আনোয়ার হোসেন

বিজনেস ম্যানেজার
মোঃ শরিফুর রহমান

সহ সম্পাদক
সৈয়দ মারগুব ইলাহি

প্রচ্ছদ
জামান পুলক

আলোকচিত্র
বেতার প্রকাশনা দপ্তর, পিআইডি,
বাংলাদেশ বেতারের কেন্দ্র ও ইউনিটসমূহ

মুদ্রণ সংশোধক
মো: হাসান সরদার

প্রকাশক
মহাপরিচালক
বাংলাদেশ বেতার

বেতার প্রকাশনা দপ্তর
জাতীয় বেতার প্রশাসন ভবন
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন:০২-৪৪৮১৩০৩৯ (আঞ্চলিক পরিচালক)
০২-৪৪৮১৩০৫৩ (সম্পাদক)
০২-৪৪৮১৩০০৯ (বিজনেস ম্যানেজার/ফ্যাক্স)
ওয়েবসাইট: www.betar.gov.bd
ইমেইল: betarbanglabd@gmail.com
ফেসবুক: /betarbangla.bb

নামলিপি
কাইয়ুম চৌধুরী

মূল্য
প্রতি সংখ্যা: ২০ টাকা
ডাকমাশুলসহ প্রতি সংখ্যা: ৩০ টাকা

প্রোডাকশন
দশদিশা প্রিন্টার্স

সূচিপত্র

প্রবন্ধ-নিবন্ধ

৩

লড়াকু বাংলাদেশকে অভিবাদন
ড. আতিউর রহমান ৪

একাত্তরের যুদ্ধ: রাশিয়া কীভাবে নিক্সনের গানবোট-কূটনীতি পণ্ড করে দিয়েছিল
মূল: রাকেশ কৃষ্ণান সিমহা। অনুবাদ: মুস্তাফা মাসুদ ৯

মহানায়কের বীরোচিত স্বদেশ প্রত্যাবর্তন
মোহাম্মদ শাহজাহান ১৫

বড়দিনের মহিমা! মর্ত্যে এলেন পরিত্রাতা
পাস্টর প্রিন্স শমুয়েল সরেন ২৪

শীতঋতু, বাঙালির যাপিতজীবন ও সাহিত্য
শেলী সেনগুপ্তা ২৯

সময়ের সাথে বস্তুনিষ্ঠতায় বেতার সংবাদ
মোছাঃ তানিয়া নাজনীন ৩২

গল্প

দ্বিতীয় নবাবের অভিলাষ
রফিকুর রশীদ ১৯

মুজিবকোটের মেয়ে
ঝর্না রহমান ৩৪

ছবির এলবাম

বিজয় নিশান উড়ছে ঐ ৪৫

বাংলাদেশ বেতার থেকে সরাসরি সম্প্রচারিত অনুষ্ঠানের সচিত্র প্রতিবেদন ৬৬

বেতার সংবাদ ৮৪

৮১

বেতার পর্ব

মহান বিজয় দিবস উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠান পরিকল্পনা ৫৩

বাংলাদেশ বেতারের জাতীয় ও স্থানীয় সংবাদ ৭৪

বাংলাদেশ বেতার হতে প্রচারিত অনুষ্ঠানের দৈনিক সময়সূচি ৭৫

বাংলাদেশ বেতারের এফ এম ট্রান্সমিটারসমূহ ৭৮

কবিতা

স্বাধীনতা, উলঙ্গ কিশোর
নির্মলেন্দু গুণ ৮

শূন্যতায় শুরু
দিলারা হাফিজ ৮

আমার মায়ের নামে তোপধ্বনি
আবিদ আনোয়ার ১৪

আমাদের রাজকুমার ও বাংলাদেশ
অসীম সাহা ১৮

পিতা
নাসির আহমেদ ২৩

ডিসেম্বরের সকাল
সোহরাব পাশা ২৩

হৃদয় কাটা রক্তে আমরা স্বাধীনতা পেয়েছিলাম
শাহনাজ মুন্নী ২৩

মৃত্যুহীন সময়ের ঘোড়া
জহীর হায়দার ২৮

ঠিক তার নাম'ই বিজয়
কল্পনা সরকার ২৮

একটি লাল সবুজ পতাকার জন্য
শামীমা নাইস ৩১

আপোশহীন অভিমানে তুমি
শারমিনা জাহান ৩১

চেতনায় মুক্তিযুদ্ধ
পারভেজ বাবুল ৩৩

বিজয়ের পাদদেশে স্বদেশভূমি
বাশরী মহন দাস ৩৩

তরুপল্লব

বাবার গুলিবিদ্ধ জামা
অপু বড়ুয়া ৪০

স্বাধীনতার মানে
আরিফুল ইসলাম সাকিব ৪২

বিজয় মানে
অনিক মাযহার ৪২

খোকার ভাবনা
হুমায়ুন আবিদ ৪২

শীতের সকাল
মুহাম্মাদ শেখ মুসা ৪২

রহিমার স্বপ্ন
তারিকুল ইসলাম সুমন ৪৩

গতকাল থেকে বারবার ঘোষণা শুনছি আজ রেসকোর্স ময়দানে আত্মসমর্পণ অনুষ্ঠান হবে। চারদিকে ভোর থেকে হৈ চৈ, জয় বাংলার জয়ধ্বনি। আমরা ধানমণ্ডি ১৮ নম্বর রোডের এই বাড়িতে গত আট মাস ধরে বন্দি। সবসময় ঘরের ভেতর থাকতে হয়। বাইরের ধ্বনি ভেসে এলেই রাসেল পর্যন্ত আমাদের সঙ্গে কণ্ঠ মিলিয়ে চিৎকার করে ওঠে 'জয় বাংলা' বলে।

...

রেডিওতে আত্মসমর্পণের খবর শুনছি। সব আনুষ্ঠানিকতা শেষ হল। মিত্রবাহিনী ভারত ও মুক্তিবাহিনীর পক্ষে জেনারেল অরোরা উপস্থিত থেকে পাকিস্তানি সেনাবাহিনীর জেনারেল নিয়াজীকে আত্মসমর্পণ করালেন। রেসকোর্সে স্বাধীন বাংলার পতাকা বিজয়ের স্বাক্ষর বহন করে উড়ল।

...কি আনন্দ, কি উল্লাস- চোখে অশ্রু, মুখে হাসি, কণ্ঠে জয় বাংলা ধ্বনি প্রকম্পিত করছে ঢাকা শহর তথা গোটা বাংলাদেশকে। আর আমরা? আমরা নরকে বসে দেখছি হায়েনার শেষ কামড়, শেষ উল্লাস। আমাদের বন্দিশালা তখনো স্বাধীনতার স্বাদ থেকে বঞ্চিত, তার উপর তখনও পাকিস্তানি পতাকা উড়ছে।

...

আজ ১৭ ডিসেম্বর। সারারাত গুলি চালাবার পর একটু বিরতি। রমা এসে বলল, গেটে কয়েকজন বিদেশি সাংবাদিক এসেছিল, পাকসেনারা ওদের ঢুকতে দেয়নি। হাবিলদারটা ঘুমুচ্ছে তাই রক্ষে, নইলে ঠিক গুলি চালিয়ে দিত।

এর মধ্যেই দেখলাম ভারতীয় সৈন্যবাহিনী বাড়িটা ঘিরে ফেলেছে এবং পাকসেনাদের সারেন্ডার করবার জন্য চাপ দিচ্ছে। হাবিলদারকে ঘুম থেকে তোলা হল। সে কিছুতেই নমনীয় হবে না। আমরা সব সামনের কামরায় জানালার কাছে গিয়ে দাঁড়ালাম। সেখান থেকে গেট খুব কাছে, অনেক বাক-বেতণ্ডার পর পাকসেনারা সারেন্ডার করতে রাজি হল। তবে দুঘণ্টা সময় চায়। আমরা ভেতর থেকে প্রতিবাদ করলাম। মেজর অশোক নেতৃত্বে ছিলেন।

তাঁকে চিৎকার করে বললাম, ওদের যদি দুঘণ্টা সময় দেওয়া হয় তাহলে ওরা আমাদের হত্যা করবে। কাজেই ওরা যেন কিছুতেই চলে না যায়। আমাদের অনুরোধে ওরা ওদের অবস্থান নিয়ে থাকল এবং পাকসেনাদের আধঘণ্টা সময় দিল।

এত দুঃখের মধ্যেও মাঝে মাঝে এমন কিছু ঘটনা ঘটে যে হাসি চেপে রাখা যায় না। গেটে যে সেন্ট্রি দুজন ছিল ওরা দারুণভাবে কাঁপতে শুরু করল। এদিকে আমার মা জানালা দিয়ে ওদেরকে হুকুম দিচ্ছেন। ওর মধ্যে একজনের নাম ছিল পায়েন্দা খাঁ। মা ওকে নাম ধরে ডেকে সারেন্ডার করতে হুকুম দিলেন। সে কাঁপতে কাঁপতে পাশের ট্রেঞ্চে ঢুকে গেল। ওর সাথী আগেই ট্রেঞ্চে ঢুকে বসেছিল।

দরজা উন্মুক্ত। আমরা সব ঘর থেকে ছুটে বারান্দায় চলে এলাম, ওরা সব অস্ত্র ফেলে দিয়ে একে একে সারেন্ডার করে গেল। মা সঙ্গে সঙ্গে আবদুলকে হুকুম দিলেন পাকিস্তানি পতাকা নামিয়ে ফেলতে। পতাকাটি নামিয়ে মার হাতে দিতেই মা ওটাকে নিচে ফেলে পা দিয়ে মাড়াতে শুরু করলেন। তারপর ছিঁড়ে টুকরো টুকরো করে আগুন ধরিয়ে দিলেন। দুইপাশ থেকে জনতার ঢল নামল। সাংবাদিকরা ছুটে এলেন। মুক্ত হবার আনন্দের কান্নায় আমরা সবাই ভেঙে পড়লাম।

চোখে অশ্রু, মুখে হাসি, কণ্ঠে জয় বাংলা ধ্বনি, মনের সবটুকু আবেগ দিয়ে শ্লোগান দিয়ে চলছি- আর প্রতীক্ষায় কাল গুনছি। কখন আপনজনদের কাছে পাব। এ প্রতীক্ষা কেবল আমার নয়, প্রতিটি বাঙালির। তাদের নয়নের মণি মুজিবকে তারা কবে ফিরে পাবে। বিজয়ের এই আনন্দ তবেই তো পূর্ণতা লাভ করবে।

লড়াকু বাংলাদেশকে অভিবাদন

ড. আতিউর রহমান

একাত্তরে উত্তীর্ণ বাংলাদেশের অর্থনৈতিক উত্থানের উপাখ্যান এক কথায় অসামান্য। লড়াকু এই বাংলাদেশকে জানাই আন্তরিক অভিনন্দন। মাথা উঁচু করা এই বাংলাদেশ এখন বিশ্বের বিস্ময়। চলমান বিশ্ব অর্থনৈতিক সংকটকালেও বাংলাদেশ অন্যান্য দেশের চেয়ে অনেকটাই বেশি গতিময়। একেবারে শূন্য হাতে শুরু করে অদম্য এই বাংলাদেশ আজ যে অর্থনৈতিক উচ্চতায় পৌঁছেছে তার ব্যাখ্যা দেয়া মোটেও সহজ নয়। নিঃসন্দেহে এদেশের মুক্তিকামী জনগণের সংগ্রাম ও উদ্ভাবনের ফসল আজকের এই সক্ষম বাংলাদেশ। আর এর পেছনে আশা জাগানিয়া অনুপ্রেরণাদায়ী নেতৃত্বের জোর ভূমিকার কথা মানতেই হবে। সেকারণেই এ জাতির মনে স্থায়ীভাবে গেড়ে বসেছে লড়াই করে বাঁচার এক অসামান্য অনুপ্রেরণা। নেতৃত্বের কথা বলতে গেলেই সবাইকে ছাপিয়ে উঠে আসেন বাংলাদেশের আরেক নাম বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কথা। রাজনীতির অঙ্গণে তাঁর জীবনভর নিরন্তর জনকল্যাণের জন্য লেগে থাকা, জনগণের প্রতি তাঁর 'অক্ষয় ভালোবাসা' এবং 'করে করে শেখার' যে অদম্য বাসনার প্রতিফলন ঘটিয়েছেন সেটিই ছিল জাতি হিসেবে আমাদের এগিয়ে যাবার মূল শক্তি। সর্বক্ষণ ভেবেছেন কি করলে জনগণের মধ্যে লড়াকু এক মনের সঞ্চার করা যায়। নিজেও তিনি সাহসী ছিলেন। কখনোই মৃত্যুকে ভয় পেতেন না। সেই সাহস তিনি পুরো জাতির মনে ছড়িয়ে দিতে পেরেছিলেন। চ্যালেঞ্জ মোকাবেলা করে করেই তিনি এগিয়ে যেতেন। এ কথাটি তাঁর রাজনীতি ও দেশ পরিচালনায় সমানভাবে প্রযোজ্য। যা ভাবতেন তাই করতেন। তাই জনকল্যাণমুখী সকল ভাবনাকে তিনি নানা কর্মসূচির মাধ্যমে বাস্তবে রূপায়নের উদ্যোগ নিয়েছেন। তাঁর এই উদ্যোগী ভূমিকার সন্ধান পাই আমরা ভাষা আন্দোলন থেকে শুরু করে চুয়ান্নর যুক্তফ্রন্টের নির্বাচন পরিচালনা, ছেষট্টির ছয়-দফা কর্মসূচি প্রণয়ন ও তার প্রচারণায়, জেলে বসেও জাতিকে সাহস ও দিশা দেয়া এবং প্রাদেশিক মন্ত্রী হিসেবে পূর্ব বাংলার কৃষক ও উঠতি শিল্প উদ্যোক্তা ও ব্যবসায়ীদের জন্য নতুন নতুন সুযোগ সৃষ্টি করার মতো নানামুখী কর্মকাণ্ডের মাঝে। সেই অর্থে তিনি ছিলেন এক ব্যতিক্রমী নেতা। ছিলেন তিনি অভাজনের নেতা। অভিজনদের নেতৃত্বের পথরেখা থেকে সরে এসে ভিন্ন এক অভাজনমুখী রাজনীতির সূচনা তিনি করেছিলেন বলেই তিনি হতে পেরেছিলেন বঙ্গবন্ধু। তিনি কেমন

বাংলাদেশ চেয়েছিলেন তার ইঙ্গিত রেখে গেছেন তাঁর ভাষণে, ডায়েরিতে, 'অসমাপ্ত আত্মজীবনী'তে, সংবিধানে, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায়, কুদরত-ই-খুদা শিক্ষা কমিশনে এবং বিশেষ করে তাঁর দ্বিতীয় বিপ্লবের রূপরেখায়। দুর্নীতিমুক্ত, সামাজিক দায়বদ্ধ এবং সাম্যের বাংলাদেশ গড়ার তীব্র আকাঙ্খার কথা তিনি তাঁর প্রতিটি কথায়, নীতিতে এবং দলিলে রেখে গেছেন। পরাধীন একটি জাতিকে স্বাধীনতার পথে টেনে এনেই তিনি ক্ষান্ত হননি। একই সঙ্গে মাত্র সাড়ে তিন বছরের দেশ পরিচালনায় তিনি হাতে-কলমে দেখিয়ে দিয়ে গেছেন কি করে চ্যালেঞ্জ মোকাবেলা করে ধীরে ধীরে সামনের দিকে এগোতে হয়। জাতির দুর্ভাগ্য তাঁর সেই নান্দনিক নেতৃত্বের স্পর্শ বিশ্বাসঘাতকের দল খুব বেশি দিন পেতে দেয়নি। তবে তাঁর স্বপ্ন ও কর্মের রূপরেখাকে সম্বল করেই এগিয়ে চলেছে আজকের বাংলাদেশ বঙ্গবন্ধুকন্যার হাত ধরে। অস্বীকার করার উপায় নেই যে: "তাঁর রক্তে এই মাটি উর্বর হয়েছে/ সবচেয়ে রূপবান দীর্ঘাঙ্গ পুরুষ/ তাঁর ছায়া দীর্ঘ হ'তে হ'তে/ মানচিত্র ঢেকে দ্যায় সস্নেহে, আদরে/ তাঁর রক্তে প্রিয় মাটি উর্বর হয়েছে-/ তাঁর রক্তে সবকিছু সবুজ হয়েছে।"- (রফিক আজাদ, 'এই সিঁড়ি')

বাংলাদেশের মানুষ ও মাটিকে তিনি বড্ড ভালোবাসতেন। সর্বক্ষণ তাঁর প্রিয় বাংলাদেশের সমৃদ্ধি কামনা করতেন। যুদ্ধ-বিধ্বস্ত নিঃস্ব বাংলাদেশ। তবু তিনি তার সমৃদ্ধির স্বপ্নে বিভোর। তাইতো ১৯৭২ সালের ২৬ মার্চ জাতীয় মহিলা ক্রীড়া সংস্থা আয়োজিত আজিমপুর বালিকা বিদ্যালয়ের এক অনুষ্ঠানে তাঁর অন্তরের গহীনতম তল থেকে উচ্চারণ করেছিলেন, "কত কঙ্কাল, কত আর্তনাদ, কত হাহাকার। কবে যে ওদের মুখে হাসি ফুটাতে পারব জানি না। শুধু এতটুকু জানি, বাংলার মানুষের ভালোবাসা যেন আমার জীবনের পাথেয় হয়ে থাকে। সেই আশীর্বাদ আপনারা করেন। আমি যদি বুঝতে পারি যে বাংলার মানুষ যে ভালোবাসা আমাকে দিয়েছে, সে ভালোবাসা থেকে যদি এতটুকু দূরে সরে যাই, আপনারা বিশ্বাস রাখতে পারেন, সেদিন আমি আপনাদের প্রধানমন্ত্রী থাকব না। প্রধানমন্ত্রীত্বের জন্য আমি এই স্বাধীনতার সংগ্রাম করি নাই। আপনারা অনেকেই জানেন প্রধানমন্ত্রী আমি হতে পারতাম অনেকবার। আমি চেয়েছিলাম সুখী সমৃদ্ধশালী শোষণহীন বাংলাদেশ।" এর আগেও তিনি বিশ্ববাসীকে জানিয়েছিলেন তিনি কেমন বাংলাদেশ চেয়েছিলেন। বন্দি-জীবন শেষে লন্ডন হয়ে তিনি স্বাধীন বাংলাদেশে ফেরার পথে কিছুক্ষণের জন্য থেমেছিলেন নয়াদিল্লিতে। সেখানে এক সাংবাদিকের প্রশ্নের জবাবে উচ্চারণ করেছিলেন যে তিনি 'শান্তি, প্রগতি ও সমৃদ্ধির বাংলাদেশ' গড়তে চান। একই দিন বিকেলে ঢাকায় রেসকোর্স ময়দানে লক্ষ জনতার সামনে তিনি আবেগঘন ভাষায় বলেছিলেন "যদি দেশবাসী খাবার না পায়, যুবকরা চাকরি বা কাজ না পায়, তাহলে স্বাধীনতা ব্যর্থ হয়ে যাবে- পূর্ণ হবে না।" এর পরপরই তিনি আরও বলেছিলেন যে 'বাংলাদেশ একটি আদর্শ রাষ্ট্র হবে' যেখানে 'একটি লোককেও আর না খেয়ে মরতে দেয়া হবে না। সকল রকমের ঘুষ লেনদেন বন্ধ করতে হবে।' সাধারণ মানুষের এই অর্থনৈতিক তথা সার্বিক মুক্তির আকাঙ্ক্ষাই ছিল তাঁর সারাজীবনের মৌল বাসনা। এর প্রকৃষ্ট প্রতিফলন দেখতে পাই তাঁর দেয়া আরেক ভাষণে: "আমি কি চাই? আমি চাই আমার বাংলার মানুষ পেটভরে ভাত খাক। আমি কি চাই? আমার বাংলার বেকার কাজ পাক। আমি কি চাই? আমার বাংলার মানুষ সুখী হোক।" (১৯৭২ সালের ০৯ মে রাজশাহী মাদ্রাসা প্রাঙ্গণে দেয়া বঙ্গবন্ধুর ভাষণ থেকে)

তাঁর অন্তরের এই গভীর আকুতিই প্রতিফলিত হয়েছে তাঁর নেয়া বাংলাদেশের অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের নানা পরিকল্পনা ও নীতি কাঠামোতে। সেই নেতৃত্বের পরম্পরায় বঙ্গবন্ধুকন্যা বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন বঙ্গবন্ধুর স্বপ্নের সীমানায়।

আছে দুঃখ। আছে কষ্ট। আছে সীমাহীন অপ্রাপ্তি। তবুও বুকে সব কষ্ট চেপে স্বদেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন বঙ্গবন্ধুকন্যা জাতির পিতার আরাধ্য সোনার বাংলা অর্জনের লক্ষ্য সামনে রেখে। মাঝখানে বঙ্গবন্ধুবিহীন বাংলাদেশে নেমে এসেছিল চরম হতাশা, বিভাজন ও স্বাধীনতা-বিরোধী অপচেষ্টা। অনেক ত্যাগ ও তিতিক্ষার বিনিময়ে ফের বাংলাদেশ ফিরে এসেছে মুক্তিযুদ্ধের পথরেখায়। এখনও আছে অন্যায়, অনাচার, অধিকার ও দুর্নীতি। কিন্তু শরতের কালো মেঘের পাশাপাশি রয়েছে কাশবনের উপরিভাগের মতো অনেক সাদা মেঘ। রয়েছে অনেক অর্জন। আজকের বড়ো চ্যালেঞ্জ হচ্ছে ঐসব কালো মেঘকে সুনীতি ও সুকর্ম দিয়ে কী করে ঢেকে ফেলা যায়। বাংলাদেশের 'ডিএনএনএ'র মধ্যে আছে বঙ্গবন্ধুর দেয়া মুক্তির জন্য লড়াই করে এগিয়ে চলার বাসনা। আর সেই 'ফাইটিং স্পিরিট' বা সামাজিক পুঁজিকে সম্বল করেই এগিয়ে চলেছে দুর্বার বাংলাদেশ। বিগত একান্ন বছরে বাংলাদেশ অনেক শিখেছে। করে করে এই শেখার মূল্য অনেক।

বঙ্গবন্ধু যা বলতেন তাই করতেন। সেকারণেই স্বদেশ প্রত্যাবর্তনের পর কালমাত্র বিলম্ব না করে তিনি নেমে পড়েছিলেন বাংলাদেশের সব মানুষের উন্নয়নের এক অসামান্য অভিযাত্রায়। সদ্য স্বাধীন দেশে ছিল না কোনো প্রতিষ্ঠান। ছিল না কেন্দ্রীয় সরকার। ছিল না এক ডলারও রিজার্ভে। ছিল না আইন-কানুনের তেমন কোনো ভিত্তি। ছিল মানুষের আকাশছোঁয়া চাওয়া। তারুণ্যের অসম্ভব প্রাপ্তির আকাঙ্ক্ষা। ছিল সামাজিক অশান্তি সৃষ্টির নানা উস্কানি। এতো সব চ্যালেঞ্জ মোকাবেলা করে সহনেতাদের সঙ্গে নিয়ে অল্প সময়ের মধ্যে তিনি অসাধ্য সাধন করেছিলেন। পর্যবেক্ষকদের সকল তাচ্ছিল্য ও হতাশাজনক ভবিষ্যদ্বাণীকে ভুল প্রমাণ করে তিনি বাংলাদেশকে উন্নয়নের 'মেঠোপথ' থেকে 'মহাসড়কে' যুক্ত করতে সক্ষম হয়েছিলেন। শুরুতে মাইনাস গ্রোথ, পরবর্তী সময়ে বিপুল খাদ্যঘাটতি, দারিদ্র্য, প্রাকৃতিক দুর্যোগ, আন্তর্জাতিক বিশেষ মহলের খাদ্য সাহায্য-কেন্দ্রিক নষ্ট কূটনীতি এবং অস্থির ও বিভাজনের রাজনীতি মোকাবেলা করেই তিনি বাংলাদেশকে এক সুস্থিতির পথে নিয়ে এসেছিলেন। একই সঙ্গে বিশ্বদরবারে প্রতিষ্ঠিত করেছিলেন সদ্যজাত বাংলাদেশকে। বাহাত্তরের তিরানব্বই ডলারের মাথাপিছু আয়কে তিনি পঁচাত্তরেই ২৭৩ ডলারে উন্নীত করতে পেরেছিলেন। কৃষি ও শিল্প- দুই পায়ে ভর করেই তিনি এগিয়ে যাচ্ছিলেন ভারসাম্যপূর্ণ অর্থনৈতিক কৌশল অনুসরণ করে। রাস্তাঘাট নির্মাণ, শরণার্থীদের পুনর্বাসন, রেশনিং ব্যবস্থা চালু করে খাদ্য নিরাপত্তার চ্যালেঞ্জ মোকাবেলা, আর্থিক প্রতিষ্ঠানগুলো পুনর্নির্মাণসহ কতো কিছুই না তিনি অল্প সময়ের মধ্যে সম্পন্ন করেছিলেন। শিল্পের রাষ্ট্রীয়করণ চলমান বাস্তবতায় অবধারিত ছিল। তবুও তিনি শেষদিকে ব্যক্তিখাতের প্রসারের দুয়ার খুলে দিয়েছিলেন। রাষ্ট্রীয়খাত, সমবায় ও ব্যক্তিখাতকে একই সূতোয় গেঁথে তিনি তাঁর মতো করে উন্নয়ন কৌশলের গোড়াপত্তন করেছিলেন।

পরবর্তী সময়ে বঙ্গবন্ধুকন্যাও সামাজিক দায়িত্ববোধ বজায় রেখেও বাজার অর্থনীতির বিকাশে মনোযোগী হন। বঙ্গবন্ধুর মতোই কৃষিতে ব্যাপক বিনিয়োগ করে এই খাতকে আধুনিক ও বহুমুখী করে চলেছেন। রপ্তানি ও প্রবাসী আয়ের প্রসারে বিশেষ মনোযোগ দিচ্ছেন। ডিজিটাল বাংলাদেশ গড়ার অভিযানে তিনি অসামান্য নেতৃত্ব দিচ্ছেন। মেগাপ্রকল্প ছাড়াও গ্রাম-পর্যায়ে রাস্তাঘাট, বিদ্যুৎ ও সামাজিক অবকাঠামো নির্মাণে তিনি মনোযোগ দিচ্ছেন। এমনকি সাব-মেরিন ক্যাবল ব্যবহার করে চরাঞ্চলে বিদ্যুৎ পৌঁছে দিচ্ছেন। আর সেকারণেই করোনা মহামারি সত্ত্বেও বাংলাদেশ বর্তমানে প্রায় সাত শতাংশের মতো হারে প্রবৃদ্ধি অর্জন করে চলেছে। সংকট সত্ত্বেও ধীরে ধীরে অর্থনীতি তার পুরোনো গতি ফিরে পাচ্ছে। গত এক দশকেরও বেশি সময় ধরে বাংলাদেশ মাথাপিছু আয় বৃদ্ধির বিচারে এশিয়ায় এক নম্বর দেশ হিসেবে বাংলাদেশ স্বীকৃত। পঁচাত্তরের পর যতো প্রবৃদ্ধি হয়েছে বাংলাদেশে তার ৭৩ শতাংশই অর্জিত হয়েছে বিগত এক যুগে। আধুনিক ও বহুমুখী কৃষি, বাড়ন্ত প্রবাসী আয় এবং মূলত পোষাকশিল্পের ওপর ভর করে ক্রমবর্ধমান রপ্তানি আয় বাংলাদেশের এই প্রবৃদ্ধির গতিময়তা ধরে রেখেছে। এর সাথে যুক্ত হয়েছে ডিজিটাল অর্থনীতির দ্রুত প্রসারের নয়া সম্ভাবনা। আর এসবের পেছনে শক্তি যোগাচ্ছে বাংলাদেশের অবিশ্বাস্য ম্যাক্রো-অর্থনৈতিক শক্তিমত্তা। যার প্রকাশ দেখতে পেয়েছিলাম স্থিতিশীল মূল্যস্ফিতি, টাকার বিনিময় হার এবং আট মাসের আমদানী মূল্যের সমান বৈদেশিক মুদ্রার মজুত। হালে এসব সূচকের যে অবনতি তা স্বীকার করতে কারোরই অসুবিধা হবার কথা নয়। সারাবিশ্বেই যে বইছে মন্দার পরম হাওয়া। কভিড-উত্তর বাংলাদেশে খুলে যাওয়া অর্থনীতিতে খুব স্বাভাবিক নিয়মেই হঠাৎ আমদানির পরিমাণ বেড়ে গেছে। ফলে ডলারের চাহিদা বেড়েছে। ডলার-টাকা বিনিময় হারে বেশ খানিকটা টানাপোড়ন দেখা দিয়েছে। আশা করছি সাময়িক এই সমস্যা কেটে যাবে। প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগও বাড়ছে। করোনা মহামারির মধ্যে বাংলাদেশের অর্থনীতির এই শক্তিবলেই বিপুল অংকের প্রণোদনা প্যাকেজ ঘোষণা ও বাস্তবায়ন করতে পেরেছেন মাননীয় প্রধানমন্ত্রী। নিজের অর্থে শুধু পদ্মা সেতুই গড়েছে না, সারাবিশ্ব থেকে করোনার টিকাও সংগ্রহ করেছে সাহসী বাংলাদেশ। স্বাস্থ্যখাতে অর্থ খরচ করতে কখনোই দ্বিধা করেনি বাংলাদেশ। তাই কভিড থেকে উত্তরণে বাংলাদেশ বিশ্বকে তাক লাগিয়ে দিতে পেরেছে।

অর্থনৈতিক সূচকগুলোর বাইরেও বাংলাদেশের সামাজিক অগ্রগতির সূচকসমূহও লক্ষ্য করার মতো। গড় জীবনের আয়ু এখন ৭৩ বছর। শিশুমৃত্যু ও মাতৃমৃত্যুর হার কমে উন্নয়নশীল দেশগুলোর গড়ের অর্ধেকে নেমে এসেছে। দারিদ্র্যের হার বিশ শতাংশের আশেপাশেই। অর্থনৈতিক বৈষম্য বাড়লেও ভোগ-বৈষম্য অনেকটাই স্থিতিশীল। পদ্মা সেতু সম্পন্ন হয়েছে। অন্যান্য মেগাপ্রকল্পগুলো সম্পন্ন হবার পথে। তাই আগামীতে প্রবৃদ্ধি ও কর্মসংস্থান আরও বাড়বে। বর্তমানে প্রবৃদ্ধির হার কিছুটা মন্থর। এ নিয়ে বিব্রত হবার কোনো কারণ নেই। কেননা সারাবিশ্বেই চলছে অর্থনীতির ব্যাপক সংকোচন। ইতোমধ্যে উন্নয়নশীল দেশে উন্নীত বাংলাদেশ এখন উচ্চ-মধ্য আয়ের দেশে পরিণত হতে চাইছে। এরপর তার লক্ষ্য উন্নত দেশ হবার। টেকসই উন্নয়ন লক্ষ্য পূরণে বাংলাদেশ বিশ্বসেরা। যদি রাজনৈতিক অস্থিরতা, অনৈতিকতা এবং সামাজিক অশান্তি নিয়ন্ত্রণে রেখে উন্নয়ন অভিযাত্রা অক্ষুন্ন রাখা যায় তাহলে বাংলাদেশ নিশ্চয় তার আগামীর স্বপ্ন পূরণ করতে সক্ষম হবে। স্বল্পোন্নত থেকে উন্নয়নশীল বাংলাদেশে খাদ্য উৎপাদন বেড়েছে ৪ গুণ। গত একান্ন বছরে জিডিপি বেড়েছে ৫১ গুণ, বাজেট বেড়েছে ৭৬৩ গুণ, রপ্তানি বেড়েছে আটশ গুণেরও বেশি। অর্থনৈতিক এই অসাধারণ অগ্রগতির ভিত্তির ওপর দাঁড়িয়েই আমরা এখন আগামীদিনের পথনকশা আঁকছি। সেই স্বপ্ন পূরণের জন্যই আমাদের নীচের নীতি-উদ্যোগগুলো নিষ্ঠার সাথে পূরণ করতে হবে:

১. ভোগ স্থিতিশীলতা ও অভ্যন্তরীণ চাহিদা বজায় রাখার চলমান স্বদেশি উন্নয়ন-কৌশল অব্যাহত রাখতে হবে।

২. শিক্ষা, স্বাস্থ্য ও সামাজিক সুরক্ষার ওপর আরও জোর দিয়ে মানুষের ওপর বাড়তি বিনিয়োগ করে যেতে হবে।

৩. কৃত্রিম বুদ্ধিমত্তা, রবোটিক্স, বড় মাপের ডাটা ব্যবস্থাপনার জন্য মানবপুঁজির দক্ষতা অর্জনে বিশেষ মনোযোগ অব্যাহত রাখতে হবে।

৪. বর্তমান রপ্তানিখাতের প্রতি সমর্থন অব্যাহত রেখেই অন্যান্য সম্ভাব্য রপ্তানিখাতে বাজেট ও মুদ্রানীতির সমর্থন বাড়াতে হবে।

৫. পর্যটন ও বিনোদন শিল্পের বিকাশে সমর্থন আরও বাড়াতে হবে।

৬. খাদ্য-প্রক্রিয়াজাতকরণ শিল্পে আরও সমর্থনের অংশ হিসেবে এসএমই ও বিদেশি বিনিয়োগের ওপর সমর্থন আরও বাড়াতে হবে। বাংলাদেশ ব্যাংক এরই মধ্যে এদিকে নজর দিতে শুরু করেছে।

৭. তথ্যপ্রযুক্তি শিল্পকে আমাদের দ্বিতীয় 'পোষাক শিল্পে' পরিণত করতে হবে। এরসাথে সংশ্লিষ্ট ক্ষুদে ও মাঝারি ডিজিটাল উদ্যোক্তাদের বাড়তি প্রণোদনা দিতে হবে। আউটসোর্সিং-এ নিয়োজিত উদ্যোক্তাদের বাড়তি লেনদেন ও প্রণোদনার সুযোগ দিতে হবে।

৮. টেকসই সবুজ নগরায়নে মনোযোগ দিয়ে রাজশাহীর মতো সবুজ নগরী গড়ে তুলতে হবে।

৯. আঞ্চলিক ও বৈশ্বিক সরবরাহ চেইনে বাংলাদেশকে দ্রুত সংযুক্ত করতে হবে।

১০. দেশের ভেতরে এবং বাইরের সাথে আমাদের উদ্যোক্তাদের সংযোগ আরও বাড়ানোর জন্য সবধরনের নীতি-সহায়তা দিয়ে যেতে হবে।

১১. মেগাপ্রকল্পগুলোই হবে আমাদের প্রবৃদ্ধি ও কর্মসংস্থানের মূল ক্ষেত্র। তাই এসব অবকাঠামো যাতে দ্রুত বাস্তবায়ন করা যায় সেদিকে নীতি-মনোযোগ বাড়াতে হবে। একটি শেষ করেই আরেকটির বাস্তবায়নে হাত দিতে হবে।

১২. বিদ্যুৎসহ সকল অবকাঠামোকেই সবুজ প্রবৃদ্ধি সহায়ক করার জন্য মনোযোগ আরও বাড়ানোর প্রয়োজন রয়েছে।

১৩. কর-জিডিপি অনুপাত দ্বিগুণ করার উদ্যোগ নিতে হবে। আন্তর্জাতিক উন্নয়ন ও আর্থিক প্রতিষ্ঠানের কাছ থেকে দীর্ঘমেয়াদী বিনিয়োগের অর্থ সংগ্রহ এবং স্মার্ট বাণিজ্য-কূটনীতিকে প্রাধান্য দিতে হবে। বাংলাদেশ হালে এসব দিকে নজর দিচ্ছে।

১৪. স্বদেশি শিল্পায়নকে মদদ দিয়ে জলবায়ু সহায়ক 'মেইড ইন বাংলাদেশ' স্লোগানকে কার্যকর করা জরুরি।

বঙ্গবন্ধুর সুদূরপ্রসারী নীতি-ভাবনা থেকে শিক্ষা নিয়ে ধাপে ধাপে খাপ খাওয়ানো নীতি গ্রহণের অভিজ্ঞতাকে সম্বল করে আগামী দিনেও রাষ্ট্র, বাজার ও সমাজকে একই সূতোয় বেঁধে আমাদের রূপান্তরবাদী নীতি গ্রহণের সংস্কৃতিকে আরও জোরদার করে যেতে হবে। আর তাহলেই সোনার বাংলা নির্মাণের লক্ষ্য আমাদের পূর্ণ হবে। আর আমাদের স্বপ্নের এই উন্নয়ন অভিযাত্রাতেও বঙ্গবন্ধুই থাকবেন আমাদের চিরসাথী হিসেবে। কেননা তিনিই যে বাংলাদেশের আরেক নাম। নিঃসন্দেহে চলমান সংকটে বাংলাদেশ খানিকটা চাপের মুখে রয়েছে। তবে বঙ্গবন্ধুই আমাদের শিখিয়েছেন সংকট মোকাবেলা করে কী করে সম্ভাবনার পথে হাঁটতে হয়। তিনি যে আমাদের অস্তিত্বের প্রতীক। তাঁর নামেই যে প্রতিদিন প্রকৃতি নিত্য নতুন কবিতা লেখে। তাই শেষ করছি মহাদেব সাহা'র কবিতার কয়েকটি লাইন দিয়ে: "আমি আমার সমস্ত কবিত্ব শক্তি উজাড় করে/যে-কবিতা লিখেছি তার নাম শেখ মুজিব, এই মুহূর্তে আর কোনো নতুন কবিতা লিখতে পারবো না আমি/কিন্তু এই যে প্রতিদিন বাংলার প্রকৃতিতে ফুটছে নতুন ফুল শাপলা-পদ্ম-গোলাপ- সেই/গোলাপের বুক জুড়ে/ফুটে আছে মুজিবের মুখ/এ দেশের প্রতিটি পাখির গানে মুজিবের প্রিয় নাম শুনি, মনে হয় এরা সকলেই আমার/চেয়ে আরো বড়ো কবি/শেখ মুজিবের নামে প্রতিদিন লেখে তারা নতুন কবিতা/মুজিব গোলাপ হয়ে ফোটে, লাল পদ্ম হয়ে ফোটে/হৃদয়ে হৃদয়ে;/আমার না-লেখা প্রতিটি নতুন কবিতা জুড়ে গাঁথা আছে তার নাম, তার মুখচ্ছবি/লিখি বা না-লিখি শেখ মুজিব বাংলাভাষায় প্রতিটি নতুন কবিতা।"

সেই অবিনাশী কবিতার মৌল চেতনায় সিক্ত হয়ে এগিয়ে যাবে বাংলাদেশ।

লেখক: অধ্যাপক, উন্নয়ন অধ্যয়ন বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয় ও সাবেক গভর্নর,
বাংলাদেশ ব্যাংক

স্বাধীনতা, উলঙ্গ কিশোর

নির্মলেন্দু গুণ

জননীর নাভিমূল ছিঁড়ে উলঙ্গ শিশুর মত
বেরিয়ে এসেছো পথে, স্বাধীনতা, তুমি দীর্ঘজীবী হও।
তোমার পরমায়ু বৃদ্ধি পাক আমার অস্তিত্বে, স্বপ্নে,
প্রাত্যহিক বাহুর পেশীতে, জীবনের রাজপথে,
মিছিলে মিছিলে; তুমি বেঁচে থাকো, তুমি দীর্ঘজীবী হও।
তোমার হা-করা মুখে প্রতিদিন সূর্যোদয় থেকে
সূর্যাস্ত অবধি হরতাল ছিল একদিন,
ছিল ধর্মঘট, ছিলো কারখানার ধুলো।
তুমি বেঁচেছিলে মানুষের কলকোলাহলে,
জননীর নাভিমূলে ক্ষতচিহ্ন রেখে
যে তুমি উলঙ্গ শিশু রাজপথে বেরিয়ে এসেছো,
সে-ই তুমি আর কতদিন 'স্বাধীনতা, স্বাধীনতা' বলে
ঘুরবে উলঙ্গ হয়ে পথে পথে সম্রাটের মতো?
জননীর নাভিমূল থেকে ক্ষতচিহ্ন মুছে দিয়ে
উদ্ধত হাতের মুঠোয় নেচে ওঠা, বেঁচে থাকা
হে আমার দুঃখ, স্বাধীনতা, তুমিও পোশাক পরো;
ক্ষান্ত করো উলঙ্গ ভ্রমণ, নয়তো আমারো শরীর থেকে
ছিঁড়ে ফেলো স্বাধীনতা নামের পতাকা।
বলো উলঙ্গতা স্বাধীনতা নয়,
বলো দুঃখ কোনো স্বাধীনতা নয়,
বলো ক্ষুধা কোন স্বাধীনতা নয়,
বলো ঘৃণা কোন স্বাধীনতা নয়।
জননীর নাভিমূল ছিন্ন-করা রক্তজ কিশোর তুমি
স্বাধীনতা, তুমি দীর্ঘজীবী হও। তুমি বেঁচে থাকো
আমার অস্তিত্বে, স্বপ্নে, প্রেমে, বল পেন্সিলের
যথেচ্ছ অক্ষরে,
শব্দে,
যৌবনে,
কবিতায়।

শূন্যতায় শুরু

দিলারা হাফিজ

গভীর শূন্যতা বুকে নিয়ে ফিরে
এসেছিলে তুমি,
ধর্ষিতা বোনের লাশ ছুঁয়ে কেঁদে
কেঁদে ফিরেছিলে
বাতাসের মতো একা, যেন
যুদ্ধক্ষেত্রে বীর তুমি
নিজস্ব ক্ষতের দায় নিয়ে
নিজ বাসভূমে একা;
সোনাভাই বলে আর কোনোদিন
ডাকবে না কেউ
চুলে তার কলাবেণী ফোটাবে না
আর লাল ফুল,
ঝুমকো ফলের ফুল্ল নূপুর
বাজবে না দু'পায়ে
জোনাকির মতো ফিরে কেউ
আসে না আঁধারে
জানি, বোন, তুমি ঠিক ফিরে
আসো স্বপ্নে, পতাকা;
আমাদের স্বাধীনতা বুকে নিয়ে
সূর্যোদয়ে আসো
এসো তুমি একবার, বঙ্গবন্ধুর
দুহিতারূপে,
দেখবে এদেশে নেই আর
খুনিদের পাপাচার
আসো যদি তুমি, গোলা ভরে
যাবে সোনার ফসলে
আকাশ কাঁদিয়ে তবে বৃষ্টি হবে
বিজয় দিবসে।

একাত্তরের যুদ্ধ: রাশিয়া কীভাবে নিক্সনের গানবোট-কূটনীতি পণ্ড করে দিয়েছিল

মূল: রাকেশ কৃষ্ণান সিম্‌হা

অনুবাদ: মুস্তাফা মাসুদ

[১৯৭১ সালে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের সময় ভারত সরাসরি বাংলাদেশকে সমর্থন করে এবং সামরিক ও মানবিক সহায়তা প্রদান করে। এ যুদ্ধে তৎকালীন রুশ সরকারও মুক্তিযুদ্ধের প্রতি সমর্থন জানায় ও সহযোগিতার হাত প্রসারিত করে। বস্তুত ভারত ও রাশিয়ার মতো দুই প্রভাবশালী মিত্রশক্তির নানামাত্রিক সাহায্য-সহযোগিতা বাঙালির মুক্তিসংগ্রামকে ভিন্নতর গতি ও শক্তি প্রদান করে। অন্যদিকে মার্কিন যুক্তরাষ্ট্রের তৎকালীন সরকার নির্লজ্জভাবে হানাদার পাকিস্তানকে সমর্থন ও সহযোগিতা করে। তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট রিচার্ড নিক্সন ও পররাষ্ট্রমন্ত্রী হেনরি কিসিঞ্জারের সে সময়কার বাংলাদেশবিরোধী ভূমিকা এবং স্বৈরশাসক ইয়াহিয়া খান তথা সামরিক জান্তার প্রতি অকুণ্ঠ সমর্থন আজ ইতিহাসের কালো অধ্যায় হিসেবে স্বাধীনতা ও গণতন্ত্রপ্রিয় প্রতিটি মানুষের কাছে নিন্দিত-ধিকৃত। বাংলাদেশের মুক্তিযুদ্ধ যখন তুঙ্গে, তখন দিশেহারা পাকিস্তান ৩ ডিসেম্বর, ১৯৭১ ভারতের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে এবং ভারতও সে আক্রমণের জবাব দেয়া শুরু করে। মাত্র ১৩ দিনের এই স্বল্পকালীন যুদ্ধটি এবং বাংলাদেশের মুক্তিযুদ্ধসহ সার্বিক সামরিক আয়োজন শেষ হয় ১৬ ডিসেম্বর যৌথবাহিনীর কাছে পাকিস্তানি সেনাদের আত্মসমর্পণের মধ্য দিয়ে। প্রায় দু' সপ্তাহের এই যুদ্ধটি স্বতন্ত্রভাবে 'ভারত-পাকিস্তান যুদ্ধ' নামে ইতিহাসে পরিচিত হলেও এটি আসলে বাংলাদেশের মুক্তিযুদ্ধেরই প্রত্যক্ষ ফলশ্রুতি এবং এটি ছিলো পাকিস্তানের এক হীন সামরিক দাবাখেলা। বাংলাদেশের মুক্তিযুদ্ধকে ভারত-পাকিস্তান যুদ্ধের ডামাডোলের আড়ালে ফেলে আন্তর্জাতিক বিশ্বের কাছে ভিন্নতর 'মেসেজ' দেয়ার জন্য পাকিস্তান এ হঠকারী আক্রমণ পরিচালনা করে- যাতে বাংলাদেশের মুক্তিযুদ্ধ বৃহত্তর তাৎপর্য ও উপযোগিতা হারায়; বিশ্বদৃষ্টি 'ভারত-পাকিস্তান যুদ্ধ'র প্রতি নিবদ্ধ হয় এবং সে যুদ্ধ থামানোর লক্ষ্যে আন্তর্জাতিক প্রচেষ্টা জোরদার করার সুযোগ হয়, আর বাঙালির মহান মুক্তিযুদ্ধ 'গৃহযুদ্ধ'র প্রপাগাণ্ডার নিচে চাপা পড়ে যায়। কিন্তু সেই কূটপ্রচেষ্টা যে সফল হয়নি, আজকের স্বাধীন বাংলাদেশই তার প্রকৃষ্ট প্রমাণ।

৩ ডিসেম্বর, ১৯৭১ ভারত পাকিস্তানের বিরুদ্ধে প্রকাশ্য যুদ্ধে অংশ নেয়ায় মার্কিন প্রেসিডেন্ট নিক্সন এতটাই বেপরোয়া, অস্থির আর নৃশংস হয়ে ওঠেন যে, পাকিস্তানের নিরাপত্তা নিশ্চিত করাসহ পূর্বাঞ্চলে বিপর্যস্ত পাকিস্তানি হানাদার বাহিনীকে

সহায়তা প্রদান এবং মুক্তিযুদ্ধের প্রধান মিত্রশক্তি ভারতের বাহিনীসহ মুক্তিবাহিনীকে পর্যুদস্ত করার লক্ষ্যে তিনি বঙ্গোপসাগরে সপ্তম নৌবহর মোতায়েনের জন্য তা সাগর-পথে রওনা করিয়ে দেন; এই নৌবহর টনকিন উপসাগর পর্যন্ত পৌঁছে। ওদিকে মার্কিন-প্ররোচনায় ব্রিটেনও যুদ্ধজাহাজ প্রেরণ করে ভারতীয় লক্ষ্যবস্তুতে আঘাত হানার জন্য। এমতাবস্থায় ভারত বন্ধুদেশ রাশিয়ার নৌশক্তির সহায়তা কামনা করে। এই সংকটজনক সময়ে রাশিয়া কীভাবে মার্কিন গানবোট-কূটনীতিকে পণ্ড করে দিয়েছিল; আর কেন সপ্তম নৌবহর এবং ব্রিটেনের যুদ্ধজাহাজ যথাস্থানে পৌঁছতে পারেনি- সে বিষয়ে নানা অজানা কাহিনি এবং কূটনৈতিক মারপ্যাঁচের জটিল ঘটনাবলির বিশ্লেষণ পাওয়া যাবে এই প্রবন্ধে। মূল প্রবন্ধটির নাম: **1971 War: How Russia sank Nixon's gunboat diplomacy**, (শিরোনাম ধরে গুগলে সার্চ দিলেই মূল লেখাটি দেখা যাবে।) বাংলাদেশের ইতিহাসের, বিশেষ করে মুক্তিযুদ্ধের ইতিহাসের প্রেক্ষাপটে অত্যন্ত মূল্যবান বিবেচনা করে প্রবন্ধটির অনুবাদ এখানে তুলে ধরা হলো। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, ৩ ডিসেম্বর পাকিস্তান কর্তৃক ভারত আক্রমণ এবং ভারতের পক্ষ থেকে তার কঠোরতর প্রত্যুত্তর প্রদানের পরই মার্কিন যুক্তরাষ্ট্র তার 'গানবোট-কূটনীতি' একেবারে সামনে নিয়ে আসে এবং মিত্র ব্রিটেনকে তার সাথে নেয়। এ কারণে লেখাটিতে স্বভাবতই বাংলাদেশের মুক্তিযুদ্ধের বৃহত্তর প্রেক্ষাপট বা অন্যবিধ বিবরণ নেই। ৩ ডিসেম্বর, '৭১-এ ঘোষিত এবং দৃশ্যমান ভারত-পাকিস্তানের মধ্যকার ১৩ দিনব্যাপী স্বতন্ত্র এই যুদ্ধটি বাংলাদেশের মুক্তিযুদ্ধের জন্য এক গুরুত্বপূর্ণ টার্নিং পয়েন্ট। কিন্তু সচরাচর এ বিষয়টি নিয়ে বিস্তারিত পর্যালোচনা-বিশ্লেষণ তেমন চোখে পড়ে না। লেখক রাকেশ কৃষ্ণান এখানে এই গুরুত্বপূর্ণ বিষয়টি নিয়েই মূলত আলোচনা করেছেন অনেকটা বৈঠকি ঢং ও নাটকীয় চমকের প্রশ্রয়ে। প্রসঙ্গ ভিন্ন হলেও তা আসলে আমাদের মুক্তিযুদ্ধেরই অপরিহার্য প্রাণভোমরা। কারণ, মুক্তিযুদ্ধে ভারতের প্রত্যক্ষ সাহায্য-সহযোগিতার কারণেই ক্ষুব্ধ পাকিস্তানের এই সরাসরি ভারত আক্রমণ। সুতরাং আমাদের মুক্তিযুদ্ধের সাথেই তার অচ্ছেদ্য সম্পৃক্তি- ১৬ ডিসেম্বর তৎকালীন রেসকোর্সের মাঠে যা মিলে যায় এক অভিন্ন বিন্দুতে; সূর্যকরোজ্জ্বল বিজয়ের এক ঐতিহাসিক সরণিতে।]

এখন থেকে ঠিক চল্লিশ বছর আগের কথা(২০১১ সালে এই প্রবন্ধ রচনাকালের হিসেবে), দক্ষ সেনাবাহিনী, এক অনমনীয় রাজনৈতিক নেতৃত্ব এবং মস্কোর জোরালো কূটনৈতিক আনুকূল্যের কারণে পাকিস্তানের বিরুদ্ধে (৩ ডিসেম্বর, ১৯৭১-এ শুরু দু'সপ্তাহব্যাপী ভারত-পাকিস্তান যুদ্ধে) ভারত এক ঐতিহাসিক বিজয় অর্জন করে। এটা অনেকেরই জানা নেই যে, সে যুদ্ধে রাশিয়ার জোরালো ভূমিকা কীভাবে ভারতের বিরুদ্ধে পরিকল্পিত ইঙ্গ-মার্কিন আক্রমণ প্রতিরোধ করেছিল।

দৃশ্যপট: ওয়াশিংটন ডিসি, ৩ ডিসেম্বর, ১৯৭১; সময়: সকাল ১০.৪৫ মি.

ভারতের ছ'টি বিমানঘাঁটিতে উপর্যুপরি বেপরোয়া পাকিস্তানি বিমান হামলার কয়েক ঘন্টা পর মার্কিন প্রেসিডেন্ট রিচার্ড নিক্সন তার পররাষ্ট্রমন্ত্রী হেনরি কিসিঞ্জারের সাথে টেলিফোনে কথা বলছেন। উল্লেখ্য, ওই গোঁয়ার্তুমিপূর্ণ হামলাই পাকিস্তানের বিরুদ্ধে ভারতের যুদ্ধ ঘোষণাকে ত্বরান্বিত করে।

নিক্সন: সুতরাং পশ্চিম পাকিস্তান তো দুশ্চিন্তার কারণ হয়েই উঠছে।

কিসিঞ্জার: তারা যদি যুদ্ধ ছাড়া তাদের দেশের অর্ধেকটা হারায়, তাহলে তারা ধ্বংস হয়ে যাবে। এভাবেও তারা ধ্বংস হয়ে যেতে পারে; তবে পরাজিত হলেও তারা যুদ্ধ করেই যাবে।

নিক্সন: পাকিস্তানের বিষয় তোমাকে পেরেশান করে দিয়েছে। কুত্তিটাকে (ভারতের প্রধানমন্ত্রীর প্রতি ইঙ্গিত করে) সাবধান করে দেওয়ার পরও ভারতের কাছে তারা (পাকিস্তান) হারছে। ওদেরকে বলে দাও: ভারত যখন বলে যে, পশ্চিম পাকিস্তান তাদেরকে আক্রমণ করছে, তখন সেটা যেন ফিনল্যান্ড কর্তৃক রাশিয়া আক্রান্ত হওয়ার মতোই মনে হয়।

দৃশ্যপট: ওয়াশিংটন, ১০ ডিসেম্বর, ১৯৭১; সময়: সকাল ১০.৫১ মি.

এক সপ্তাহ পর। ভারতীয় ট্যাঙ্কবহর পূর্ব পাকিস্তানে (পাকিস্তানি সৈন্যদের) যেভাবে কচুকাটা করছে আর পাকিস্তানি বিমান বাহিনীকে যেভাবে উপমহাদেশের আকাশ-সীমার বাইরে উড্ডয়ন করানো হচ্ছে, তাতে যুদ্ধের অবস্থা পাকিস্তানের জন্য খুব অনুকূলে যাচ্ছে না। ভারতীয় স্থল ও বিমান বাহিনী যেভাবে উপর্যুপরি আক্রমণ অব্যাহত রেখেছে, তাতে পশ্চিম পাকিস্তানে পাকিস্তানি সেনারা হতোদ্যম হয়ে পড়ে এবং তাদের মনোবল ভাঙনের শেষ সীমায় পৌঁছে যায়।

নিক্সন: আমাদের একমাত্র লক্ষ্য, পাকিস্তানকে রক্ষা করা- ব্যস!

কিসিঞ্জার: ঠিক। বিলকুল ঠিক, স্যার।

নিক্সন: বেশ, ঠিক আছে। এক্ষুনি ঐসব যুদ্ধবিমান পাঠাবার ব্যবস্থা করো।

কিসিঞ্জার: সবই পাঠানো হচ্ছে। চারটি জর্ডানি বিমান ইতোমধ্যে পাকিস্তানের দিকে রওনা দিয়েছে, আরও বাইশটি আসছে। আমরা সৌদি কর্তৃপক্ষের সাথে কথা বলছি; এখন আমরা দেখছি, তুরস্ক পাঁচটি দিতে চাইছে। সুতরাং একটা ফায়সালা না হওয়া পর্যন্ত আমরা এভাবে (যুদ্ধবিমান) পাঠানো অব্যাহত রাখছি।

নিক্সন: তুমি কি চীনকে বলবে যে, তারা যদি কিছু সৈন্য পাঠায় বা কিছু সৈন্য পাঠাচ্ছে বলে হুঁশিয়ারি দেয়? তাহলে খুব সহায়ক হয়।

কিসিঞ্জার: অবশ্যই বলব।

নিক্সন: হয় সৈন্য প্রেরণ, নয়তো প্রেরণের হুমকি- দুটোর যে কোনো একটি। আমি কী বলতে চাচ্ছি, তা কি তুমি বুঝতে পেরেছো?

কিসিঞ্জার: জ্বি স্যার।

নিক্সন: পাকিস্তানের কাছে ফ্রান্সের কিছুসংখ্যক বিমান বিক্রির বিষয়টি কতদূর এগোলো?

কিসিঞ্জার: জ্বি, ইতোমধ্যেই তারা তা

করছে।

নিক্সন: এ কাজটি আরও অনেক আগে হওয়া উচিত ছিলো। চীন কিন্তু ভারতকে (এখনো) হুমকি দেয়নি।

কিসিঞ্জার: ওঃ, জ্বি স্যার।

নিক্সন: যা কিছু পাওয়া গেছে, তা পাঠিয়ে দেয়া দরকার। এক ডিভিশন সৈন্য, কিছু ট্রাক, কিছু বিমান উড়িয়ে দাও। তুমি তো জানো, এসব হলো কতিপয় প্রতীকী ব্যবস্থা। হেনরি, তুমি তো জানো যে, আমরা অমানবিক কিছু করতে যাচ্ছি না।

কিসিঞ্জার: জ্বি স্যার।

নিক্সন: তবে, এই ভারতীয়রা কাপুরুষ- ঠিক কী না?

কিসিঞ্জার: ঠিক, তবে তাদের সাথে রাশিয়া রয়েছে। আপনি দেখুন, ইরান ও তুরস্কসহ অনেক দেশকে রাশিয়া হুমকি দিয়ে বার্তা পাঠিয়েছে। রাশিয়া এক দুর্বিসহ খেলা খেলেছে।

যদিও দুই মার্কিন নেতা (ওপরের ফোনালাপে) ভারতীয়দের কাপুরুষ বলছিলেন, মাত্র কয়েক মাস আগে সেই ভারতীয়রাই তাদের চোখে সম্পূর্ণ অন্যরকম ছিলো। নিচের ফোনা-লাপটি ১৯৭১ সালের মে মাসের।

নিক্সন: ভারতীয়রা সেটাই চায়, যা তাদের সত্যি সত্যি প্রয়োজন।

কিসিঞ্জার: তারা এমনই বেজন্মা!

নিক্সন: একটা সর্বব্যাপী দুর্ভিক্ষ। কিন্তু তারা তা গায়ে মাখছে না। তবে তারা যদি দুর্ভিক্ষ না চায়, তাহলে সর্বশেষ তারা যে জিনিসটি চায় তা হচ্ছে অন্য আরেকটি যুদ্ধ। লড়ুক, হতচ্ছাড়া ভারতীয়রা একটি যুদ্ধে লড়ুক।

কিসিঞ্জার: তাদের আশপাশের সবার মধ্যে তারাই সবচেয়ে আগ্রাসী দানব।

সামরিক দৃষ্টিকোণ থেকে ১৯৭১ সালের যুদ্ধের সময়কে আধুনিক ভারতের সর্বোত্তম সময় বলে বিবেচনা করা হয়ে থাকে। ভারতীয় সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমান বাহিনীর সুনিপুণ পেশাদারিত্ব; কিংবদন্তিতুল্য স্যাম ম্যানেকশ'র নিখুঁত নেতৃত্ব; এবং রাজনৈতিক নেতৃবৃন্দের দৃঢ়বদ্ধ আন্তর্জাতিক লবিং বিখ্যাত এক বিজয় অর্জনের ক্ষেত্রে ফলপ্রসূ অবদান রেখেছিল। অসৎ উদ্দেশ্যে পরিচালিত (ভারত-পাকিস্তান) যুদ্ধের দু' সপ্তাহ

পর প্রায় ১ লক্ষ পাকিস্তানি সৈন্য বাংলাদেশে আত্মসমর্পণ করে। এমন বড় আত্মসমর্পণের ঘটনা এর আগে শুধু একটাই আছে, (তা হলো) ১৯৪৩ সালে স্তালিনগ্রাডে জেনারেল পৌলাসের আত্মসমর্পণ। যাহোক, এ সবকিছুই ভেটো ক্ষমতাসম্পন্ন মস্কোর সাহায্য ব্যতীত ব্যর্থ হয়ে যেতে পারত; তা সম্ভব হয় এ কারণে যে, ১৯৭০ সালে একটি নিরাপত্তা চুক্তি* স্বাক্ষরের ক্ষেত্রে নতুন দিল্লির দূরদৃষ্টি ছিলো।

পররাষ্ট্রমন্ত্রী হেনরি কিসিঞ্জারের সাথে নিক্সনের কথোপকথন থেকে মনে হয়, ভারতের বিরুদ্ধে বিন্যস্ত পাকিস্তানি সমরশক্তি ছিলো অজেয়। পাকিস্তান জর্ডান, ইরান, তুরস্ক এবং ফ্রান্সের যুদ্ধ-বিমানের সমর্থন পেয়েছিল। আর নৈতিক ও সামরিক সমর্থন পেয়েছিল যুক্তরাষ্ট্র, চীন ও যুক্তরাজ্যের পক্ষ থেকে। উভয়ের কথোপকথনে যদিও একটি বিষয় আসেনি, তা হলো: এ সময় সংযুক্ত আরব আমিরাত অর্ধ-স্কোয়াড্রন (৫০/৬০টি) যুদ্ধবিমান পাঠায় এবং পাকিস্তান নৌবাহিনীর পাশাপাশি যুদ্ধ করার জন্য ইন্দোনেশিয়া অন্তত একটি রণতরী পাঠায়। এমতাবস্থায়, দৃশ্যপটে রাশিয়ার উপস্থিতি এমন এক আয়োজনকে পণ্ড করে দেয়, যা ভারতের বিরুদ্ধে চতুর্মুখী সাঁড়াশি আক্রমণ চালাতে পারত।

পরাশক্তিগুলো মুখোমুখি

নিক্সন ও কিসিঞ্জার নানা বিষয় আলোচনায় যেভাবে মুখে ফেনা তুলে ফেলেন, তার মধ্যেই ১০ ডিসেম্বর (১৯৭১) ভারতীয় গোয়েন্দা দপ্তর একটি গোপনীয় মার্কিন বেতারবার্তা ধরে ফেলে। ঐ বার্তায় উল্লেখ ছিলো: মার্কিন সপ্তম নৌবহর যুদ্ধ-এলাকায় পাঠানো হয়েছে। (প্রকৃতপক্ষে) সপ্তম নৌবহর তখন টনকিন উপসাগরে অবস্থান করছিল। ঐ নৌবহরে ছিলো ৭৫ হাজার টন পারমাণবিক শক্তিসম্পন্ন বিমানবাহী যুদ্ধযান- ইউএসএস এন্টারপ্রাইজ। (সপ্তম নৌবহর) বিশ্বের সর্ববৃহৎ যুদ্ধজাহাজ, এটি বহন করছিল সত্তরটির বেশি ফাইটার ও বোমারু বিমান। সপ্তম নৌবহরে আরও ছিলো: নিয়ন্ত্রিত ক্ষেপণাস্ত্র-সজ্জিত দ্রুতগতিসম্পন্ন যুদ্ধজাহাজ ইউএসএস কিং; নিয়ন্ত্রিত ক্ষেপণাস্ত্র-বিধ্বংসী রণপোতসমূহ- ইউএসএস ডেকাটুর, পাসনস এন্ড তাতার স্যাম এবং অতর্কিত আঘাত হানতে সক্ষম এক বিশাল উভচর জাহাজ ইউএসএস ত্রিপোলি। অন্যদিকে, ভারতীয় শহরসমূহ এবং মার্কিন নৌবহরের মাঝখানে অবস্থানকারী ভারতীয় নৌবাহিনীর পূর্বাঞ্চলীয় নৌবহর ভিক্রান্ত-এ ছিলো মাত্র বিশটি হালকা যুদ্ধবিমানসহ বিশ হাজার টন ক্ষমতাসম্পন্ন বিমানবাহী যান। ভারতীয় পূর্বাঞ্চলীয় নৌবহর থেকে মার্কিন সপ্তম নৌবহরে আক্রমণ চালানোর বিষয়ে জানতে চাওয়া হলে ফ্ল্যাগ অফিসার কমান্ডিং-ইন-চিফ ভাইস অ্যাডমিরাল এন. কৃষ্ণান বলেন: "আমাদেরকে শুধু নির্দেশ দিন।" (ভারত-পাকিস্তান) যুদ্ধের প্রথম সপ্তাহের মধ্যেই ভারতীয় বিমান বাহিনী

পাকিস্তানি বিমান-শক্তির মূলোৎপাটন করে। এ বিষয়টি ইউএসএস এন্টারপ্রাইজ'র যুদ্ধ- বিমানগুলোর যে কোনো সম্ভাব্য হামলার বিপরীতে সতর্ক-বার্তা ছিলো বলে বর্ণিত হয়েছে।

ইতোমধ্যে, সোভিয়েত গোয়েন্দা দপ্তর জানায় যে, বিমানবাহী যুদ্ধ জাহাজ ঈগলসহ ব্রিটিশ নৌসেনাদের একটি দল ভারতীয় জলসীমার নিকটে পৌঁছে গেছে। আধুনিক ইতিহাসে সম্ভবত এটি ছিলো অন্যতম নিন্দার্হ ঘটনা- যেখানে জার্মানির নাজি বাহিনীর ব্যাপক ধ্বংসযজ্ঞের পর এই প্রথম বৃহত্তম গণহত্যা সংঘটনকারীদের রক্ষার জন্য পশ্চিমা বিশ্বের নেতৃস্থানীয় দুটি গণতান্ত্রিক শক্তি বিশ্বের সর্ববৃহৎ গণতান্ত্রিক শক্তি (ভারত)-কে হুমকি প্রদান করছিল। যাহোক, ভারত তাতে ভীত হয়নি। সে ঠাণ্ডা মাথায় (ইতোপূর্বে সম্পাদিত) ভারত-সোভিয়েত নিরাপত্তা চুক্তির একটি গোপনীয় ধারা কার্যকর করতে মস্কোকে অনুরোধ করে- যার অধীনে রাশিয়া যে কোনো বহিঃশক্তির আগ্রাসন থেকে ভারতকে রক্ষায় বাধ্য ছিলো। ব্রিটিশ এবং আমেরিকান সৈন্যরা ভারতকে ভীতি প্রদর্শন করতে সমন্বিত সাঁড়াশি হামলার পরিকল্পনা করে। সে অনুযায়ী- আরব সাগর থেকে ব্রিটিশ যুদ্ধজাহাজগুলো ভারতের পশ্চিম উপকূলীয় এলাকাসমূহে টার্গেট করবে; আর মার্কিন সৈন্যরা পূর্বদিকে বঙ্গোপসাগরে তাদের দৃপ্ত-উপস্থিতি জানান দেবে, যেখানে ১ লক্ষ পাকিস্তানি সৈন্য আটকা পড়েছিল অগ্রসরমান ভারতীয় সেনাবাহিনী ও সাগরের মাঝখানে।

এই দ্বিমুখী ব্রিটিশ-মার্কিন হুমকি মোকাবিলায় রাশিয়া ১৩ ডিসেম্বর ভ্লাদিভোস্টক থেকে পারমাণবিক অস্ত্র-সজ্জিত ছোট রণতরীর বহর (ফ্লোটিলা) প্রেরণ করে, যার সার্বিক নেতৃত্বে ছিলেন টেনথ অপারেটিভ ব্যাটল গ্রুপ (প্রশান্ত মহাসাগরীয় নৌবহর)-এর অধিনায়ক অ্যাডমিরাল ভ্লাদিমির ক্রুগলিয়াকভ। যদিও রুশ নৌবহরটি পর্যাপ্ত সংখ্যক পারমাণবিক অস্ত্র-সজ্জিত জাহাজ ও পারমাণবিক সাবমেরিনে সজ্জিত ছিলো, কিন্তু তাদের ক্ষেপণাস্ত্রগুলো ছিলো সীমিত দূরত্বের (৩০০ কিলোমিটারেরও কম)। এমতাবস্থায় ব্রিটিশ ও মার্কিন নৌবহরকে কার্যকরভাবে মোকাবিলার জন্য রুশ কমান্ডাররা তাদেরকে বৃত্তাকারে ঘিরে ফেলার ঝুঁকি গ্রহণ করেন, যাতে তাদেরকে আক্রমণ-সীমানার মধ্যে আনা যায়। এটি তারা করেন নিখুঁত সামরিক নিপুণতায়। অ্যাডমিরাল ক্রুগলিয়াকভ- যিনি ১৯৭০ সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত রাশিয়ার প্রশান্ত মহাসাগরীয় নৌবহরের কমান্ডার ছিলেন, চাকরি থেকে অবসর গ্রহণের পর রাশিয়ার একটি টিভি অনুষ্ঠানে এক সাক্ষাৎকারে স্মৃতিচারণ করে বলেন, মার্কিন ও ব্রিটিশদের ভারতীয় সামরিক স্থাপনার কাছাকাছি আসা প্রতিহত করতে মস্কো রুশ যুদ্ধ-জাহাজগুলোকে নির্দেশ দিয়েছিল। মাননীয় ক্রুগলিয়াকভ যোগ করেন: "চিফ কমান্ডারের নির্দেশ ছিলো যে, আমেরিকানরা দৃষ্টিসীমায় এলে আমাদের সাবমেরিনগুলো পানির ওপরে ভেসে উঠবে। এই নির্দেশ দেয়া হয়েছিল তাদের এটা দেখানোর জন্য যে, ভারত মহাসাগরে আমাদের পারমাণবিক সাবমেরিন আছে। সেই পরিপ্রেক্ষিতে, সময়মতো আমাদের সাবমেরিন বা ডুবোজাহাজগুলো যখন পানির ওপর ভেসে উঠল, তখন তারা আমাদেরকে শনাক্ত করতে পারল। মার্কিন নৌবহরের চলার পথে যুদ্ধজাহাজ-বিধ্বংসী ক্ষেপণাস্ত্র-সজ্জিত সোভিয়েত ক্রুজার, ডেস্ট্রয়ার ও পারমাণবিক সাবমেরিনগুলো দাঁড়িয়ে থাকল। আমরা তাদেরকে ঘিরে রাখলাম এবং এন্টারপ্রাইজ-এর দিকে আমাদের ক্ষেপণাস্ত্রগুলো তাক করে রাখলাম। আমরা তাদেরকে অবরুদ্ধ করে রাখলাম এবং করাচি, চট্টগ্রাম কিংবা ঢাকার কাছাকাছি হতে দিলাম না।"

এই পরিপ্রেক্ষিতে, ব্রিটিশ যুদ্ধজাহাজের কমান্ডার অ্যাডমিরাল ডিমোন গর্ডনের একটি বেতারবার্তা রুশদের হস্তগত হয়; যেখানে গর্ডন সপ্তম নৌবহরের কমান্ডারকে বলছিলেন: "স্যার, আমাদের অনেক দেরি হয়ে গেছে। এখানে রুশ পারমাণবিক সাবমেরিন এবং বহুসংখ্যক যুদ্ধজাহাজ মোতায়েন রয়েছে।" এরপর ব্রিটিশ যুদ্ধ জাহাজগুলো মাদাগাস্কারের দিকে পালিয়ে যায়; পক্ষান্তরে, বৃহত্তর মার্কিন টাস্কফোর্স বঙ্গোপসাগরে প্রবেশের আগেই থেমে যায়। রাশিয়ার এই কুশলী যুদ্ধ-পরিচালনা ভারত এবং মার্কিন-ব্রিটিশের মধ্যকার সরাসরি সংঘাত ঠেকাতে সুস্পষ্টভাবে সহায়তা করেছিল। নতুনভাবে বিগ্রথিত দলিলপত্র থেকে জানা যায়: মার্কিনিরা ভারতকে প্রতিহত করার জন্য তিন ব্যাটালিয়ন মেরিন সেনা সার্বক্ষণিকভাবে প্রস্তুত রেখেছিল এবং মার্কিন বিমানবাহী যুদ্ধজাহাজ ইউএসএস এন্টারপ্রাইজ ভারতীয় সৈন্যবাহিনীকে নিশানা করার নির্দেশ দেয়; যে বাহিনী পাকিস্তান আর্মির মধ্যকার প্রতিরক্ষা ব্যবস্থাসমূহ তছনছ করে দেয় এবং পাকিস্তানের দ্বিতীয় বৃহত্তম নগরী লাহোরের প্রবেশপথের মহাসড়কে প্রচণ্ড কামানের গোলা নিক্ষেপ করে। মার্কিনিদের উপর্যুক্ত প্রস্তুতি গ্রহণ সংক্রান্ত তথ্য অবহিত থাকা সত্ত্বেও ভারতের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী বাংলাদেশকে স্বাধীন করার জন্য স্বীয় পরিকল্পনায় অগ্রসর হন। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রস্তুতকৃত ছয় পৃষ্ঠার এক নোট অনুযায়ী– "বিদেশে মোতায়েন বোমারু বিমানবাহী জাহাজ এন্টারপ্রাইজ প্রয়োজনবোধে ভারতীয় সেনাবাহিনীর যোগাযোগ ব্যবস্থাসমূহের ওপর বোমাবর্ষণের ক্ষেত্রে মার্কিন প্রেসিডেন্টের মতো ক্ষমতাপ্রাপ্ত ছিলো।"

নির্লিপ্ত চীন

মার্কিন পররাষ্ট্রমন্ত্রী হেনরি কিসিঞ্জারের তাগিদ এবং সাহায্যের জন্য পাকিস্তানের মরিয়া-আহ্বান সত্ত্বেও চীন কিছুই করেনি। মার্কিন কূটনৈতিক দলিলপত্র থেকে দেখা যায়: ইন্দিরা গান্ধী জানতেন যে, সোভিয়েত ইউনিয়ন চীনের সামরিক হস্তক্ষেপের সম্ভাবনার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনায় নিয়েছিল। ১০ ডিসেম্বর (১৯৭১) অনুষ্ঠিত ভারতীয় মন্ত্রিসভার বরাত দিয়ে এক তারবার্তায় বলা হয়: "প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী মন্ত্রিসভায় বলেন, চীন যদি সরাসরি যুদ্ধে জড়িয়ে পড়ে, তাহলে সে জানে যে, সোভিয়েত ইউনিয়ন সিনকিয়াং অঞ্চলে সক্রিয় হবে। ঐ সময় ভারতকে সোভিয়েত বিমানবাহিনীর সহায়তা প্রদান করা হয়ে থাকতে পারে।"

অসহনীয় ঘৃণা

১৪ ডিসেম্বর ১৯৭১, পূর্ব পাকিস্তানে নিয়োজিত পাকিস্তানি সামরিক কমান্ডার

জেনারেল এ.এ.কে. নিয়াজি ঢাকাস্থ মার্কিন কনসাল জেনারেলকে বলেন যে, তিনি আত্মসমর্পণ করতে চান। এ সংবাদ ওয়াশিংটনে পাঠিয়ে দেয়া হয়, কিন্তু তা নতুন দিল্লিতে পুনঃপ্রেরণ করতে দীর্ঘ ১৯ ঘণ্টা সময় নেয়া হয়। নথিপত্র দৃষ্টে মনে হয়, সিনিয়র ভারতীয় কূটনীতিকবৃন্দ সন্দেহ করেছিলেন যে, ওয়াশিংটন সম্ভবত ভারতের বিরুদ্ধে সামরিক ব্যবস্থা গ্রহণের পরিকল্পনা করছিল; সে কারণেই এই বিলম্ব।

কিসিঞ্জার এতটাই বাড়াবাড়ির পথে অগ্রসর হয়েছিলেন যে, দ্বিতীয় বিশ্বযুদ্ধের আগে জার্মানির রাইনল্যান্ডে হিটলারের সামরিক হামলার রেফারেন্স দিয়ে ভারত-পাকিস্তান-বাংলাদেশ সংকটকে অভিহিত করেন 'আমাদের রাইনল্যান্ড'** বলে। এ ধরনের শক্তিশালী চিত্রকল্প থেকে বোঝা যায়, কিসিঞ্জার এবং নিক্সন কী সাংঘাতিকভাবে ভারতকে হুমকি হিসেবে দেখতেন।

একাত্তরের যুদ্ধ বিষয়ে ভারতের বিশ্ববিদ্যালয় পর্যায়ের এক গবেষণা বলছে: ''৩০ মার্চ এক মার্কিন তারবার্তায় ব্যাপক পরিসরে মানবাধিকার লঙ্ঘনের ঘটনাকে আখ্যায়িত করা হয় 'বাছাইকৃত গণহত্যা' বলে– এবং গণতন্ত্রের প্রতি নিরঙ্কুশ অশ্রদ্ধা নিক্সন এবং কিসিঞ্জারের জন্য ছিলো বেমানান। প্রকৃতপক্ষে, পাকিস্তানি একনায়ক ইয়াহিয়া খানের আচার-আচরণের অগণতান্ত্রিক আদল দেখে বোঝা যায়, কী বিষয় তাদেরকে সবচেয়ে বেশি প্রভাবিত করেছিল। দৃষ্টান্তস্বরূপ পূর্ব পাকিস্তানে পাকিস্তানি সেনাবাহিনীর অপরিমেয় নৃশংসতার উল্লেখ করা যায়। সে ক্ষেত্রে নিক্সন ও কিসিঞ্জার ছিলেন নির্লিপ্ত, অবিচলিত। একটি বিশ্ববিদ্যালয়ে উল্লেখযোগ্য সংখ্যক হতাহতের খবরের প্রেক্ষিতে এক সিনিয়র রিভিউ গ্রুপ মিটিং-এ কিসিঞ্জার মন্তব্য করেন: 'ব্রিটিশরা অতটা বছর ভারত শাসনকালে ৪০০ মিলিয়ন ভারতীয়কে ভদ্রভাবে শাসন করেনি'।''

নিক্সন ও কিসিঞ্জার সোভিয়েত প্রেসিডেন্ট লিওনিদ ব্রেজনেভকে টেলিফোন করেন এবং ভারত পশ্চিম পাকিস্তান আক্রমণ করবে না মর্মে নিশ্চয়তা চান। প্রফেসর ভ্লাদিস্লাভ এম. জুবোক তার আ ফেইলড এম্পায়ার গ্রন্থে লিখছেন, ''এই ইস্যুতে সোভিয়েত কার্যকলাপ নিয়ে আলোচনার জন্য মস্কোতে পরবর্তী শীর্ষবৈঠক সংঘটনের ব্যাপারে নিক্সন প্রস্তুত ছিলেন। সোভিয়েতরা বুঝে উঠতেই পারছিল না, কেন হোয়াইট হাউজ পাকিস্তানকে সমর্থন করছে, যারা ভারতের বিরুদ্ধে যুদ্ধ শুরু করেছিল বলে তাদের বিশ্বাস।

নিক্সন-কিসিঞ্জারের আচরণে প্রথম দিকে হতভম্ব ব্রেজনেভ দ্রুত রাগে ফেটে পড়েন। এমনকি তিনি তার একান্ত নিজস্ব বলয়ে ভারতকে পারমাণবিক বোমার গোপন সূত্র জানিয়ে দেয়ার জন্যও পরামর্শ দেন। অবশ্য, তার উপদেষ্টারা এ ভাবনাকে বাস্তবায়িত না করার জন্য সর্বোচ্চ উদ্যোগ নিয়েছিলেন। কয়েক বছর পর, তখনো ব্রেজনেভ রাগান্বিতভাবে তার প্রতিক্রিয়া ব্যক্ত করেছিলেন এবং মার্কিন আচরণের বিষয়ে ক্ষুব্ধভাবে বক্তব্য প্রদান করেছিলেন।''

ঠান্ডামাথার যুদ্ধবাজেরা

দুই ফন্দিবাজের (নিক্সন ও কিসিঞ্জার) মধ্যকার আরেকটি টেলিফোন আলাপ থেকে মার্কিন সিদ্ধান্ত গ্রহণের উচ্চতম স্তরে তাদের মনোভঙ্গি সম্পর্কে অনেক কিছু জানা যায়:

কিসিঞ্জার: অতঃপর যে পয়েন্টটি আপনি গতকাল তুলেছেন, সে প্রেক্ষিতে ভারতীয়দের ঠেকিয়ে রাখার কাজ আমাদেরকে চালিয়ে যেতে হবে- এমনকি ততদিন পর্যন্ত, যতদিন না এ বিষয়ের (যুদ্ধের) ফায়সালা হয়।

নিক্সন: আমরা পুনর্বাসনের দিকে যেতে চাই। ওঃ যিশু! তারা বোমা মেরেছে: আমি যুদ্ধের সব ক্ষতি- করাচি এবং অন্যান্য স্থানের যুদ্ধের সব ক্ষতি নিরসন করতে আমি পাকিস্তানকে সাহায্য করতে চাই। বুঝেছো?

কিসিঞ্জার: জ্বি স্যার।

নিক্সন: আমি চাই না, ভারতীয়রা সুখে থাকুক। আমি ভারতীয়দের মুখে স্রেফ চুনকালি মাখিয়ে দিতে জনসংযোগ কর্মসূচির উন্নয়ন চাই।

কিসিঞ্জার: জ্বি স্যার।

নিক্সন: (যুদ্ধের জন্য) তাদের দায়দায়িত্বের কারণেই আমি তাদেরকে নাকানি-চুবানি খাওয়াতে চাই। একটি শ্বেতপত্র প্রকাশ করো। শ্বেতপত্র তৈরি করে আনো। শ্বেতপত্র। বুঝতে পেরেছো?

কিসিঞ্জার: জ্বি স্যার।

নিক্সন: আমি তা শুধু তোমার পড়ার জন্য বলছি না। এই বিষয়ের ওপর একটি শ্বেতপত্র।

কিসিঞ্জার: না, না। আমি বুঝতে পেরেছি।

নিক্সন: এ যুদ্ধের জন্য আমি ভারতকেই দায়ী করতে চাই। তুমি কি জানো, আমি কী বোঝাচ্ছি? আমরা এই দুর্বৃত্ত, বকধার্মিক ভারতীয়দের এ (যুদ্ধের দায়দায়িত্ব) থেকে মুক্তি দিতে পারি না। হেনরি, তারা ভিয়েতনাম ইস্যুতে আমাদেরকে পাঁচটি বছর নাকানি-চুবানি খাইয়েছে।

কিসিঞ্জার: জ্বি স্যার।

নিক্সন: ভারতীয়রা এই লোকদের বহুসংখ্যককে কি হত্যা করছে না?

কিসিঞ্জার: আমরা এখনো আসল সত্যটা জানি না। তবে, আমি নিশ্চিত যে, তারা পশ্চিম পাকিস্তানিদের মতো আহাম্মক নয়- তারা সাংবাদিকদের সবকিছু জানতে দেয় না; কিন্তু গর্দভ পাকিস্তানিদের সব জায়গাই সাংবাদিকদের অবাধ যাতায়াত।

সূত্র: রাশিয়া এন্ড ইন্ডিয়া রিপোর্ট, ২০ ডিসেম্বর, ২০১১ খ্রি.

লেখক: নিউজিল্যান্ডভিত্তিক সাংবাদিক, লেখক ও আন্তর্জাতিক বিষয়াবলি বিশ্লেষক। বহুল-প্রচারিত ইন্ডিয়া টুডে, হিন্দুস্তান টাইমস, বিজিনেস স্ট্যান্ডার্ড এবং ফিনান্সিয়াল এক্সপ্রেসের সাবেক বার্তা সম্পাদক। তার প্রবন্ধসমূহ আমেরিকার নিউ জার্সির স্টেট ইউনিভার্সিটি, মুক্ত অনলাইন বিশ্বকোষ উইকিপিডিয়া ও রুটগার্সের স্কুল অব কম্যুনিকেশন-এ রেফারেন্স হিসেবে ব্যবহৃত হয়েছে; এবং ন্যাশনাল ইউনিভার্সিটি অব আয়ারল্যান্ডের নৃতত্ত্ব বিভাগের পাঠ্যসূচিভুক্ত হয়েছে।–অনুবাদক

*১৯৭১ সালের আগস্টে ভারত-রাশিয়ার মধ্যে আরও একটি চুক্তি স্বাক্ষরিত হয়, তার নাম ভারত-সোভিয়েত বন্ধুত্ব চুক্তি।

** ১৯৩৬ সালের ৭ মার্চ হিটলারের জার্মান বাহিনী প্রথম বিশ্বযুদ্ধের পর এই প্রথম সামরিক তৎপরতামুক্ত অঞ্চল হিসেবে ঘোষিত রাইনল্যান্ডে প্রবেশ করে, যা ছিলো ভার্সাই চুক্তি এবং লোকারনো চুক্তি'র লঙ্ঘন।

আমার মায়ের নামে তোপধ্বনি

আবিদ আনোয়ার

হে আমার বিজয় দিবস, স্বাধীনতা দিবসের প্রথম প্রহর,
আমার মায়ের নামে অন্তত একটা বেশি তোপধ্বনি কর্!

আটাশ বছর ধরে আমি খুব একটা দামী কবিতার বিচি
সতত মাথায় নিয়ে ভাবতে-ভাবতে এতদিনে বুঝে গেছি
এ-কবিতা কোনোদিন লেখাই যাবে না।
বৃত্তীয় ছন্দে কেন, কট্টর গদ্যেও তাতে
কিছুতেই প্রকাশ পাবে না 'কবি কী বলিতে চান'...

ভেবেছি মাত্রাবৃত্তে, অক্ষর ও স্বরবৃত্তে,
সুখপাঠ্য টানা গদ্যে অঙ্কুরিত করি এই বিচি;
এর মূলে ঢেলে দিয়ে প্রতিভার সবটুকু জল
করে তুলি তাকে এক ঋদ্ধ মহীরুহ-
রবীন্দ্র-নজরুল কিবা জীবনানন্দকে ডেকে
তারস্বরে বলে উঠি: এই দেখো, একে বলে বাঙলা কবিতা,
এই হোক বাঙালির শ্রেষ্ঠ কবিতা!

না, আমি তেমন কোনো যথাযোগ্য আঙ্গিকেই
এলোমেলো ভাবনাগুলো সাজাতে পারিনি
(ক্ষমা চাই, মান্যবর প্রবোধচন্দ্র সেন);
আধেয় যখন হয় নিজেই আধার
তখন কী কৌশলে তাকে ব্যক্ত করা যায়
এখনও বলেননি কোনো কাব্যকলাবিদ;
না-পদ্য-না-গদ্যে তাই কথাগুলো জানাতেই হলো:

আমার মায়ের ছিলো বেশ কিছু ঢাকনাঅলা টিন
মাচানে সাজিয়ে-রাখা- মধ্যবিত্ত বাঙালির সুখের আধার,
কোনোটাতে চাল রাখা, আটা-ময়দা, কোনোটাতে মুড়ি;
খুললেও শব্দ হোক মা আমার চায়নি কখনো,
কেননা সে শূন্যতার প্রকৃত লক্ষণ:
শূন্য টিন শব্দ করে,
আর সেই শব্দ মানে ব্যর্থ স্বামী, অভুক্ত সন্তান-
আমার মায়ের টিন কোনদিনও এতটা বাজেনি।

একাত্তরে পলাতক আসামীর মতো
ছেলে তার ফিরে এলো স্টেনগান কাঁধে;
জানে সে মাস্তান নয়, নয় কোনো চোরাকারবারি
তবুও সে চোরাপথে ভারতের সীমান্ত পেরিয়ে
এ কী সব নিয়ে এলো!
নাম বোলে টিএনটি ও জেলি-জিলাটিন
(এ তো দেখি মাখানো ময়দার মতো হলুদাভ কাঁই!)
ভরে ভরে পূর্ণ হলো মাচানে সাজিয়ে-রাখা সেইসব টিন!

একদা সে-টিনগুলো গেয়ে উঠলো ভয়াল ভৈরবী:
এমন প্রচণ্ড শব্দ,
এমন মধুর শব্দ
এমন কাঙ্ক্ষিত সুর শোনেনি কস্মিনকালে কটিয়াদীবাসী-
ধুলদিয়া সেতুর পিলারে সেইসব টিন ছিলো 'প্যায়ার পুটিং'!

হে আমার বিজয় দিবস, স্বাধীনতা দিবসের প্রথম প্রহর,
আমার মায়ের নামে অন্তত একটা বেশি তোপধ্বনি কর্।

মহানায়কের বীরোচিত স্বদেশ প্রত্যাবর্তন

মোহাম্মদ শাহজাহান

১০ জানুয়ারি বাঙালি জাতির ইতিহাসে একটি ঐতিহাসিক দিন, আনন্দঘন দিন, খুশির দিন। ৫০ বছর আগে ১৯৭২ সালের ১০ জানুয়ারি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর স্বপ্নের স্বাধীন বাংলায় ফিরে এসেছিলেন। ১৬ ডিসেম্বর বিজয় অর্জিত হলেও বাংলার মানুষ বিজয়ের আনন্দ পুরোপুরি উপভোগ করতে পারেনি। মুক্তির মহানায়ক বঙ্গবন্ধু তখনো হানাদার পাকিস্তানি কারাগারে বন্দি। বিজয়ের মহানায়ক শেখ মুজিব কেমন আছেন, কোথায় আছেন, তা কারো ভালোভাবে জানা নেই। বেঁচে থাকলেও নেতা কখন আসবেন, আদৌ আসতে পারবেন কিনা এ নিয়ে জনগণ ছিল উদ্বিগ্ন। বিজয়ের ২২ দিন পর অবশেষে ১৯৭২-এর ৮ জানুয়ারি মুক্ত মুজিব বিজয়ী বীরের বেশে লন্ডন পৌঁছেন।

বিশ্বের আরো দু-চারজন নেতা বিদেশে বন্দিজীবন শেষে স্বদেশে প্রত্যাবর্তন করলেও বঙ্গবন্ধুর প্রত্যাবর্তনের সাথে আর কোনোটির তুলনা হয় না। ইতিহাস সৃষ্টিকারী বঙ্গবন্ধু শেখ মুজিবের ওই স্মরণীয়-বরণীয় প্রত্যাবর্তন সমগ্র বিশ্বে আলোড়ন সৃষ্টি করেছিল। ওইসময় লন্ডনে ভারতীয় হাইকমিশনের ফার্স্ট সেক্রেটারি ভেদ মারওয়া ১০ জানুয়ারি বঙ্গবন্ধুর বিমানে সহযাত্রী ছিলেন। পরবর্তীকালে ভেদ মারওয়া লিখেছেন, "আমাদের অনেকের কাছে ওই সময় শেখ মুজিব ছিলেন 'হিরো'। ব্রিটিশ গণমাধ্যমে তখন শেখ মুজিব ছাড়া কোনো কথা নেই। বিশ্বে তখন মুজিব ছিলেন সকলের ওপরে।" সত্যরঞ্জন সরকার লিখেছেন, "মুজিবকে সেদিন সারা বিশ্ব একবাক্যে চিনত। বাংলাদেশের বাউল গায়ক থেকে লন্ডন, নিউইয়র্কের বিটল গায়কের কণ্ঠে সেদিন যে গান বেজেছিল তা ছিল মুজিবের বাংলার গান। মুজিব সেদিন শুধু বাংলার ইতিহাসই ছিলেন না, ছিলেন বাংলার মানচিত্র।" (লেখক একসময় কুয়েতের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আইসিটি বিশেষজ্ঞ ছিলেন)। এক কথায় বলা চলে, ১৬ ডিসেম্বর বাংলাদেশের বিজয় অর্জনের পর বন্দি শেখ মুজিব ছিলেন তৎকালীন বিশ্বের সবচেয়ে আলোচিত নেতা।

২০ ডিসেম্বর ১৯৭১ পাকিস্তানের পরাজিত প্রেসিডেন্ট জেনারেল ইয়াহিয়া খানের কাছ থেকে প্রেসিডেন্ট ও প্রধান সামরিক আইন প্রশাসক ২টি পদই দখল করে নেন, সত্তরের নির্বাচনে পশ্চিম পাকিস্তানে বিজয়ী নেতা জুলফিকার আলী ভুট্টোর ক্ষমতা গ্রহণের পর ভুট্টোর প্রথম কাজ হলো সসম্মানে মুজিবকে মুক্তি দিয়ে পাকিস্তানের প্রায় ১ লাখ সেনাসদস্যকে স্বদেশে ফিরিয়ে নেয়া। বিজয়ের পর লন্ডন-আমেরিকার নামীদামী পত্রিকাগুলোতে অবিলম্বে বিজয়ী নেতা মুজিবকে মুক্তি দেয়ার ওপর গুরুত্বারোপ করে।

পাকিস্তানের নব্যশাসক প্রেসিডেন্ট ভুট্টো ১৯৭২-এর ৩ জানুয়ারি বিকেলবেলা করাচি শহরের নিসতার পার্কে অনুষ্ঠিত এক জনসভায় ঘোষণা করেন, আওয়ামী লীগ নেতা শেখ মুজিবুর রহমানকে নিঃশর্ত মুক্তিদান করা হবে। বক্তৃতা প্রসঙ্গে মি. ভুট্টো বলেন : "২৭শে ডিসেম্বর শেখ মুজিবের সাথে আমার প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়। শেখ মুজিবের প্রথম প্রশ্ন ছিল, 'আমি কি মুক্ত?' আমি তাঁকে বলেছি, 'আপনি স্বাধীন। আপনি যদি আমাকে কিছু সময় দেন, তা হলে এ ব্যাপারে আমার জনগণের মতামত যাচাই করতে পারবো। তাদের সম্মতি

ছাড়া আমি কোনো সিদ্ধান্ত গ্রহণ করতে চাই না।... কেউ কেউ বলেন, শেখ মুজিব আমার 'তুরুপের তাস' এবং সুবিধা আদায়ের জন্য আমি তা ব্যবহার করতে পারি। অন্যরা বলেন, 'আমরা কেন সুবিধা আদায়ের চেষ্টা করবো?' আমি তাদের সঙ্গে একমত। শেখ মুজিবকে ব্যবহার করে আমি লাভজনক কিছু করতে চাই না। এ ব্যাপারে আপনারা একমত কিনা?'

বলাবাহুল্য, বিপুল জনতা শেখ মুজিবকে বিনা শর্তে মুক্তিদানের প্রশ্নে সম্মতিসূচক সাড়া দেয়।

উক্ত রিপোর্টের শেষদিকে 'দি গার্ডিয়ান' পত্রিকার সংবাদদাতা বলেন, আগামী তিনদিনের মধ্যে শেখ মুজিবকে একটি বিশেষ বিমানযোগে পাকিস্তানের বাইরে পাঠিয়ে দেওয়া হবে। (দি গার্ডিয়ান, ৪ জানুয়ারি, ১৯৭২)

শেখ মুজিবের বিনাশর্তে মুক্তিদানের সিদ্ধান্তকে অভিনন্দন জানিয়ে দি গার্ডিয়ান পত্রিকার সম্পাদকীয় নিবন্ধে বলা হয়: "শেখ মুজিবই বাংলাদেশের প্রকৃত প্রতিষ্ঠাতা। তাঁর বিস্ময়কর বাগ্মিতার মাধ্যমে তিনি বাঙালিদের অসন্তোষকে একটি শক্তিশালী রাজনৈতিক দলের কর্মসূচিতে পরিণত করেন। তাঁর বক্তৃতায় পূর্ব পাকিস্তানের জনগণ ভবিষ্যতে সুদিনের মুখ দেখার ভরসা পায়। তাঁকে যদি হত্যা করা হতো, কিংবা অনির্দিষ্টকালের জন্য বন্দি হিসেবে রাখা হতো, তাহলে বাংলাদেশ সরকার কয়েক সপ্তাহের মধ্যেই মারাত্মক নেতৃত্ব সঙ্কটের মুখোমুখি হতো। তাঁর মুক্তি বাংলাদেশকে বাঁচার একটি সুযোগ দিয়েছে। (দি গার্ডিয়ান, ৪ জানুয়ারি ১৯৭২)

১৯৭২-এর ৮ জানুয়ারি সকাল ৭টায় বিবিসি'র ওয়ার্ল্ড সার্ভিসে প্রচারিত খবরে বলা হয়, বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের নেতা শেখ মুজিবুর রহমান বিমানযোগে লন্ডন আসছেন। কিছুক্ষণের মধ্যেই বিমানটি লন্ডনের হিথরো বিমানবন্দরে অবতরণ করবে। শেখ আবদুল মান্নান জানান, এই অপ্রত্যাশিত খবরের 'হেডলাইন' শুনে খবরটি সত্য বলে বিশ্বাস করতে পারছিলাম না। কয়েক মুহূর্তের মধ্যে খবরের বিস্তারিত বিবরণ শোনার পর বন্ধু-বান্ধবদের টেলিফোন করে খবরটি জানালাম। পরে জানা যায়, সকাল সাড়ে ছ'টার সময় বঙ্গবন্ধু হিথরো বিমানবন্দরে পৌঁছান। 'স্কটল্যান্ড ইয়ার্ড' (মেট্রোপলিটান পুলিশের তৎকালীন হেডকোয়ার্টার্স) থেকে পুলিশ অফিসার পিটার ল্যাংলি টেলিফোনযোগে প্রবাসী বাঙালিদের নেতৃত্বদানকারী 'স্টিয়ারিং কমিটি'র ভারপ্রাপ্ত আহবায়ক শেখ আব্দুল মান্নানকে বঙ্গবন্ধুর আগমন সংবাদ জানান। ব্রিটিশ সরকারের নির্দেশে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের প্রথম থেকেই মি. ল্যাংলি বিচারপতি আবু সাঈদ চৌধুরীর ব্যক্তিগত নিরাপত্তা সম্পর্কে সাহায্য ও পরামর্শ দিয়েছেন। লন্ডন দূতাবাসে কর্মরত বাংলাদেশের কূটনীতিবিদ রেজাউল করিম বিমানবন্দরে উপস্থিত থেকে বঙ্গবন্ধুকে অভ্যর্থনা জানান।

বঙ্গবন্ধুকে ব্রিটিশ সরকারের সম্মানিত অতিথি হিসেবে সকাল ৮টার মধ্যে লন্ডনের কেন্দ্রস্থলে অবস্থিত ক্ল্যারিজেস হোটেলে নিয়ে আসা হয়। বিভিন্ন 'অ্যাকশন কমিটি'র নেতৃবৃন্দ, যুক্তরাজ্য আওয়ামী লীগের প্রেসিডেন্ট গাউস খান, লন্ডন আওয়ামী লীগের প্রেসিডেন্ট মিনহাজউদ্দিন এবং বিচারপতি চৌধুরীর বিশ্বস্ত সহযোগী শেখ আব্দুল মান্নান বঙ্গবন্ধুর সঙ্গে দেখা করতে আসেন। লন্ডনস্থ ভারতীয় হাই কমিশনার আপা পন্থও বঙ্গবন্ধুকে অভ্যর্থনা জানাবার জন্য এসে হাজির হলেন। ভারতীয় প্রধানমন্ত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধী বঙ্গবন্ধুকে একটি অভিনন্দন বাণী পাঠান। এই বাণীতে তিনি বলেন : "আপনি বন্দী ছিলেন, কিন্তু আপনার চিন্তাশক্তি ও চেতনাকে কারারুদ্ধ করা সম্ভব নয়। আপনি নিপীড়িত জনগণের প্রতীকে পরিণত হয়েছেন।" ব্রিটিশ লেবার পার্টির নেতা (পরবর্তীকালে প্রধানমন্ত্রী) হ্যারল্ড উইলসন সকালেই বঙ্গবন্ধুর সঙ্গে দেখা করতে আসেন। তিনি 'গুড মর্নিং মি. প্রেসিডেন্ট' বলে বঙ্গবন্ধুকে সম্ভাষণ করেন।

স্বাধীনতা আন্দোলনে জড়িত থাকার ফলে পরিশ্রান্ত বাঙালিরা দলে দলে এসে হোটেল ঘিরে ফেলেছে। মুহুর্মুহু 'জয় বঙ্গবন্ধু' ও 'জয় বাংলা' স্লোগান দিয়ে তারা আকাশ-বাতাস মুখর করে তোলে। হোটেলের বাইরে যেদিকে তাকানো যায়, সেদিকেই অগণিত লোক। দেখেই বোঝা যায়, বঙ্গবন্ধুর শরীর অত্যন্ত দুর্বল। তা সত্ত্বেও তিনি জানালার পর্দা সরিয়ে জনতার উদ্দেশে হাত নেড়ে অভিনন্দন জানাচ্ছেন। তাঁর গায়ে শক্তি নেই; তিনি থর থর করে কাঁপছেন। তাঁর সঙ্গীদের কেউ কেউ বললেন, আপনি তো পড়ে যাবেন। তিনি কারো কথা শুনলেন না। জানালা থেকে ফিরে এসে কয়েক মিনিট বসে আবার জানালায় ফিরে গিয়ে তিনি হাত তুলে সবাইকে অভিনন্দন জানাচ্ছেন।" (মুক্তিযুদ্ধে যুক্তরাজ্যের বাঙালীর অবদান', শেখ আব্দুল মান্নান, পৃ. ১২০)

ওইদিন সন্ধ্যাবেলা বঙ্গবন্ধু তৎকালীন ব্রিটিশ প্রধানমন্ত্রী এডওয়ার্ড হিথ-এর সঙ্গে সৌজন্য সাক্ষাতের জন্য ১০ নম্বর ডাউনিং স্ট্রিটে যান। ঘরোয়া আলোচনাকালে বঙ্গবন্ধু বাংলাদেশকে স্বীকৃতিদানের প্রশ্ন উত্থাপন করেন। প্রধানমন্ত্রী হিথ বঙ্গবন্ধুকে বলেন, স্বীকৃতিদানের আগে পররাষ্ট্র দপ্তরের কার্য পরিচালনা সম্পর্কিত আচরণ বিধি (প্রটোকল) অনুযায়ী ব্রিটিশ সরকারকে দেখতে হবে, নতুন সরকার দেশের সংখ্যাগরিষ্ঠ জনসাধারণের সমর্থনপুষ্ট এবং পূর্ণ কর্তৃত্বের অধিকারী কিনা। লন্ডনের 'দি সানডে টাইমস'-এর কূটনৈতিক সংবাদদাতা উল্লিখিত তথ্য প্রকাশ করে বলেন, মি. হিথ-এর সঙ্গে আলাপ-আলোচনার পর শেখ মুজিবুর রহমান পরিষ্কার বুঝতে পারেন, ব্রিটেন বাংলাদেশের প্রতি বন্ধুভাবাপন্ন।

সংবাদদাতা আরও বলেন, অদূর ভবিষ্যতে বাংলাদেশকে স্বীকৃতি দেওয়া হবে বলে ব্রিটিশ সরকারি মহল মনে করে। (দি সানডে টাইমস, ৯ই জানুয়ারি, ১৯৭২)। বঙ্গবন্ধুর সঙ্গে আলোচনাকালে ব্রিটিশ প্রধানমন্ত্রী জানতে চান, বাংলাদেশ থেকে ভারতীয় সৈন্য বাহিনী কখন প্রত্যাহার করা হবে। বঙ্গবন্ধু দৃঢ়কণ্ঠে বলেছিলেন, তিনি (বঙ্গবন্ধু) যখনই চাইবেন, তখনই ভারতীয় সৈন্যবাহিনী প্রত্যাহার করা হবে। এসব তথ্য পরে জানা গেছে। এই যে ব্রিটিশ প্রধানমন্ত্রীকে আশ্বস্ত করা- তিনি যখন চাইবেন-

তখনই ভারতীয় মিত্রবাহিনী সে দেশে চলে যাবে। এটাই শেখ মুজিবের নেতৃত্বের বৈশিষ্ট্য। এ জন্যই ছোট্ট দেশের শেখ মুজিব অনন্য, অসাধারণ ও অতুলনীয়।

শেখ মুজিবের মুক্তির খবর পেয়ে বিশ্বের নামীদামী সাংবাদিকরা হোটেলে ভিড় জমান। মুক্তির পর প্রথম সংবাদ সম্মেলনে দেশে-বিদেশে অবস্থানকারী বাংলার বীর জনগণকে অভিনন্দন জানিয়ে বিজয়ী মহানায়ক মুজিব বলেন, 'আমার দেশের মানুষের কাছে ফিরে যাওয়ার জন্য আর একটি মুহূর্তের বিলম্বও আমি সইতে পারছি না।' ইংরেজি ভাষায় দেয়া ওই সম্মেলনে তিনি বলেন, 'আজ মুক্তির সীমাহীন আনন্দ আমার দেশের মানুষের সঙ্গে ভাগ করে নিতে আর কোনো বাধা নেই। এক মহাকাব্যিক মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে আমরা এ মুক্তি অর্জন করেছি। বাংলাদেশের জনগণের এক স্বাধীন সার্বভৌম রাষ্ট্রের অভ্যুদয় এ লড়াইয়ের চূড়ান্ত অর্জন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অস্তিত্ব এক প্রশ্নাতীত বাস্তবতা।' তাঁর দেশ যে স্বাধীন হয়েছে, তা কীভাবে জানলেন? এ প্রশ্নের জবাবে বঙ্গবন্ধু বলেন, 'আমার মনে হয় মি. ভুট্টো যখন আমার সাথে দেখা করতে এলেন, তাঁর আলোচনা থেকে আমি বুঝতে পারলাম যে, বাংলাদেশ তার নিজের সরকার গঠন করেছে। এর আগপর্যন্ত আমি কিছুই জানতাম না। ইয়াহিয়া খান এই দুনিয়ার সবকিছু থেকে আমাকে বিচ্ছিন্ন করে রেখেছিল।'

৮ জানুয়ারি বঙ্গবন্ধু যখন লন্ডন পৌঁছেন, তৎকালীন ব্রিটিশ প্রধানমন্ত্রী এডওয়ার্ড হিথ লন্ডনের বাইরে ছিলেন। শেখ মুজিবের সাথে সাক্ষাৎ করতে নির্ধারিত কর্মসূচি বাতিল করে প্রধানমন্ত্রীর কার্যালয় ১০ নম্বর ডাউনিং স্ট্রিটে ছুটে আসেন হিথ। শেখ মুজিব ওই সময় ঘোষিত রাষ্ট্রপতি হলেও সাংবিধানিক রাষ্ট্রপতি নন। বঙ্গবন্ধুকে বহনকারী গাড়ির দরজা নিজে খুলে দিয়েছিলেন প্রধানমন্ত্রী হিথ। ১৯৮০ সালের ১৬ মার্চ জাতির পিতার এক স্মরণসভায় বিচারপতি সৈয়দ মোহাম্মদ হোসেন সেই অভূতপূর্ব ঐতিহাসিক দৃশ্যের কথা বর্ণনা করে বলেন, 'গাড়ি যখন থামল, একটি লোক প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে বেরিয়ে এসে সেই গাড়ির দরজা খুলে দাঁড়িয়ে থাকলেন; যতক্ষণ শেখ মুজিব গাড়ি থেকে বেরিয়ে না এলেন। এ ব্যক্তি আর কেউ নন, ব্রিটিশ প্রধানমন্ত্রী এডওয়ার্ড হিথ। যে সাম্রাজ্যে কোনোদিন সূর্য অস্ত যেত না, সেই সাম্রাজ্যের মধ্যমণি ব্রিটিশ প্রধানমন্ত্রী আমাদের পর্ণকুটির থেকে আগত একজন সাধারণ কর্মী, যিনি দলপতি হতে রাষ্ট্রপতি এবং রাষ্ট্রপতি হতে রাষ্ট্রপিতা হয়েছিলেন, তাঁকে অভ্যর্থনার জন্য দুয়ারে দাঁড়িয়ে ছিলেন। এই দৃশ্য জীবনে কোনোদিন ভুলব না।'

ব্রিটিশ প্রধানমন্ত্রীর রূপালি কমেট বিমানে ১০ জানুয়ারি সকাল ৮টায় দিল্লির পালাম বিমানবন্দরে অবতরণের পর রাষ্ট্রপতি ভিভি গিরি, প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী, মন্ত্রিসভার সদস্যবর্গ বঙ্গবন্ধু শেখ মুজিবকে অভ্যর্থনা জানান। দিল্লিতে প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর সাথে আলোচনাকালে সিদ্ধান্ত হয়, 'বঙ্গবন্ধু যখন চাইবেন, তখনই ভারতীয় মিত্রবাহিনী বাংলাদেশ থেকে চলে আসবে।' ঐদিন দিল্লিতে আরেকটি ঘটনার কথা উল্লেখ করতে হয়। ব্রিটিশ প্রধানমন্ত্রীর কমেট-এর পরিবর্তে ভারতের রাষ্ট্রপতির সরকারি বিমান রাজহংসে বঙ্গবন্ধুকে ঢাকায় আসার অনুরোধ জানানো হয়। ওই সময় দ্রুততার সাথে সকলের মালামাল কমেট থেকে রাজহংসে স্থানান্তরিত পর্যন্ত করা হয়। এতে বঙ্গবন্ধু রাজী হননি। সে সময় দিল্লি থেকে বঙ্গবন্ধুর সফরসঙ্গী, কূটনীতিক ফারুক চৌধুরী তাঁর 'স্মরণে বঙ্গবন্ধু' গ্রন্থে লিখেছেন। 'বঙ্গবন্ধু বলেছিলেন, ব্রিটিশ সরকার বিশেষ সৌজন্যমূলক ব্যবস্থায় যে বিমানটি দিয়েছে, মাঝপথে অকারণে তা বদল করা সমীচীন হবে না।' বিমান পরিবর্তন না করাটা ছিল বঙ্গবন্ধুর দূরদর্শিতা এবং স্বাধীনচেতা মনোভাবের পরিচয়। বিমান পরিবর্তন করার সিদ্ধান্তটি বেগম ফজিলাতুন্নেছা মুজিবও পছন্দ করেননি। প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ ১৮ নম্বর বাড়িতে বেগম মুজিবের সাথে দেখা করতে এলে তিনি বলেন, মাঝপথে বিমান বদল করলে ব্রিটেনের সরকার ও জনগণ মনক্ষুণ্ন হতে পারে, এ জন্য ব্রিটিশ বিমানেই ঢাকা আসার পরামর্শ দেন তিনি। প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ সাথে সাথে ইন্দিরা গান্ধীর রাজনৈতিক উপদেষ্টা ডিপি ধরকে বেগম মুজিবের মতামত জানিয়ে দেন। শেষপর্যন্ত বঙ্গবন্ধু ব্রিটিশ প্রধানমন্ত্রীর কমেট বিমানেই ঢাকা আসেন। ড. এমএ ওয়াজেদ মিয়ার 'বঙ্গবন্ধু শেখ মুজিবকে ঘিরে কিছু ঘটনা ও বাংলাদেশ' গ্রন্থে এসব তথ্য রয়েছে।

ঢাকার সেই ঐতিহাসিক রেসকোর্স ময়দানে দশ লক্ষাধিক মানুষ বঙ্গবন্ধুকে বীরোচিত সম্বর্ধনা জানায়। বঙ্গবন্ধুর প্রত্যাবর্তন আর নবজাত বাংলাদেশের অস্তিত্ব ছিল অঙ্গাঙ্গিভাবে জড়িত। ১০ জানুয়ারি লন্ডনের দি গার্ডিয়ান পত্রিকার সম্পাদকীয় নিবন্ধে বলা হয়, 'শেখ মুজিবের মুক্তিলাভ প্রধান এবং সর্বোত্তম ব্যাপার। এর ফলে বাংলাদেশের টিকে থাকার সম্ভাবনা দেখা দিয়েছে। তিনি ঢাকা বিমানবন্দরে পৌঁছানোর পর মাটিতে তাঁর পা রাখা মাত্রই এই নতুন রাষ্ট্র একটি বাস্তব সত্য হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে।' ১১ জানুয়ারি (১৯৭২) লন্ডনের দি টাইমস পত্রিকার সম্পাদকীয়তে মন্তব্য করা হয় যে, বাস্তব সত্য হচ্ছে, 'শেখ মুজিবের স্বদেশ প্রত্যাবর্তনের পর পূর্ব পাকিস্তানের বিলুপ্তি ঘটেছে এবং পূর্ব বাংলা বাংলাদেশে পরিণত হয়েছে।'

এটা স্বীকার করতেই হবে, বঙ্গবন্ধুর স্বদেশ ফিরে আসার কারণেই ৩ মাসের মধ্যে ভারতীয় সৈন্য সেদেশে চলে যায়। তিন মাসের কম সময়ের মধ্যে মুক্তিযুদ্ধে সাহায্যকারী ভারতীয় সৈন্যরা চলে যাওয়ার পর একজন বিদেশি ইতিহাসবিদ যথার্থই লিখেছেন, শেখ মুজিব বাংলাদেশকে দু'বার স্বাধীন করেছেন।' বিজয়ের পরেও বঙ্গবন্ধুর অবর্তমানে বাংলার মানুষের কাছে স্বাধীনতাকে অপূর্ণ মনে হয়েছে। বিজয়ের মহানায়কের আগমনে পূর্ণতা পায় অপূর্ণ স্বাধীনতা। স্বাধীনতার জনক ও মুক্তির মহানায়কের প্রতি বিনম্র শ্রদ্ধা। জয় বাংলা।

লেখক: বীর মুক্তিযোদ্ধা এবং মুক্তিযুদ্ধ বিষয়ে গবেষক; সিনিয়র সাংবাদিক

আমাদের রাজকুমার ও বাংলাদেশ

অসীম সাহা

তোমরা আমাকে কেউ স্বাধীনতার গল্প শোনাতে এসো না
তোমরা কেউ শোনাতে এসো না ৭ই মার্চের অগ্নিঝরা বিকেলে
কী করে গর্জমান ঢেউয়ের ভেতর থেকে উত্থিত হলো একটি
অবিনাশী কণ্ঠস্বর
আর আকাশ ফাটানো বজ্রের হুংকারে কেঁপে উঠলো পৃথিবীর মাটি!

সেদিন সেই অপরাহ্নবেলায় তোমাদের সঙ্গে-সঙ্গে রমনায়
আমিও ছিলাম এক সাহসী যুবক;
সেদিন সেই রৌদ্রস্নাত মাঠে দুপুর থেকেই ছুটে আসছিলো
গাঁয়ের চাষি, কারখানার শ্রমিক, মধ্যবিত্ত নরনারী,
রথখোলা ও কান্দুপট্টির বেশ্যা, লজ্জাবতী গৃহবধূ, কবি,
দুর্বিনীত লেখক, সাংবাদিক বুদ্ধিজীবীসহ দলীয় নেতাকর্মী;
এমনকি জেলখানার গরাদ ভেঙে পালিয়ে আসা দুর্ধর্ষ কয়েদি;
যেন বাংলার আকাশের সব মেঘ বৃষ্টি হয়ে ঝরে পড়ছিলো
রমনার বুকে।
আর লক্ষ-লক্ষ মানুষের বাঁধভাঙা মিছিলে ডুবে যাচ্ছিলো
ঢাকার সমস্ত পথঘাট, রাজপথ, রমনার সম্পূর্ণ উদ্যান।
সকলের কণ্ঠে-কণ্ঠে প্রতিধ্বনিত হচ্ছিলো একটি মাত্র
অবিনাশী শ্লোগান, 'জয় বাংলা'।
তাদের হাতে ছিলো নানা রঙের, নানা বর্ণের তীক্ষ্ণ হাতিয়ার,
মনে হচ্ছিলো, বিসুভিয়াসের ভয়ংকর লাভা থেকে উদ্গীরিত
অগ্নিশিখা অকস্মাৎ গিলে ফেলবে সম্পূর্ণ পৃথিবী।
অপেক্ষার ক্লান্তি নেই, অগ্নিদগ্ধ পাঁজরে দাউ-দাউ জ্বলছে আগুন
একটু-একটু করে বয়ে যাচ্ছে প্রত্যাশার প্রবল সময়
তখনো আসেনি সেই দৃপ্ত রাজকুমার,
যাঁর ডাকে বাংলার নদী-মাঠ, গ্রাম-গঞ্জ, হাট-ঘাট,
এমনকি তন্দ্রা থেকে জেগে উঠে একটি মাঠের দিকে ছুটে চলে
এসেছিলো সব ঘাসফুল; একটি কিশোরী একা
অসংখ্য গোলাপে গাঁথা সুরভিত মালাগুলো হাতে নিয়ে বিস্ময়ে
তাকিয়ে ছিলো জনস্রোতে ভাসমান মঞ্চের দিকে;
খালি গায়ে একটি কিশোর একা টিএসসির মোড়ে এসে
গাইছিলো বাংলার জাগরণী গান;
ঠিক তক্ষুনি লক্ষ কণ্ঠের উদ্দীপ্ত শ্লোগানে-শ্লোগানে
ভরা সমুদ্রের ঢেউয়ের ভেতর দিয়ে উদ্ধত ভঙ্গিমায়
মঞ্চে উঠে এসেছিলেন আমাদের প্রিয় সেই দৃপ্ত রাজকুমার।
গায়ে তাঁর সফেদ পাঞ্জাবি, পরনে চির শুভ্র পায়জামা,
আর সারা শরীরে আত্মীয়ের মতো জড়িয়ে থাকা দীপ্ত কালো কোট।
ব্যাকব্রাশ চুল, মুখে সেই দৃপ্ত ভঙ্গিমা, মাইকের
সামনে এসে দাঁড়ালেন যেই,
সঙ্গে-সঙ্গে সম্পূর্ণ ময়দান কাঁপিয়ে লক্ষ-লক্ষ মানুষের
গগনবিদারী চিৎকারে মুখরিত হয়ে উঠলো
বাংলার আকাশ-বাতাস।
তারপর শান্ত নদীর মতো নিঃস্তব্ধতা নেমে এলো
মার্চের বিকেলের মাঠে!
একটি কণ্ঠ থেকে কী গান আসবে ভেসে-
সে-রকম প্রতীক্ষায়
কেটে যাচ্ছে নিঃশব্দ প্রহর,
সংশয়ে দুলে উঠছে প্রাণ, অশ্রুতে ভিজে যাচ্ছে চোখ;
সেই মুহূর্তে প্রিয়তম বজ্রকণ্ঠে উচ্চারিত হলো সেই
মর্মভেদী বাণী :

"এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম,
এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম"

তখন থেকেই আমরা মুক্ত হলাম, তখন থেকেই
স্বাধীনতা শব্দটি আকাশ-বাতাস,
পৃথিবী এবং সৌরমণ্ডল ছাপিয়ে
ছড়িয়ে গেলো ২৬শে মার্চের মধ্যরাতের দিকে,
তারপর এলো সেই ১৬ই ডিসেম্বর-
আমাদের বিজয় দিবস-
পৃথিবীর মানচিত্রে সূর্যোদয়ের মতো ফুটে উঠলো
নতুন এক স্বদেশের নাম:
বাংলাদেশ
বাংলাদেশ
বাংলাদেশ।

দ্বিতীয় নবাবের অভিলাষ

রফিকুর রশীদ

আমাদের নবাব চাচা যে একেবারে শেষ বেলায়, নাটক মঞ্চায়নের শেষ প্রান্তে এসে এরকম নাটকীয় একটা ঘটনা ঘটিয়ে বসতে পারে, সেকথা আমরা আগে কেউ ভাবতেই পারিনি। নিয়মিত রিহার্সেলে এলে হয়তো তার আচার-আচরণের মধ্যে কোনোরকম অসঙ্গতি কারো না কারো নজরে পড়ত, সময় থাকতে সাবধান হওয়া যেত অথবা বিকল্প একটা কিছু ভাবা যেত। কিন্তু না, সে সুযোগও আমরা পাইনি। আগে নবাব চাচার অভিনয় আমরা দেখিনি বললেই চলে, তবে তার নাট্যপ্রতিভার বিস্তর প্রশংসা শুনেছি এলাকার বহু মানুষের কাছে। সিনেমার পর্দায় আনোয়ার হোসেনের অভিনয় যারা দেখার সুযোগ পেয়েছে, তাদের মধ্যেও অনেকেই অকুণ্ঠভাবে ঘোষণা করে- সিরাজউদ্দৌলার চরিত্রে অভিনয়ের প্রশ্নে আমাদের নবাব হচ্ছে আনোয়ার হোসেনের কার্বনকপি। সেই অগ্নিগোলক দুই চোখ, প্রশস্ত ললাট, সেই ব্যাকব্রাশ চুল, মিলিয়ে নিতে চাইলে একে একে সবকিছুতেই মিল খুঁজে পাওয়া যাবে। মঞ্চে নবাব চাচার অভিনয় যারা দেখেছে তাদের চোখে নবাব সিরাজউদ্দৌলা, আনোয়ার হোসেন এবং এই পলাশপাড়া হাইস্কুলের নৈশপ্রহরী নবাব আলী মিলেমিশে একাকার হয়ে আছে। আমরা এ প্রজন্মের তরুণেরা প্রায় বার্ধক্যে উপনীত নবাব চাচার মধ্যে এত সব সাদৃশ্য যথাযথভাবে দেখতে পাইনি বলে সিনিয়রদের কাছে তিরস্কৃত হয়েছি- দেখার জন্যে দৃষ্টি লাগে, তোরা কোথায় পাবি এসব! নবাব হচ্ছে জিনিয়াস।

তা আমরা কেমন করে জানবো নবাব চাচার নাট্যপ্রতিভার খবর! আমাদের এই পলাশপাড়ায় স্কুল-কলেজ-মাদ্রাসা সবই হয়েছে, লেখাপড়া জানা মানুষের সংখ্যা বেড়েছে, বড় হুজুরের নামে তিনদিনব্যাপী ওরস মোবারকের আয়োজন হয়, তাই বলে ফি-বছর নাটক-যাত্রা মঞ্চায়ন তো হতে দেখিনি। অথচ গল্প শোনা যায়- এ গ্রামের জমিদারবাড়িতে নাকি নাটমন্দির ছিল, যাত্রানাটকের সঙ্গে শাস্ত্রীয় নৃত্যেরও জলসা হতো, নদীতে বজরা ভাসিয়ে লক্ষ্ণৌ থেকে বাঈজিও আনা হতো। এসব সেই কবেকার কথা! জমিদারবাড়ির ভগ্নাবশেষ এখনো দাঁড়িয়ে আছে বটে, কিন্তু কোথায় নাটমন্দির! স্বাধীনতার পর হেডমাস্টার ইন্দুভূষণ বাবুর নেতৃত্বে এবং আগ্রহে পলাশপাড়া নবনাট্য সংঘ নামে একটি প্রতিষ্ঠান বেশ ক'বছর চলেছিল মহাসমারোহে। নবাব আলী সেই নাট্যচর্চারই সুবর্ণ ফসল। লোকে বলে- ইন্দুবাবুর হাতেগড়া পুতুল।

ইন্দুবাবুর সাক্ষাৎশিষ্য নবাব আলীকে আমাদের নাটকের রিহার্সালে নিয়মিত আসার কথাটা কে বলবে? সে থাকে আপন জগতে। বাড়িতে একটা দুধেল গাই গরু আছে। সেই গরুর গলার দড়ি ধরে স্কুল-কম্পাউন্ডের

চতুর্দিকে সারা বিকেল চরানোর পর একেবারে সন্ধ্যার মুখে তাকে খোঁয়াড়ে তুলে রেখে সে স্কুলে চলে আসে নাইট ডিউটিতে। ইন্দুবাবুর হেডমাস্টারি জীবনের শেষ প্রান্তে এসে নবাব আলীকে এই নাইটগার্ডের চাকরি দিয়ে যান। নাটক-যাত্রার নেশায় পড়ে ততদিনে পৈত্রিক সামান্য জমি-জিরেত হারিয়ে তার পথে বসার দশা। গলার রগ কাঁপিয়ে যাত্রার ডায়ালগ টানটান করে উচ্চারণ করা ছাড়া সংসার-রাজ্যের আর কোনো কাজই ঠিকমতো শেখা হয়নি তার। কী করবে সে! কোলে বাচ্চাসহ বউটাকে হেডমাস্টারের বাড়িতে গছিয়ে দিয়ে মাঝে মধ্যেই পলাশপাড়া ছেড়ে উধাও হয়ে যায়। ফিরে আসে তিন চার মাস পরে। কোথায় যায়, কী করে- কারো কাছে এসব নিয়ে মুখ খোলে না। ইন্দুবাবু বহু তত্ত্বতালাশ করে আবিষ্কার করেন, নবাব আলী সুদূর ফরিদপুরের এক যাত্রাদলে চাকরি নিয়েছে। অভিনয় করার চাকরি। নবাব সিরাজউদ্দৌলা ছাড়াও টিপু সুলতান, সাজাহান প্রভৃতি ঐতিহাসিক পালায় সে অভিনয় করে। এটাই তার চাকরি, কিন্তু এ চাকরির মেয়াদ ওই মাস তিনেকের বেশি নয়। বছরের বাকি সময় সে কী করবে! সংসার চলবে কেমন করে! হেডস্যারের চোখের সামনে সে ফ্যা ফ্যা করে ঘোরে, বাড়ির ভেতরে ঢুকে দরাজকণ্ঠে মা ডেকে গিন্নিমাকে পটায়, সেই সাথে টুকিটাকি ফাইফরমাস খাটে। এসব কাণ্ডকীর্তি দেখে বউটা তখন অভিমান করে বাপের বাড়ি চলে যায়। নবাব আলী নিরুদ্বিগ্নচিত্তে হাসে আর বলে- ক্যানে, ইডা কি তুমার বাপের বাড়ি না? মায়ের বাড়ি না? এ্যাতো দ্যামাগ কিসির, এ্যাঁ?

সবকিছু দেখে শুনে হেডমাস্টার ইন্দুভূষণ নবাব আলীকে তাঁর স্কুলের নাইটগার্ডের চাকরি দিয়ে প্রকৃতপক্ষে বাপের কাজটাই করেন। সেই থেকে সে পায়ের তলে মাটি খুঁজে পায়, নিজের পায়ে থিতু হয়ে দাঁড়াতে চেষ্টা করে। নবাব আলী তার প্রকৃত নাম নয়, একথা গ্রামের সবাই একপ্রকার ভুলেই গেছে। নবাব সিরাজউদ্দৌলার চরিত্রে অভিনয় কুশলতার স্বীকৃতি হিসেবে পিতৃপ্রদত্ত নাম ছাপিয়ে নবাব পরিচয়টা ততোদিনে বেশ দাঁড়িয়ে গেছে। সেই সঙ্গে আছে নবাবি স্বভাব। হেডস্যারও চাকরি দেবার সময় তার স্বোপার্জিত এই পরিচয়কেই প্রাতিষ্ঠানিকভাবে অনুমোদন করেন। কাগজে কলমে নির্দিষ্ট হয়ে যায় নবাব আলীর নাম স্কুলের খাতায়, ভোটার লিস্টে সর্বত্রই নবাব আলী।

বহুদিন পর নতুন করে নাটকে অভিনয়ের প্রস্তাবে নবাব আলী প্রথমে চমকে ওঠে। চোখ গোল গোল করে তাকায় সবার মুখে মুখে। চিনতে চেষ্টা করে- এরা কারা? এরা কি এই জনপদেরই সন্তান! এদের মাথায় কে ঢোকালো নাটকের পোকা? ছেলেরা কোনো রাখঢাক না করে সোজাসুজি জানায়- কলেজপড়ুয়া কয়েকজন বন্ধু মিলে এবারের বিজয় দিবসে নাটক মঞ্চায়নের সিদ্ধান্ত গ্রহণ করে। তারপর ক্লাসে নাটক পড়ান যে আতাহার স্যার, তাঁর কাছে গিয়ে এই সিদ্ধান্তের কথা বলতেই তিনি আনন্দে লাফিয়ে ওঠেন এবং ছেলেদের ঠেলে পাঠান নবাব আলীর কাছে। তারা দাবি জানায়, আমাদের নাটকে নবাবের রোলটা আপনাকেই করতে হবে চাচা।

নবাব আলীর চোখে-মুখে বিস্ময় ঠিকরে ওঠে,

তার মানে তোমরা বই নামাবা নবাব সিরাজউদ্দৌলা?

দু'তিনজন একসঙ্গে বলে ওঠে,

হ্যাঁ চাচা, সেইজন্যেই তো আপনাকে-

না না আমার বয়স হয়েছে বাবা। আর কতদিন নবাব চরিত্রে অভিনয় করব?

আতাহার স্যার যে আপনার কথা বললেন! আপনাকে আমরা...

শেষে ছেলেদের দাবি মানতেই হয়। নবাব আলীর বুকের ভেতরে ঘুমিয়ে থাকা বাংলার শেষ নবাব সিরাজউদ্দৌলা আড়মোড়া ভেঙে জেগে ওঠে, সম্মতি জানায়। এভাবেই দীর্ঘদিনের ব্যবধানে আবারও তার নাটকে জড়িয়ে পড়া। কিন্তু রিহার্সালে অংশগ্রহণ নিয়ে দেখা দেয় সংকট। রিহার্সাল হবে কলেজের কমনরুমে, প্রতিদিন সন্ধ্যার পর। নাইটগার্ড নবাব আলী তখন স্কুল ফেলে যাবে কেমন করে! তার ডিউটিও শুরু সন্ধ্যা থেকেই। তাহলে উপায়! আতাহার স্যার এ সংকটের কথা শুনে হা হা করে উচ্চস্বরে হেসে উড়িয়ে দেন। আঙুলের ডগায় তুড়ি বাজিয়ে আমাদের ধমকে ওঠেন- তোমরা চেনো নবাব আলীকে? কতটুকু জানো?

আমাদের মুখে কথা নেই। স্যারের মুখের দিকে তাকিয়ে থাকি ফ্যাল ফ্যাল করে। হাসির লাগাম টেনে স্যার আমাদের অবাক করা তথ্য জানান- গোটা সিরাজউদ্দৌলা বইটা নাকি নবাব আলীর মুখস্থ। সিরাজ, মীরজাফর, রায়দুর্লভ, উমিচাঁদ, মোহনলাল, মীর মদন, ঘসেটি বেগম, লুৎফা, লর্ড ক্লাইভ- সবার সংলাপ সে একাই গড়গড় করে বলে যেতে পারে। নতুন করে কি আর রিহার্সালের দরকার আছে তার! আমরা সবাই একযোগে ঘাড় মাথা দোলাই, তা ঠিক, তা ঠিক। কী ভেবে স্যার নিজে থেকেই ঘোষণা দেন- হ্যাঁ, তাকে আমরা ধরে আনব স্টেজ-রিহার্সালের দিন। হুঁ হুঁ, তখন দেখো সিরাজউদ্দৌলা কাকে বলে!

দীর্ঘ অভিজ্ঞতার কারণে নবাব আলীর রিহার্সাল না লাগলেও অন্যান্য চরিত্রের অভিনয় গড়েপিটে তোলার জন্যে রিহার্সালের সময় সিরাজউদ্দৌলার চরিত্রে একজনের প্রক্সি দেয়া খুব জরুরি প্রয়োজন হয়ে ওঠে। সেখানেও এগিয়ে আসেন আতাহার স্যার, প্রতিটি রিহার্সালে নির্বিকার চিত্তে নবাবের চরিত্রে প্রক্সি দিয়ে যান, প্রতিটি চরিত্রের ডায়ালগ প্রোয়িং, ক্যাচিং, মঞ্চে কার কোথায় অবস্থান- সবকিছু ধীরে ধীরে দরদ দিয়ে শিখিয়ে দেন। এই পলাশপাড়ায় কলেজ প্রতিষ্ঠার পর থেকে দশ-বারো বছর ধরে ক্লাসরুমের মধ্যে নাটক পড়িয়ে এসেছেন সিলেবাস শেষ করার তাগিদে, কিন্তু আতাহার স্যার নিজে থেকে কলেজে কিংবা কলেজের বাইরে নাটক মঞ্চায়নের কোনো উদ্যোগ কখনো নেননি। আমাদের আয়োজনের সঙ্গে যুক্ত হবার পর সেই মানুষটাই যেন আমূল বদলে গেলেন। দিন যতো ঘনিয়ে আসে, উৎসাহ তার ততোই বৃদ্ধি পায়। মঞ্চসজ্জা, লাইট, সাউন্ড, মেকআপ, ড্রেসআপ- সবদিকে তাঁর টনটনে খেয়াল। নিজে কোনো চরিত্রে অভিনয় করবেন না, অথচ সবার সঙ্গেই আছেন। একেবারে স্টেজ রিহার্সালের দিন নিজে গিয়ে নবাব আলীকে রিকশায় উঠিয়ে নিয়ে আসেন। শিল্পীর সম্মান বলে কথা!

সত্যি স্বীকার করতে দ্বিধা নেই- নবাব চাচার অভিনয় আমরা আগে তো কখনো দেখিনি। নানান জনের কাছে নানা গালগল্প শুনেছি। এদিকে আমাদের আতাহার স্যার তো আছেনই প্রশংসায় পঞ্চমুখ। বাপরে বাপ, জীবিত থাকতেই মানুষ যে এমন কিংবদন্তির নায়কে পরিণত হতে পারে একথা আমাদের জানাই ছিল না। তার গমগমে কণ্ঠে যখন বাতাস কেঁপে উচ্চারিত হয় 'বাংলা বিহার উড়িষ্যার নবাব আলীবর্দি খাঁ, দাদু, আমায় বলেছিলে ইস্ট ইন্ডিয়া কোম্পানির ইংরেজদের তুমি আশ্রয় দিয়ো না...' তখন সারা গায়ের লোম কাঁটা না দিয়ে পারে না। পাতানো যুদ্ধের প্রহসনে সিরাজের পরাজয়ে কার না বুক ভেঙে যায়! আতাহার স্যার তো বলেই বসেন- এই মানুষটি একসময় আমাদের এ তল্লাটের মুকুটবিহীন নবাব ছিলেন, হ্যাঁ।

শ্রদ্ধায় আমাদের মাথা নত হয়ে আসে। এত কাছে থেকেও এতদিনে এই পাহাড় সমান উচ্চতার মানুষটিকে চিনতে পারিনি বলে ভেতরে ভেতরে খুবই লজ্জিত হই। বিস্ময়েরও অবধি থাকে না- এত বড় নাটকের পুরোটাই তার মুখস্থ! বিস্ময়ের সলতে আরো খানিক উসকে দেবার জন্যে আতাহার স্যার তো বলেই বসেন, সাজাহান নাটকের ডায়ালগ শুনবে নাকি তোমরা?
আমরা হ্যাঁ বলতে না বলতেই অতিশয় সরল অন্তকরণের নবাব চাচা 'সাজাহান' নাটক থেকে পিতৃহৃদয়ের হাহাকার ছড়ানো লম্বা এক সংলাপ উচ্চারণ করতে শুরু করে। কিন্তু 'জাহানারা' শব্দটি উচ্চারণের সঙ্গে সঙ্গে থমকে দাঁড়িয়ে পড়ে। প্রগাঢ় মমতামাখানো সংলাপ। কী আশ্চর্য, ওই জাহানারাতেই আটকে যায়। একবার নয় বারবার ঘুরে ঘুরে ওইখানে থেমে যায়। শেষের বারে তো কান্নায় ভিজে আসে গলা। মুখে আর কথা সরে না। আতাহার স্যার অতিদ্রুত বুকের মধ্যে জড়িয়ে ধরে রিক্সায় তুলে বিদায় দেন নবাব চাচাকে। তারপর আমাদের সামনে ব্যাখ্যা দেন- বয়স হয়েছে তো, আবেগ সামলাতে পারেনি।

স্যারের এই ব্যাখ্যা আমরা সহজেই মেনে নিই। আমাদের মধ্যে একমাত্র রিন্টু বাধা দেয়। তার বাড়ি নবাব চাচাদের পাড়াতেই। রিন্টুর মনের ভেতরে কী আছে সে জানে! সহসা প্রশ্ন করে বসে,
এই জাহানারাটা কে স্যার?
এমন প্রশ্ন শুনে অনেকেই হেসে ওঠে। তবু স্যার কিন্তু রিন্টুর প্রশ্নের সঠিক উত্তর দেন, সম্রাট সাজাহানের কন্যা জাহানারা।
রিন্টু বলে, নবাব চাচারও একটা মেয়ে আছে জাহানারা নামে।
তাই নাকি!
জ্বি স্যার। জাহানারার স্বামী তাকে তালাক দিয়েছে। গতকাল সে বাপের বাড়ি চলে এসেছে।
এ খবর শুনে আতাহার স্যারের বুক চিরে একটা দীর্ঘশ্বাস উগরে আসে। মুখে দু'বার চুক চুক করে অনুশোচনা করেন নবাব চাচার জন্যে। ঘরে তার স্ত্রী অনেকদিন থেকে অসুস্থ। একমাত্র ছেলে জব্বার হয়েছে অমানুষ। আবার এই মেয়েটার হলো এই অবস্থা! তবু নাটকের কথা বললেই হলো, আর তাকে পায় কে! স্যার আমাদের আশ্বস্ত করেন- ভয়ের কিছু নেই, ঠিক সময় মতো গ্রিনরুমে এসে হাজির হবে দেখো। একেবারে জাতশিল্পী যে, তার পথ আগলাবে কে!

হ্যাঁ, বাস্তবেও হলো তাই। নাটক মঞ্চায়নের দিন সবার আগে না হোক, নবাব আলী যথাসময়েই সাজঘরে হাজির।
চোখে মুখে মোটেই ব্যক্তিগত দুঃখ দৈন্যের ছাপ নেই। বরং বহুদিন পর নাটকের মঞ্চে ওঠার সুযোগ পেয়েছে বলে সে যেন আনন্দে আটখানা। অকারণেই হো হো করে হেসে ওঠে। ঘন ঘন চায়ের অর্ডার দেয়। মেকআপ সারা হলে আয়নার সামনে ঘুরে ঘুরে বারবার নিজেকে দ্যাখে। আয়নার মধ্যে মুচকি হেসে নিজের সঙ্গে রসিকতা করে- কী হে নবাব, নাটক জমবে তো!

পলাশপাড়ার নবাব আলী স্বয়ং নবাব সিরাজের চরিত্রে অভিনয় করবে আর সেই নাটক জমবে না, তা কিছুতে হয়! 'বয়স হয়েছে' কিংবা 'দীর্ঘদিন অভিনয়ের অভ্যাস নেই'- এসব অজুহাতের জবাবে আতাহার স্যার পরিষ্কার জানিয়ে দেন- পুরানো চাল যে ভাতে বাড়ে, দেখে নিয়ো সবাই। ওর

বহুদিন পর নতুন করে নাটকে অভিনয়ের প্রস্তাবে নবাব আলী প্রথমে চমকে ওঠে। চোখ গোল গোল করে তাকায় সবার মুখে মুখে। চিনতে চেষ্টা করে- এরা কারা? এরা কি এই জনপদেরই সন্তান! এদের মাথায় কে ঢোকালো নাটকের পোকা? ছেলেরা কোনো রাখঢাক না করে সোজাসুজি জানায়- কলেজপড়ুয়া কয়েকজন বন্ধু মিলে এবারের বিজয় দিবসে নাটক মঞ্চায়নের সিদ্ধান্ত গ্রহণ করে। তারপর ক্লাসে নাটক পড়ান যে আতাহার স্যার, তাঁর কাছে গিয়ে এই সিদ্ধান্তের কথা বলতেই তিনি আনন্দে লাফিয়ে ওঠেন এবং ছেলেদের ঠেলে পাঠান নবাব আলীর কাছে। তারা দাবি জানায়, আমাদের নাটকে নবাবের রোলটা আপনাকেই করতে হবে চাচা।

নাম নবাব আলী, ইন্দুবাবুর রাখা নাম, হ্যাঁ। নবাব আলী সত্যিই তার নামের মান রেখেছে। দীর্ঘ সংলাপ টানটান করে উচ্চারণের সময় তার শ্বাসকষ্ট খানিকটা ধরা পড়ে যায় ঠিকই, তবু তার বুকভরা আবেগ আর চরিত্রের সঙ্গে একাত্মতা ছোটখাটো ত্রুটিবিচ্যুতি পরম মমতায় ঢেকে দেয়। মঞ্চে সে ঠিকই দোর্দণ্ড দাপুটে নবাব, ফোর্ট উইলিয়াম দুর্গজয়ের স্মৃতি তাকে আত্মপ্রত্যয়ী করে ঘরে-বাইরে ষড়যন্ত্রের প্রাকার ভেঙে সবার মধ্যে দেশপ্রেম জাগিয়ে তুলতে এবং পলাশীর প্রান্তরে নতুন করে সৈন্য সমাবেশে আগ্রহী করে; আবার আলেয়ার সামনে পরিস্ফুট হয়ে ওঠে প্রেমবিহ্বল অন্য এক নবাবের ছবি। সব মিলিয়ে বেশ চলছিল আমাদের নাটক। দর্শকের চোখেমুখে মুগ্ধ আবেশ। নাটকের উত্থান পতনের সঙ্গে তারাও একাকার। শুধু নবাব বলে তো কথা নয়, তার সঙ্গে অভিনয় করতে নেমে আমাদের মতো আনাড়ি অভিনেতাদেরও সব জড়তা কেটে যায়। ফলে বহুদিন পরে হলেও পলাশপাড়ার দর্শকেরা একটি ভালো নাটক উপভোগের সুযোগ পায়। একেবারে শেষের দিকে এক দৃশ্যে আমাদের নবাব আলী সহসা বিগড়ে যায়। তখন সে স্রেফ অন্যমানুষ। বেগম লুৎফাকে নিয়ে সিরাজউদ্দৌলা রাতের অন্ধকারে যাত্রা করবেন ভগবানগোলার পথে। এদিকে নবাব আলী কিছুতেই সিংহাসন থেকে নামতে রাজি নয়, বসে আছে অনড় হয়ে; লুৎফার আহ্বানেও যখন কোনো কাজ হচ্ছে না, তখন একান্ত বাধ্য হয়ে আমাদের আতাহার স্যারকে মঞ্চে অবতীর্ণ হতে হয়। মঞ্চে উঠে এসে নাটকীয় আবহ রক্ষা করেই তিনি ডেকে ওঠেন,

জাঁহাপনা!

কী আশ্চর্য, এই ডাকে নবাব যেন একটুখানি কেঁপে ওঠে। চোখের পাতা নেচে ওঠে।

নৌকা প্রস্তুত জাঁহাপনা! চলুন, এক্ষুনি বেরিয়ে পড়ি।

সিরাজউদ্দৌলা সিংহাসনের হাতলে দু'হাতে মুঠি পাকান। অব্যক্ত কী যেন বলতে চান,বলা হয় না। সিংহাসনের হাতলে ঘুষি মারেন। দু'চোখের অগ্নিগোলক বিস্ফারিত করে তাকিয়ে থাকেন। আতাহার স্যার বলেন,

আর বিলম্ব নয় জাঁহাপনা। চারিদিকে ওঁৎ পেতে আছে শত্রু।

সিরাজউদ্দৌলা কী ভেবে সহসা উঠে দাঁড়ান। সিংহাসনের চতুর্দিকে মৃদু পায়চারি করেন। থমকে দাঁড়িয়ে হঠাৎ বলে ওঠেন,

বাংলার মসনদ তাহলে অরক্ষিত পড়ে থাকবে গোলাম হোসেন?

এ নিয়ে আপনি ভাববেন না জাঁহাপনা, আতাহার স্যার নিজেই সংলাপ রচনা করেন, এ বড় দুঃসময়। এসময়ে আগে নিজেকে বাঁচান।

নিজেকে বাঁচাব! এমনই স্বার্থপর?

হো হো করে অট্টহাসিতে ফেটে পড়েন সিরাজউদ্দৌলা। সে হাসি রাতের নিস্তব্ধ দেয়ালে ধাক্কা খেয়ে প্রতিধ্বনিত হয়। হাসি যেন থামতেই চায় না। আতাহার স্যার সেই হাসির মধ্যেই জোড়হাত করে দাঁড়িয়ে যান সামনে,

গোস্তাকি মাফ করবেন জাঁহাপনা। এখন এভাবে হাসবারও সময় নয়। চলুন আমার সঙ্গে।

তবে কি এটা কাঁদবার সময় গোলাম হোসেন?

এটা মুর্শিদাবাদ ত্যাগ করার সময়। দয়া করে আপনি আসুন আমার সঙ্গে।

ভয়ানক অনিচ্ছা সত্ত্বেও সিংহাসন ত্যাগ করেন সিরাজউদ্দৌলা। মঞ্চ ছেড়ে যাবার আগে অশ্রুসজল চোখে চারিদিকে একবার চেয়ে দেখে নেন, দর্শকদের কৌতূহলোদ্দীপক দৃষ্টির সামনে নির্বাক দাঁড়িয়ে থাকেন মিনিটখানেক, কী যেন বলতে চেয়েও বলা হয় না, ঠোঁটের ফাঁকে বিড়বিড় করতে করতে অবশেষে কাঠের সিঁড়ি ভেঙে ধীরপায়ে নেমে আসেন মঞ্চ থেকে। অভিনয় শেষে মঞ্চ ত্যাগের সময় শিল্পীদের পায়ে যে গতি থাকে, আমাদের নবাব আলী সেই গতি যেন সবার অলক্ষ্যে কখন হারিয়ে ফেলেছে। বিধ্বস্ত শরীরে টলতে টলতে ড্রিনরুমে এসে হাতলভাঙা পুরানো চেয়ারটায় ধপাস করে বসে পড়ে। আতাহার স্যার সামনে দাঁড়িয়ে প্রশ্ন করেন,

কী হয়েছে নবাব ভাই, আপনার শরীর খারাপ লাগছে?

নবাব আলী নিরুত্তর।

খিদে পেয়েছে? খাবেন কিছু?

ঘাড়ের ওপরে নবাব আলীর মাথা সামান্য দুলে ওঠে। এর অর্থ হ্যাঁ এবং না দুইই হতে পারে। আতাহার স্যার হাত ধরে নিয়ে কাকে যেন চায়ের অর্ডার দেন। কাচের গ্লাসে টলটলে লাল লিকার আসে। সেদিকে ভ্রুক্ষেপ নেই নবাব আলীর। যেন চায়ের কোনো তৃষ্ণাই তার নেই। ড্রেসআপ মেকআপ খসিয়ে ফেলার জন্যে এগিয়ে আসে মেকআপম্যান। তখন সে হাত তুলে নিরস্ত করে তাকে। তারপর সটান উঠে দাঁড়ায়। জরির কাজ করা মখমলের শেরোয়ানির বুক থেকে একটা সোনালি বোতাম কখন খসে গেছে কেউ তা খেয়াল করেনি। সেই বোতামশূন্য ফাঁকে হাত রেখে নবাব আলী জানতে চায়,

নবাবের পোশাকে আমাকে কেমন মানিয়েছে বলো দেখি!

এ আবার একটা প্রশ্ন হলো! অনেকেই মুখ চাওয়া চাওয়ি করে। আতাহার স্যার কাঁধে হাত রেখে বলেন,

ফার্স্ট ক্লাস মানিয়েছে নবাব ভাই। একেবারে অরিজিনাল সিরাজউদ্দৌলা। বাংলার শেষ নবাব।

হঠাৎ উচ্ছ্বসিত হয়ে ওঠে নবাব আলী,

সত্যি বলছ তোমরা?

সত্যি বলতে সত্যি! আর অভিনয়ও হয়েছে তেমনি। যাকে বলে বাদশার বাদশা, নবাবের নবাব।

কী কথায় যে কী কথা এসে গেল! এই শেষ বেলায় নবাব আলী সহসা অদ্ভুত এক অভিলাষ ব্যক্ত করে,

অনেক হয়েছে। অভিনয় আর নয়। এখন আমি এই সাজপোশাকেই থাকতে চাই। সিংহাসন তো ছেড়েই এসেছি, এখন এই সাজপোশাক যদি না ছাড়ি...

এমন এক প্রস্তাব শুনে আমরা বাক্যহারা হয়ে অভিনেতা নবাব সিরাজের মুখের দিকে তাকিয়ে থাকি।

লেখক: কথাসাহিত্যিক

পিতা

নাসির আহমেদ

পিতা মানে একটু শাসন, অনেকখানি আদর
পিতা মানে তীব্র শীতে উষ্ণ উমের চাদর।
পিতা মানে ভালোবাসার অলৌকিক এক মায়া!
পিতা মানে চৈত্রতাপে বটের শীতল ছায়া।

পিতা মানে বন্ধু এমন সবার চেয়ে প্রিয়
পিতা মানে মহান পুরুষ অবিস্মরণীয়।
পিতা মানে সবচেয়ে প্রিয় রক্তবাঁধন সত্তা
পিতা মানে শিশুর কাছে পরম নিরাপত্তা।

পিতা মানে স্মৃতির ভেতর স্থায়ী বসত যাঁর
পিতা এমন চির অমর- হয় না মরণ তাঁর।

পিতা আমার প্রাণের পিতা বিশ্বসেরা জন
পিতা মানে সোনার বাংলা শ্যামল-সবুজ মন।

পিতা মানে ভালোবাসার সাগর অনিঃশেষ
পিতা মানেই মহান মুজিব, লাল-সবুজের দেশ।

পিতা মানে ভালোবাসার এমন রঙিন ঘুড়ি
পিতার শোকেই অনন্তকাল আপন মনে পুড়ি।

ডিসেম্বরের সকাল

সোহরাব পাশা

সুন্দরের প্রতিশ্রুতি- রোদ
ভাঙে ছায়ার প্রচ্ছদশিল্প,
ধুলোর দৌরাত্ম্য বাড়ে

তীব্র হেসে ওঠে ফুল ফোটা-
ডিসেম্বরের সকাল

শহিদ মিনার- নক্ষত্রের লাল চোখ
গুচ্ছ গুচ্ছ লাল ফুল
দীর্ঘশ্বাসের অশ্রুঝরা শব্দে
আলোর ঘ্রাণে মুখর
সব পথ
এই পথ ছেড়ে যাব না কোথাও
এখানে দাঁড়িয়ে আছে
লাবণ্যের ছায়াবাড়ি
নিবিড় গহিনে ডাকে
শ্যামল প্রান্তর
মৃত্তিকার প্রিয় কোলাহল

হৃদয় কাটা রক্তে আমরা স্বাধীনতা পেয়েছিলাম

শাহ্‌নাজ মুন্নী

তখন সন্ধ্যাগুলো ছিল ভয় ধরানো
দুঃস্বপ্ন নিয়ে আসতো প্রতিটি সকাল
এসেছিল ধ্বংসের ঋতু, চলছিল উৎকণ্ঠার কাল
জীবন পোড়ার গন্ধ বাতাসে, ধোঁয়াতে তুমুল হাহাকার
শূন্য গলিতে একলা ঘোরে গৃহহীন পোষা বিড়াল
সঙ্গীতের মত বুলেট বাজছিল সঙ্গে আর্তচিৎকার
বাড়ির ছেলেটি বাইরে বেরিয়ে ফিরলো না ঘরে আর
ঘাসগুলো তবু ভোরের মতো সবুজ ছিল
কান্নার জলে যাচ্ছিল ভেসে স্বপ্নের শৈবাল
সম্ভ্রমহারা বোনের শরীর পতাকা দিয়ে ঢেকেছিলাম
স্বাধীনতা ছিল নিখোঁজ ভাইয়ের রক্তের মত লাল
হারানোর দুঃখে নয়, পাওয়ার আনন্দে আমরা কেঁদেছিলাম
ছিঁড়েছিল দীর্ঘদিনের পরাধীনতার জাল
হৃদয় কাটা রক্তে আমরা স্বাধীনতা পেয়েছিলাম।

বড়দিনের মহিমা! মর্ত্যে এলেন পরিত্রাতা

পাস্টর প্রিন্স শমূয়েল সরেন

‘ মহানন্দের এই গৌরবময় বড়দিনের সন্ধিক্ষণে প্রত্যেকটি জীবন হোক আজ প্রভুর মহানুগ্রহে পরিপূর্ণ। জীবনের প্রতিটি ছন্দে স্বর্গীয় আলোকচ্ছটা উদ্ভাসিত হোক শান্তির স্রোতধারায়, প্রতিটি হৃদয়ের স্পন্দনে জেগে উঠুক প্রভুর স্বর্গীয় ভালোবাসার গভীর উপলব্ধি, স্বর্গ দূতের স্বর্গীয় কলরবে একাত্ম সকল খ্রিষ্টভক্তগণের কণ্ঠে মুখরিত হোক সারাবিশ্ব এই স্তবগানে, উর্ধ্বলোকে ঈশ্বরের মহিমা, পৃথিবীতে তাঁর প্রীতির পাত্র, মনুষ্যদের মধ্যে শান্তি। ’

যুগ যুগ ধরে অধিকাংশ মানুষের মনে এই প্রশ্ন বারে বারে জেগে উঠেছে খ্রিষ্টীয় জীবনের মূল ভিত্তি কি ? বা কে এই ধর্মীয় বিশ্বাসের প্রবর্তক? এই প্রশ্নের সুস্পষ্ট উত্তর পবিত্র বাইবেলে রয়েছে আর তা হলো, খ্রিষ্টীয় বিশ্বাসের মূল ভিত্তি হলেন আমাদের ত্রাণকর্তা প্রভু যিশু খ্রিষ্ট। কারণ একমাত্র তিনিই পাপ থেকে মানুষকে পরিত্রাণ দিয়ে পবিত্র ঈশ্বরের সঙ্গে সম্মিলিত করার সত্য পথ উন্মোচন করেছেন যেন পাপী মানুষ তাঁর অনুগ্রহের দ্বারা পাপের ক্ষমা পেয়ে অনন্তজীবন লাভ করতে পারে। প্রভু যিশু সেইজন্য দৃঢ় নিশ্চয়তায় বলেছেন আমিই পথ, সত্য ও জীবন আমা দিয়া না আসলে কেহ পিতার নিকটে যেতে পারে না। আমার নিকটে এসো, আমি তোমাদের শান্তি দিব। যুগ যুগ ধরে শান্তির অন্বেষণে এই পৃথিবীস্থ সমস্ত মানুষ যখন পরিশ্রান্ত ও ভারাক্রান্ত ঠিক সেই মুহূর্তে স্বর্গীয় পিতা তাঁর মঙ্গল সংকল্প অর্থাৎ সমস্ত জগতের ত্রাণকর্তার আগমনের মহিমাময় বার্তা ঘোষণা করলেন

যিশাইয় ভাববাদীর মাধ্যমে, ঘোষিত হল সর্বকালের সর্বশ্রেষ্ঠ প্রত্যাশার বাণী, কারণ একটি বালক আমাদের জন্য জন্মেছেন, একটি পুত্র আমাদেরকে দত্ত হয়েছে; আর তাঁরই স্কন্ধের উপরে কর্তৃত্বভার থাকবে এবং তাঁর নাম হবে, আশ্চর্য্যমন্ত্রী, বিক্রমশালী ঈশ্বর, সনাতন পিতা, শান্তিরাজ (যিশাঃ ৯:৬)। আর সেই কারণে খ্রিষ্টভক্তদের কাছে এইদিন এত বড় যা অন্য কোনো দিনের সঙ্গে তুলনীয় নয়। সত্যই এই দিন বড়দিন। কারণ স্বর্গের ঈশ্বর মানবরূপে এই ধরাতে নেমে এলেন পাপী মানুষকে উদ্ধার করার জন্য। স্বর্গের সিংহাসন ছেড়ে নিজেকে শূন্য করে আপন প্রাণ মুক্তির মূল্যরূপে কালভেরী ক্রুশে প্রদান করলেন যেন পাপী মানুষ পরিত্রাণ পায়। পাপী মানুষের প্রতি তাঁর এই প্রেম আর পাপ থেকে উদ্ধার পাবার এই আহবানে সাড়া দিয়ে তাইতো বিশ্বের অগণিত মানুষ পরিত্রাণের আনন্দে বড়দিনের উৎসবে গেয়ে উঠে এই গান, আজ শুভ বড়দিন ভাই, আজ শুভ বড়দিন, খ্রিষ্ট যিশু এলেন ভবে ছেড়ে স্বর্গের সিংহাসন। প্রভু যিশু খ্রিষ্টের জগতে আগমনের এই মহানন্দের সুসমাচার সেই সময়ে ঐ অঞ্চলের মেষপালকদের কাছে পৌঁছে দিয়ে স্বর্গের দূতগণ স্বর্গীয় কলরবে গেয়ে উঠেছিল এই স্তবগান, উর্ধ্বলোকে ঈশ্বরের মহিমা, পৃথিবীতে তাঁর প্রীতির পাত্র- মনুষ্যদের মধ্যে শান্তি।

প্রভু যিশু খ্রিষ্টের জন্মের আগমনবার্তা স্বর্গদূতের মাধ্যমে ঈশ্বর প্রেরণ করলেন, পবিত্র বাইবেল এই সত্য প্রকাশ করছে, পরে ষষ্ঠ মাসে গাব্রিয়েল দূত ঈশ্বরের নিকট হইতে গালীল দেশের নাসরৎ নামক নগরে একটি কুমারীর নিকটে প্রেরিত হলেন, তিনি দায়ুদ কুলের যোষেফ নামক পুরুষের প্রতি বাগদত্তা হয়েছিলেন, সেই কুমারীর নাম মরিয়ম। দূত তাকে বললেন, মরিয়ম ভয় করো না, কেননা তুমি ঈশ্বরের নিকটে অনুগ্রহ পেয়েছ। আর দেখ, তুমি গর্ভবতী হয়ে পুত্র প্রসব করবে ও তাঁর নাম যিশু রাখবে। তখন মরিয়ম দূতকে বললেন, ইহা কিরূপে হবে? দূত উত্তর করে বললেন, পবিত্র আত্মা তোমার উপরে আসবেন এবং পরাৎপরের শক্তি তোমার উপরে ছায়া করবে; এই কারণ যে পবিত্র সন্তান জন্মিবেন, তাঁকে ঈশ্বরের পুত্র বলা যাবে (লূক ১:২৬-৩৫)। পবিত্র বাইবেল বলে, যে জাতি অন্ধকারে ভ্রমণ করতো, তারা মহা-আলোক দেখতে পেয়েছে, যারা মৃত্যুচ্ছায়ার দেশে বাস করতো, তাদের উপরে আলোক উদিত হয়েছে (যিশাইয় ৯:২)। প্রভুর বাক্যের এই সত্যতা প্রমাণিত হলো এই মর্ত্যে, আর সেই বাক্য মাংসে মূর্তিমান হলেন (প্রভু যিশুর রক্ত মাংসের দেহে প্রকাশ) এবং আমাদের মধ্যে প্রবাস করলেন আর আমরা তাঁর মহিমা দেখলাম, যেমন পিতা হতে আগত একজাতের মহিমা; তিনি অনুগ্রহে ও সত্যে পূর্ণ (যোহন ১:১৪)।

প্রভু যিশু খ্রিষ্টের মানবরূপে এই জগতে প্রকাশিত হওয়ার বিবরণ পবিত্র বাইবেলে এইভাবে উল্লেখ করা হয়েছে, প্রভুর এক দূত স্বপ্নে তাঁকে দর্শন দিয়ে বললেন, যোষেফ, দায়ুদ সন্তান তোমার স্ত্রী মরিয়মকে গ্রহণ করতে ভয় করো না, কেননা তাঁর গর্ভে যা জন্মেছে, তা পবিত্র আত্মার দ্বারা হয়েছে; আর তিনি পুত্র প্রসব করবেন এবং তুমি তাঁর নাম যিশু (ত্রাণকর্তা) রাখবে; কারণ তিনিই আপন প্রজাদেরকে তাদের পাপ থেকে ত্রাণ করবেন (মথি ১:২০-২১)।

এই সত্য আজও এই পৃথিবীস্থ অধিকাংশ মানুষ জানে না যে, একমাত্র পাপের কারণে সৃষ্টির শ্রেষ্ঠ মানুষ পবিত্র ঈশ্বরের সঙ্গে হয়েছে বিচ্ছিন্ন এবং শাপগ্রস্থ। আর সেই কারণে জীবনের চারিদিকে এত হতাশা, ব্যর্থতা, হিংসা-বিদ্বেষ, দুঃখ-কষ্ট, রোগ-ব্যাধি এবং যন্ত্রণাকাতর মৃত্যুর নিশ্চিত হাতছানি। পবিত্র বাইবেল এই সত্য প্রকাশ করছে যে, কেননা পাপের বেতন মৃত্যু (রোমীয় ৬:২৩)। তাইতো পাপের দ্বারা আক্রান্ত জগতের সীমাবদ্ধ মূর্খ জ্ঞান দ্বারা আজও মানুষ সত্য জানতে পারেনি যে, পাপ থেকে উদ্ধার না পেলে ঈশ্বরের অনুগ্রহে প্রদত্ত অনন্তজীবনের অধিকারে কখনো কেউ প্রবেশ করতে পারবে না। কিন্তু প্রশ্ন হচ্ছে কে প্রকৃতরূপে এই পথ দেখাবে? কার হাতে এই ক্ষমতা দেওয়া হয়েছে? কে প্রকৃতরূপে ঈশ্বর কর্তৃক মনোনীত এবং মুদ্রাঙ্কিত। এই

সারাবিশ্ব যেন আজ হিংসার দাবানলে জ্বলে উঠেছে। মানুষে-মানুষে সংঘাত, জাতিতে-জাতিতে বৈষম্য, ধর্মে-ধর্মে যুদ্ধ, চারিদিকে শুধু হানাহানি আর হিংসা-প্রতিহিংসার শিকার ব্যক্তি, পরিবার, সমাজ আর মানবিক মূল্যবোধ। প্রবাদ আছে, ধর্ম যদি মানুষকে ধার্মিক না করে, তবে তা সত্য ধর্ম নয়। বর্তমান মানুষের নৈতিক অবক্ষয় বলে দিচ্ছে মানুষ শয়তানের ভ্রান্তি দ্বারা ক্রমশঃ ভুল পথে ধাবিত হচ্ছে, যার ফল আমরা প্রত্যেকে চরমভাবে ভোগ করছি। প্রভু যিশু খ্রিষ্ট সেইজন্য স্বর্গ থেকে নেমে এলেন যেন আমরা সত্য জীবন পাই। আর তাই তিনি বললেন, আমি এসেছি, যেন তারা জীবন ও উপচয় পায়, আমিই পথ, সত্য ও জীবন, আমি জগতের জ্যোতি, যে আমার পশ্চাৎ আসে সে জীবনের দীপ্তি পাবে।

সত্যের অনুসন্ধান আজও মানুষ সোনার হরিণের মত খুঁজে ফিরছে যা এখনো অনেকের কাছে অজানা। একটি চরম সত্য হলো, পবিত্র বাইবেল বলে, ঈশ্বরকে কেহ কখনো দেখে নাই, কিন্তু একজাত পুত্র যিনি পিতার ক্রোড়ে থাকেন তিনিই তাঁকে প্রকাশ করেছেন। যিনি স্বর্গ থেকে আসেন, তিনিই সর্বপ্রধান, কারণ তিনি যা দেখেছেন, তারই সাক্ষ্য দেন, আর তাঁর সাক্ষ্য সত্য (যোহন ১ঃ১৮; ৩ঃ৩১-৩৩)। ঈশ্বরের স্বর্গীয় মহিমা প্রকাশের জন্য কাল সম্পূর্ণ হলে ঈশ্বর আপনার নিকট হতে আপন পুত্রকে প্রেরণ করলেন; তিনি স্ত্রী-জাত ব্যবস্থার অধীনে জাত হলেন, যেন ভাববাণী পূর্ণ হয়, প্রভু আপনি তোমাদেরকে এক চিহ্ন দিবেন; দেখ এক কন্যা গর্ভবতী হয়ে পুত্র প্রসব করবে ও তাঁর নাম ইম্মানুয়েল রাখবে, যার অর্থ- আমাদের সহিত ঈশ্বর (যিশাইয় ৭ঃ১৪)।

যুগে যুগে একটি প্রশ্ন বার বার মানুষের মনে জেগে উঠেছে, আর তা হল, কে এই যিশু খ্রিষ্ট? কি তাঁর পরিচয়? তিনি কোথা থেকে এসেছেন? পবিত্র বাইবেলে এই সব প্রশ্নের সুস্পষ্ট উত্তর প্রদান করা হয়েছে। মথি লিখিত সুসমাচার ৩ অধ্যায়ের ১৬ এবং ১৭ পদে লেখা আছে, যিশু বাপ্তাইজিত হয়ে যখন জল হতে উঠলেন, আর দেখ তাঁর নিমিত্ত স্বর্গ খুলে গেল, এবং তিনি ঈশ্বরের আত্মাকে কপোতের ন্যায় নেমে আপনার উপরে আসতে দেখলেন। আর দেখ, স্বর্গ থেকে এই বাণী হল, ইনিই আমার প্রিয় পুত্র, ইহাঁতেই আমি প্রীত। যিশুই যে জীবন্ত ঈশ্বরের পুত্র, এই কথা কোনো মানুষ বলে নাই কিন্তু স্বয়ং ঈশ্বরই তাঁর মুখ নির্গত বাণীর দ্বারা এই জগতের সামনে তাঁর একজাত পুত্রের পরিচয় করে দিয়েছেন। তিনি পিতার ক্রোড়ে ছিলেন এবং প্রকাশিত হলেন যেন তাঁর মাধ্যমে স্বর্গস্থ পিতার মহিমা এই পৃথিবীস্থ সকল মানুষ দেখতে পায়। সেইজন্য প্রভু যিশু জগতে এসে বললেন, আমি জগতের জ্যোতি, যে আমার পশ্চাৎ আসে, সে কোনমতে অন্ধকারে চলবে না, কিন্তু জীবনের দীপ্তি পাবে। তিনি আদিতে ঈশ্বরের কাছে ছিলেন। সকলই তাঁর দ্বারা হয়েছিল, যা হয়েছে তার কিছুই

তাঁহা ব্যতিরেকে হয় নাই। তাঁর মধ্যে জীবন ছিল এবং সেই জীবন মনুষ্যগণের জ্যোতি ছিল। আর সেই জ্যোতি অন্ধকারের মধ্যে দীপ্তি প্রকাশ করছে। দু'হাজার বছর পূর্বে প্রভু যিশু জগতে মানবরূপে প্রকাশিত হয়ে বললেন, আমি এসেছি যেন তারা জীবন ও উপচয় পায়।

যিশু খ্রিষ্টই যে স্বয়ং ঈশ্বর তা পবিত্র বাইবেল সুস্পষ্টভাবে প্রকাশ করেছে, কলসীয় ১ অধ্যায়ের ১৫ এবং ১৬ পদে বলা হয়েছে, ইনিই অর্থাৎ প্রভু যিশুই অদৃশ্য ঈশ্বরের প্রতিমূর্তি, সমুদয় সৃষ্টির প্রথমজাত; কেননা তাঁহাতেই সকলই সৃষ্ট হয়েছে; স্বর্গে ও পৃথিবীতে দৃশ্য কি অদৃশ্য যা কিছু আছে, সিংহাসন হোক, কি প্রভুত্ব হোক, কি আধিপত্য হোক, কি কর্তৃত্ব হোক, সকলই তাঁর দ্বারা ও তাঁর নিমিত্ত সৃষ্ট হয়েছে। কলসীয় ২ অধ্যায়ের ৯ এবং ১০ পদে বলা হয়েছে, কেননা তাঁহাতেই অর্থাৎ যিশুর মধ্যেই ঈশ্বরত্বের সমস্ত পূর্ণতা দৈহিকরূপে বাস করে; এবং তোমরা তাঁহাতে পূর্ণীকৃত হয়েছো, যিনি সমস্ত আধিপত্যের ও কর্তৃত্বের মস্তক। প্রভু যিশু খ্রিষ্টের ঈশ্বরত্বের পরাক্রম এই জগতে তিনি মানবরূপে বিচরণকালে প্রকাশ করেছেন। তাঁর শিষ্যগণ যখন সমুদ্রে নৌকায় প্রচণ্ড ঝড়ের মধ্যে পড়েছিল তখন প্রভু যিশুই ঝড় থামিয়ে প্রমাণ করলেন সমস্ত প্রকৃতির উপর তাঁর সার্বভৌম ক্ষমতা (মথি ৮ঃ২৩-২৭)। কারণ স্বয়ং ঈশ্বর ছাড়া আর কারো প্রকৃতিকে নিয়ন্ত্রণ করার ক্ষমতা নেই। ৪ দিনের মৃত লাসারকে জীবন দিয়ে তিনি প্রমাণ করলেন তিনি জীবনদাতা (যোহন ১১ঃ১-৪৪)। একমাত্র ঈশ্বরই মানুষকে জীবন দান করতে পারেন। ব্যভিচারী পাপীষ্ঠা নারীকে ক্ষমা করে তিনি প্রমাণ করলেন যে, পাপের ক্ষমা এবং পরিত্রাণ দেয়ার ক্ষমতা একমাত্র তাঁর হাতে রয়েছে (লুক ৭ঃ৩৬-৫০)। এখনো প্রভু যিশুর শিষ্য এবং ভক্তগণের মধ্য দিয়ে তিনি এই জগতে তাঁর জীবন্ত পরাক্রম ও মহিমা প্রকাশ করে চলেছেন যেন তাঁর বাক্যের সত্যতা সপ্রমাণিত হয়। সেই কারণে খ্রিষ্টভক্তগণ এই সুসমাচার চারিদিকে প্রচার করে থাকে যে, একমাত্র প্রভু যিশু খ্রিষ্টই পাপ থেকে উদ্ধার করে অনন্তজীবন দিতে পারে। কেননা এই মহান আদেশ স্বয়ং প্রভু যিশু খ্রিষ্ট নিজেই তাঁর শিষ্যদের দিয়েছেন, তোমরা সমুদয় জগতে সুসমাচার প্রচার কর, যে বিশ্বাস করে ও বাপ্তাইজিত হয় সে পরিত্রাণ পাবে, যে অবিশ্বাস করে তার দণ্ডাজ্ঞা করা যাবে (মার্ক ১৬ঃ১৫-১৬)। পবিত্র বাইবেল এই সত্য প্রকাশ করে আকাশের নীচে মনুষ্যদের মধ্যে আর কোন নাম নাই যে নামে আমাদের পরিত্রাণ পেতে হবে (প্রেরিত ৪ঃ১২)। প্রভু যিশু খ্রিষ্টের স্বর্গীয় প্রেম এই জগতে খ্রিষ্টভক্তদের মধ্য দিয়ে বিভিন্নভাবে প্রকাশিত হচ্ছে। সামাজিক উন্নয়নের বিভিন্ন কর্মকাণ্ডে আমরা এর উদাহরণ খুঁজে পাব দুঃস্থ মানুষের পাশে দাঁড়ানো, ক্ষুধার্তকে খাদ্য দান, বস্ত্রহীনকে

বস্ত্র দান, পীড়িতদের সেবা, এই প্রকার নানাবিধ কল্যাণমুখী, সেবামূলক প্রতিষ্ঠানের দ্বারা, বিশেষতঃ খ্রিষ্টিয়ান এনজিওগুলো এই স্বর্গীয় ভালোবাসা প্রকাশ করে আসছে। বিশ্বখ্যাত মহীয়সী নারী মাদার তেরেজা প্রভু যিশুর স্বর্গীয় এই ভালোবাসায় অনুপ্রাণিত এক উৎকৃষ্ট উদাহরণ। যার ভালোবাসার স্পর্শে এই পৃথিবীস্থ অগণিত অসহায় দুঃস্থ মানুষ হয়েছে আশীর্বাদধন্য। এখনো স্বর্গীয় এই ভালোবাসায় মানুষের সেবায় অব্যাহত রয়েছে তাঁর গড়া প্রতিষ্ঠানগুলো কালের সাক্ষীরূপে। সারাবিশ্বে ২৫শে ডিসেম্বর খ্রিষ্টভক্তগণ যখন ত্রাণকর্তা প্রভু যিশু খ্রিষ্টের জগতে মানবরূপে আগমনকে উৎসবমুখর পরিবেশে পালন করে, তখন প্রকৃতপক্ষে তারা জগতে প্রভুর আগমনের মূল উদ্দেশ্য ও লক্ষ্যকে স্মরণ করে তাঁর গৌরব স্বীকারপূর্বক তাঁর আরাধনা প্রশংসায় তাঁর প্রভুত্বের কাছে নিজেদেরকে উৎসর্গ করে। পবিত্র বাইবেল বলে, কারণ ঈশ্বর জগতকে এমন প্রেম করলেন যে, তাঁর একজাত পুত্রকে দান করলেন যেন যে কেহ তাঁকে বিশ্বাস করে সে বিনষ্ট না হয়, কিন্তু অনন্তজীবন পায় (যোহন ৩:১৬)। খ্রিষ্টভক্তগণ প্রভুর অনুগ্রহে পাওয়া সেই অনন্তজীবনের নিশ্চয়তার আনন্দে তাইতো দিকে দিকে ছড়িয়ে দেয় মহানন্দের সুসমাচারের গৌরবময় বার্তা, একজন জগতের ত্রাণকর্তা এসেছেন যিনি সকল পাপী মানুষকে পাপ থেকে উদ্ধার করবেন তিনি হচ্ছেন প্রভু যিশু খ্রিষ্ট। আজ পৃথিবীতে পাপাত্মার কারণে মানুষের দৈনন্দিন জীবন হয়ে উঠেছে অশান্ত এবং যন্ত্রণাময়। সারাবিশ্ব যেন আজ হিংসার দাবানলে জ্বলে উঠেছে। মানুষে-মানুষে সংঘাত, জাতিতে-জাতিতে বৈষম্য, ধর্মে-ধর্মে যুদ্ধ, চারিদিকে শুধু হানাহানি আর হিংসা-প্রতিহিংসার শিকার ব্যক্তি, পরিবার, সমাজ আর মানবিক মূল্যবোধ। প্রবাদ আছে, ধর্ম যদি মানুষকে ধার্মিক না করে, তবে তা সত্য ধর্ম নয়। বর্তমান মানুষের নৈতিক অবক্ষয় বলে দিচ্ছে মানুষ শয়তানের ভ্রান্তি দ্বারা ক্রমশঃ ভুল পথে ধাবিত হচ্ছে, যার ফল আমরা প্রত্যেকে চরমভাবে ভোগ করছি। প্রভু যিশু খ্রিষ্ট সেইজন্য স্বর্গ থেকে নেমে এলেন যেন আমরা সত্য জীবন পাই। আর তাই তিনি বললেন, আমি এসেছি, যেন তারা জীবন ও উপচয় পায়, আমিই পথ, সত্য ও জীবন, আমি জগতের জ্যোতি, যে আমার পশ্চাৎ আসে সে জীবনের দীপ্তি পাবে। আমিই পুনরুত্থান ও জীবন, যে আমাতে বিশ্বাস করে সে মরলেও জীবিত থাকবে। একটা ভ্রান্তি সারাবিশ্বে ছড়িয়ে রয়েছে আর তা হল, প্রভু যিশু খ্রিষ্ট, খ্রিষ্টিয়ান ধর্মের প্রবর্তক। প্রকৃত সত্য হচ্ছে, 'Christianity is not a religion, it is relationship with God' খ্রিষ্টীয় বিশ্বাসের ভিত্তি হচ্ছে প্রভু যিশু খ্রিষ্ট, যার মাধ্যমে জগতের আদমজাত সকল পাপী মানুষ পাপ থেকে পরিত্রাণ লাভ করে ঈশ্বরের সঙ্গে সম্মিলিত হতে পারে। অর্থাৎ প্রভু যিশু খ্রিষ্ট তিনি স্বয়ং ঈশ্বর যিনি পাপী মানুষকে পাপ থেকে উদ্ধার করার জন্য মানবরূপে জগতে এসে কালভেরী ক্রুশে জগতের পাপভার তুলে নিলেন, আপন প্রাণ মুক্তির মূল্যরূপে প্রদান করলেন যেন জগত তাঁর দ্বারা পরিত্রাণ পায়। পাপী মানুষ যেন পাপের ক্ষমা পেয়ে পবিত্র ঈশ্বরের সঙ্গে সম্মিলিত হওয়ার মাধ্যমে স্বর্গ-পুরীর প্রজার অধিকার দ্বারা স্বর্গীয় সমস্ত আশীর্বাদে তৃপ্তিকর আনন্দ ও শান্তিতে প্রকৃত বিশ্রামের জীবনযাপন করতে পারে। শান্তিরাজের রাজত্বে শান্তির সন্তান, শান্তির গৃহ যেন প্রতিষ্ঠিত হয়। পবিত্র বাইবেল বলে, সকলের সঙ্গে শান্তির অনুধাবন কর, তোমাদের যতদূর সাধ্য থাকে মনুষ্যমাত্রের সহিত শান্তিতে বাস কর। প্রভু যিশু বলেছেন, আমার নিকটে এসো আমি তোমাদের শান্তি দিব, আমি যে শান্তি দিই, জগত তা দিতে পারে না, তোমাদের হৃদয় উদ্বিগ্ন না হোক, ঈশ্বরে বিশ্বাস রাখ, সাহস কর, এ আমি, ভয় করো না, তোমরা পরস্পর প্রেম কর, তোমরা যদি পরস্পর প্রেম রাখ, তবে ইহাতেই সকলে জানবে যে, তোমরা আমার শিষ্য।

বছর বছর ঘুরে আসে বড়দিনের এই মহিমাময় ক্ষণ, যেন সমুদয় জগতের মানুষ আজ এই সুখবর জানতে পারে যে, জগতের ত্রাণকর্তার আগমন হয়েছে। তাঁর স্বর্গীয় দীপ্তিতে যেন পাপে অন্ধকারাচ্ছন্ন পৃথিবী দীপ্তিময় হয়। সেইজন্য যত লোক তাঁকে গ্রহণ করল, সেই সকলকে যারা তাঁর নামে বিশ্বাস করে তাদেরকে তিনি ঈশ্বরের সন্তান হবার ক্ষমতা দিলেন। সমুদয় জগতে এই মহানন্দের সুসমাচার ঘোষণা করা হয়েছে, তোমাদের জন্য একজন ত্রাণকর্তা জন্ম নিয়েছেন, তিনি প্রভু যিশু খ্রিষ্ট। কালভেরী ক্রুশে ঢেলে দেওয়া তাঁর বহুমূল্য আরোগ্যদায়ী রক্ত আমাদের সমস্ত পাপ শুচি করতে পারে। তাঁর কাছে জীবন সমর্পণ করে আমরা হতে পারি জীবন মুকুটের অধিকারী। তাঁর উপর সম্পূর্ণ বিশ্বাস এনে দিতে পারে পরিত্রাণ ও অনন্তজীবনের নিশ্চয়তা।

খ্রিষ্টভক্তগণ এই মহাপবিত্র দিনে প্রভুর চরণতলে ভগ্ন-চূর্ণ হৃদয় নিয়ে নিজের জীবন সমর্পণ করে অনুতাপের অশ্রুজলে এই প্রার্থনা নিবেদন করবে, "প্রভু যিশু তুমি আজ এসো আমার হৃদয় মন্দিরে, আমার সমস্ত পাপ ক্ষমা করে তোমার সন্তান হবার অধিকারে ধন্য ও পূর্ণ করো এই পাপময় জীবন। তোমার স্বর্গীয় দীপ্তিতে দীপ্তিময় করো অন্ধকারাচ্ছন্ন এই পাপপূর্ণ ধরাতল। গ্রহণ করো এই ধূলিমাত্র নগণ্য জীবন উপহারস্বরূপ তোমার স্বর্গীয় ভালোবাসায়।" মহানন্দের এই গৌরবময় বড়দিনের সন্ধিক্ষণে প্রত্যেকটি জীবন হোক আজ প্রভুর মহানুগ্রহে পরিপূর্ণ। জীবনের প্রতিটি ছন্দে স্বর্গীয় আলোকচ্ছটা উদ্ভাসিত হোক শান্তির স্রোতধারায়, প্রতিটি হৃদয়ের স্পন্দনে জেগে উঠুক প্রভুর স্বর্গীয় ভালোবাসার গভীর উপলব্ধি, স্বর্গদূতের স্বর্গীয় কলরবে একাত্ম সকল খ্রিষ্টভক্তগণের কণ্ঠে মুখরিত হোক সারাবিশ্ব এই স্তবগানে, ঊর্ধ্বলোকে ঈশ্বরের মহিমা, পৃথিবীতে তাঁর প্রীতির পাত্র, মনুষ্যদের মধ্যে শান্তি। ঈশ্বরের অনুগ্রহ সকলের সহবর্তী হোক। ইম্মানুয়েল (আমাদের সহিত ঈশ্বর)।

লেখক: পালক, পবিত্র যিশু খ্রিষ্টের মণ্ডলী,
মহাখালী, ঢাকা

মৃত্যুহীন সময়ের ঘোড়া

জহীর হায়দার

ছুটে চ'লছে মৃত্যুহীন সময়ের ঘোড়া
বলো বিদ্যুৎ তীক্ষ্ণ প্রাচীর বলো উন্মাদ
বিদগ্ধ পাগল বলো, পর্বতের শীতল গুম্ফার কালো রেখার নীচে
বিদ্রোহের সূর্যকে মুড়িয়ে রেখেছে কে?
সোনায়মোড়া সভ্যতাকে বারুদের তীক্ষ্ণ আবরণ দিয়ে ঢেকে দিয়েছে কে?
বলো কঙ্কাল, বলো নগরীর, মৌলিক স্তম্ভের নিচে কার রক্তাক্ত পদচিহ্ন:

বলো আগুন বলো জল বলো,
নীরব শিখরের পাদদেশে কাদের তাজ কণ্ঠস্বর
চাপা প'ড়েছিলো,
গুহার স্তব্ধ অন্ধকার অন্ধ অরণ্যের মতো
কাদের ঢেকে রেখেছিলো:
প্রাসাদের কোন্ সূর্যের মুখে অঙ্কিত ছিলো
আহতদের মর্মন্তুদ ক্ষতচিহ্ন:

বলো শান্তির হে বিশ্বস্ত দূত,
তোমার ক্ষিপ্র পায়ের শেকলের মধ্যে
কে জ্বেলেছিলো তীব্র বিদ্রোহের আগুন:
আমি তার অন্ধকারাচ্ছন্ন পাদদেশ থেকে
খুঁজে ফিরছি তোমাদের কান্নার ধ্বনি
আর রক্তাক্ত ক্ষতচিহ্ন:
আমার স্বদেশপ্রেমিক বন্ধুগণ
অনন্ত শান্তির হে মৃত্যুঞ্জয়ী সূর্য,
তোমাদের করুণ আত্মবিসর্জনের পর্ব থেকে
যে নতুন পৃথিবী নির্মিত হয়েছিলো,
শীর্ণ এদেশ তাকে সম্ভাষণ করেছিলো
ভোরের রক্তিম আলোয়:

মাটির সে উদার পৃথিবীর জন্যে
নির্বাক এ আমি খুলে রেখেছি
তপ্ত হৃদয়ের নিভৃত দরোজা
চোখ মেলেছি শান্তির সুসহিত সমুদ্রে-
হ্যাঁ, মার্জিত গোলাপের মতো সমৃদ্ধ হোক
নিবিড় এ বাসভূমি
বুদ্ধের ধ্যানের গভীরে নিমজ্জিত হোক

অগ্নিদগ্ধ এ পৃথিবী...

ঠিক তার নাম'ই বিজয়

কল্পনা সরকার

কে এলো সেদিন চিরকালের পরমায়ু নিয়ে
অমর অক্ষয় হয়ে
এমন সাধ্য কার?
শত বছরের তপস্যা শেষে
লক্ষ লক্ষ প্রাণের বিনিময়ে নির্বিশেষে
ঠিক এই মাটির বু'কে মানুষের মুক্তি দিতে
যেখানে জীবজগৎ এর নিশ্চিন্ত
আশ্রয়ের আঁচল পেতে
ঠিক তারই নাম বিজয়।
আজ ফুলকলি নির্বিঘ্নে পাপড়ি মেলে ফোটে,
উচ্ছল প্রাণে ফসল বোনে কৃষক আপন মাঠে
দিগন্তজোড়া সবুজ শ্যামলে ভরে উঠে বুক!
বাংলার মানুষের ভাগ্যে উন্নয়নের যত সুখ!
রোদ ঝলমল আনন্দ মিছিল উছলে পড়ে
বন-বনান্তে পথে প্রান্তরে
দৌড়ে এসেছিল সূর্য থেকে
লাল সবুজের পতাকা হাতে
এমনই শীতার্ত প্রভাতে
ঠিক তার'ই নাম বিজয়।
তার নাম'ই বিজয়।

শীতঋতু, বাঙালির যাপিতজীবন ও সাহিত্য

শেলী সেনগুপ্তা

বাংলাদেশ ষড়ঋতুর দেশ। ছয় ঋতুর আবর্তনে বদলে যায় প্রকৃতিও। কোনো ঋতু নীরবে আসে আবার চলেও যায়, কোনো ঋতু সগৌরবে আসে, আসে বীরের মতো। তার মধ্যে একটি শীত ঋতু। বারবার ফিরে আসে আপন উদ্দামে। নিজের প্রতাপ দেখিয়ে আসে, আবার চলেও যায়। পৌষ ও মাঘ মাস শীতকাল হলেও অগ্রহায়ণেই তার আগমনী সংগীত বেজে ওঠে। হেমন্ত যখন প্রৌঢ়ত্ব ঘোষণা করে তারপরেই আসে শীতের নির্মম বার্ধক্য। ষড়ঋতুর সবচেয়ে চমৎকার ঋতুটি হচ্ছে শীতকাল। কারণ আমাদের দেশে বছরের সিংহভাগ সময় গ্রীষ্ম ভর করে থাকে। জনজীবনকে গরমের তীব্রতায় অতিষ্ঠ করে তোলে। শীতকাল আমাদের সামগ্রিক জীবনাচারে ভিন্ন উপাদান ও অনুভূতি নিয়ে উদয় হয় এবং দ্রুত চলেও যায়। সুদিন যেমন কখনো দীর্ঘায়িত হয় না, ঠিক তেমনি শীতকালও দ্রুত বিদায় নেয়। বাঙালিরা সামাজিক ও সাংস্কৃতিক উৎসব-পার্বণের জন্য শীতকালকেই বেছে নিই এবং এটি যুগ-যুগান্তরের ধারাবাহিকতা।

শীতকালে ফোটে গাঁদা, ডালিয়া, সূর্যমুখী, গোলাপ। ফুলের দোকানগুলো বাহারি ফুলে সেজে ওঠে। সেজে ওঠে উৎসবের আসর, অতিথির ডালা। সরিষা ফুলের ক্ষেত আর মৌমাছির গুঞ্জনের দৃশ্য মনকে পুলকিত করে। শিশিরভেজা বনে পাপিয়ারা পিয়া পিয়া বলে ডাকে, গুনগুন করে একদল মৌমাছি ফুলের আশেপাশে। বাজারে আসে নতুন সবজি। সাচ্ছন্দে ভরে ওঠে মানুষের ঘর। আমাদের ফসলের মাঠ ভরে ওঠে শীতকালীন নানাপ্রকার রবিশস্যে। গ্রামাঞ্চলে খেজুর গাছের রসে পিঠা-পুলি তৈরি হয় ঘরে ঘরে। আমাদের দেশে শীতকাল আসে উৎসব আর আরাম-আয়েশের বারতা নিয়ে। শীতে শহরে যেমন উন্মুক্ত স্থানজুড়ে নানা অনুষ্ঠানের আধিক্য লক্ষ্য করি তেমনি গ্রামাঞ্চলেও পালাগান, যাত্রা, নাটক ইত্যাদি সাংস্কৃতিক অনুষ্ঠান শীত মৌসুমেই অনুষ্ঠিত হয়ে থাকে। গ্রীষ্ম-বর্ষা এড়িয়ে বিয়েসহ যাবতীয় সামাজিক অনুষ্ঠানও শীতকালে নির্ধারণ হয়ে থাকে। আমাদের দেশের পরিপ্রেক্ষিতে শীতকালকে সুদিনকাল রূপে গণ্য করা হয়।

চিত্রশিল্পীরাও শীত প্রকৃতির ছবি আঁকতে ভালোবাসে। শীতের সকাল আঁকতে খুব ভালো জলরং চিত্রে। শীতের শিশিরভেজা ভোরের দৃশ্য অপরূপ। উদীয়মান সূর্যের আলোয় উদ্ভাসিত গ্রামীণ বাড়ির উঠোন, চাদর মুড়িদেয়া মানুষ, নিঃস্তব্ধ প্রকৃতি ধোঁয়াশা

উজ্জ্বল, নরম এবং কোমলতায় ভরা প্রকৃতি। গাম্ভীর্যময় বৈশিষ্ট্যের জন্যই যেন শীতের সকাল বছরের অন্যান্য ঋতুর সকাল থেকে স্বতন্ত্র। এটিও উঠে এসেছে শিল্পীর তুলিতে।

শীত এমন এক ঋতু যা অন্যসব ঋতুর মতো সাহিত্যকেও প্রভাবিত করে। সেজন্যই হয়তো পিয়েত্রো আরোতিনো বলেছেন, 'এসো শীতকে ভালোবাসি, কেন না প্রতিভাবানদের কাছে এটাই বসন্তকাল।' সাহিত্যে শীতের উপাদান হিসেবে শীতল হাওয়া, কুয়াশা, শিশির, খেজুর রস, অতিথি পাখি, প্রজাপতির দেখা মেলে। কবি-লেখকের সঙ্গে পাল্লা দিয়ে শীতকালও যেন সাহিত্যের রসদ জোগাতে ব্যস্ত হয়ে পড়ে। তাই কাগজে শব্দের আঁচড়ে ফুটে ওঠে এ ঋতুর অপার সৌন্দর্য। যদিও রসনাবিলাসী বাঙালির মূল সংস্কৃতির বিরাট জায়গাজুড়ে শীতের পিঠা-পুলির ঐতিহ্য ধরা দেয় আপন মহিমায়। সবদেশের প্রকৃতি এক না হলেও বিশ্বের অনেক দেশেই শীতের আবির্ভাব চোখে পড়ে। তাই বিশ্বসাহিত্যেও শীতের পরশ পাওয়া যায়। পাশাপাশি বাংলা সাহিত্যের বিশাল অংশজুড়েও শীতের অবস্থান। বাংলা সাহিত্যে প্রাচীনকালের 'চর্যাপদ' থেকে শুরু করে বর্তমান সময়ের অতি আধুনিক সংগীত পর্যন্ত বিস্তৃত হয়ে আছে শীত। শীতকে ঘিরে গ্রামীণ আয়োজনও উঠে আসে বাংলা সাহিত্যে। পৌষের ফসল কাটার সময় গানের কথায় শোনা যায়, 'পৌষ তোদের ডাক দিয়েছে/ আয়রে চলে আয়।/ আয় আয় ডালা যে তোর ভরেছে/ আজ পাকা ফসলে।' এরকম বহুগানের সন্ধান পাওয়া যাবে শীতকে ঘিরে।

গানের পাশাপাশি গদ্যেও শীতের প্রকাশ বা বিকাশ ঘটতে থাকে। বিশেষ করে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সবচেয়ে গুরুত্বপূর্ণ ধাপ হচ্ছে শীত। দীর্ঘ নয় মাসের মধ্যে দু'মাসই যুদ্ধ করতে হয়েছে শীতকে উপেক্ষা করে। বিজয়ও অর্জিত হয়েছে শীতের মধ্যেই। তাই মুক্তিযুদ্ধের গান, কবিতা, গল্প, উপন্যাস, নাটকে একাধিকবার উঠে এসেছে শীতের উষ্ণতা বা বৈপরীত্য। ফলে শীতের প্রভাব বাঙালি জাতিসত্তার সঙ্গে মিশে আছে। আধুনিক বাংলা উপন্যাসেও শীতের উপস্থিতি রয়েছে। সৈয়দ ওয়ালীউল্লাহর 'চাঁদের অমাবস্যা' উপন্যাসে শীতের বর্ণনা এরকম 'শীতের উজ্জ্বল জ্যোৎস্না রাত, তখনো কুয়াশা নামেনি। বাঁশঝাড়ে তাই অন্ধকারটা তেমন জমজমাট নয়। সেখানে আলো অন্ধকারের মধ্যে যুবক শিক্ষক একটি যুবতী নারীর মৃতদেহ দেখতে পায়।'

কথাসাহিত্যের পাশাপাশি আধুনিক কবিতায় শীত যেন অধিক হারে মূর্ত হয়ে ওঠে। জাতীয় কবি কাজী নজরুল ইসলাম 'শীত বন্দনা' কবিতায় বলেন, 'ওগো মোর লীলা সাথী অতীত বরষার/ আজিকে শীতের রাতে নব অভিসার।' বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলাম, সুকান্ত ভট্টাচার্য এবং জীবনানন্দ দাসদের কবিতায়ও শীতের আরাধনা বা মাধুর্য ফুটে ওঠে। আধুনিক বাংলা কবিতায় শীতের বহুমাত্রিক রূপ অঙ্কিত হয়েছে রবীন্দ্রনাথের হাতে। শীতের বহিরাঙ্গিক ছবি যেমন পাওয়া যায় তাঁর রচনায়, তেমনি পাওয়া যায় দার্শনিক উপলব্ধি প্রকাশে শীতের অনুষঙ্গ। শীতের রূপ দেখা যায় তাঁর 'সামান্য ক্ষতি' কবিতায়। সেখানে মাঘ মাসের প্রবল শীতে মানুষ যখন কাঁপছে, তখন রাজমহিষী শীত নিবারণের জন্য দরিদ্র মানুষের সামান্য কুঁড়েঘরে আগুন জ্বালাতে কুণ্ঠিত হন না। এ কবিতা কেবল রাজমহিষীর স্বেচ্ছাচারিতা প্রকাশ করে না, বরং প্রকাশ করে উচ্চবিত্ত মানুষ কর্তৃক নিম্নবর্গের মানুষকে শোষণ ও নির্যাতনের কথা। এভাবে রবীন্দ্রনাথ শীতের অনুষঙ্গে বহিরাঙ্গের সঙ্গে মিলিয়ে দেন উপলব্ধির অন্তরঙ্গ অনুভূতিকে।

কবি সুকান্ত ভট্টাচার্যের কাছে শীত এসেছে দুঃখের বার্তা নিয়ে। দরিদ্র মানুষের কাছে শীতের ভয়াবহতা কবিকে চিন্তিত করেছে। তাই নিম্নবর্গের মানুষের জন্য সূর্যের কাছে তাঁর প্রার্থনা, সূর্য যেন শীতের হাত থেকে বাঁচার জন্য তাঁদের উত্তাপ দেয়। শীতকালে খেজুরগাছ কেটে রস-সংগ্রহ বাংলার এক চিরচেনা দৃশ্য। সুধীন্দ্রনাথ দত্তের কবিতায় পাওয়া যায় এমন ভাবনার প্রকাশ 'ঘোচে না সংশয়/ তোমারে নেহারি কি না প্রসারিত মাঠে/ প্রত্যুষের কুয়াশায় ঢাকা খেয়াঘাটে/ গৃহগামী কৃষকেরা যাবে সন্ধ্যাবেলা/ জটলা পাকায়'। বুদ্ধদেব বসু শীত-অনুষঙ্গকে ব্যবহার করেছেন দার্শনিক উপলব্ধির উপাদান-উৎস হিসেবে। শীতের রিক্ততা কবির কাছে প্রত্যাশিত, কারণ তা মানুষকে সংসার থেকে দিতে পারে প্রত্যাশিত মুক্তি। শীত কবির কাছে মৃত্যুর প্রমিত সত্তায় উপস্থিত হয়েছে 'আমি যদি মরে যেতে পারতুম এই শীতে, গাছ যেমন মরে যায়, সাপ যেমন মরে থাকে সমস্ত দীর্ঘ শীত ভ'রে।'

শীত কখনও কখনও বুদ্ধদেব বসুর চিত্ততলে জন্ম দেয় নিঃসঙ্গতাবোধ। তিনি মনে করেন, শীত মানুষের চেতনায় যে অনন্বয় ও নির্বেদ সৃষ্টি করে, পরিণতিতে যা জন্ম দেয় মহার্ঘ্য নিঃসঙ্গতা। তবে কবি-সাহিত্যিক ছাড়াও ঝড়, বৃষ্টিহীন গরমের তীব্র দাবদাহমুক্ত শীতকাল সঙ্গত কারণে সবারই প্রিয় যেন নিকটজন। ভ্রমণ, বনভোজন, সামাজিক-সাংস্কৃতিক উৎসব-পার্বণের উৎকৃষ্ট সময়রূপেও গণ্য করা হয় শীতকালকে। যারা কায়িক শ্রমে জীবিকা নির্বাহ করেন, তাদের জন্যও সহনীয় সময় এই শীতকাল।

একই শীতঋতু আমাদের কবিদের রচনায় আসতে পারে বিভিন্ন বোধ ও অভিজ্ঞানের সৃষ্টি-উৎস হিসেবে। আবার লেখকের চোখে ধরা দিতে পারে ভিন্নরূপে। শীত বাঙালি কবি-সাহিত্যিকদের সৃষ্টিশীল চৈতন্য বিকাশে পালন করেছে দূরসঞ্চারী এবং বহুমাত্রিক ভূমিকা। তাই কামনা করি এভাবেই শীতঋতু আরও আরও সমৃদ্ধ করুক বাংলাসাহিত্যকে। কবির লেখনীতে উঠে আসুক সমৃদ্ধ ও স্বালংকিত শীতঋতু।

লেখক: কথাসাহিত্যিক ও প্রাবন্ধিক

একটি লাল সবুজ পতাকার জন্য

শামীমা নাইস

ঢাকায় রেসকোর্স ময়দানের জনসমুদ্র পেরিয়ে
মঞ্চে, ডায়াসের সামনে এসে দাঁড়ালেন বঙ্গবন্ধু
মহাকালের তর্জনী উঁচিয়ে বললেন,
"এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম
এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।"

তারপর যুদ্ধে যুদ্ধে নয় মাস;
ত্রিশ লাখ শহিদের লাল তাজা রক্তে
ভেসে গেলো বাংলার মাটি, মাঠ, ঘাট, সবুজ ঘাস, নদী, সমুদ্র
ভেসে গেলো পৃথিবীর বৃহত্তম ব-দ্বীপ
লুট হলো সভ্যতার শুভ্র পালক!
ধর্ষিতা লাখো লাখো মা বোনের চোখের জল
মিশে গেলো বহতা নদীর স্রোতে!

পশ্চিম পাকিস্তানের হানাদার বাহিনী
আর স্বাধীনতার শত্রুদের আগুনে-
দাউ দাউ পুড়ে গেলো
পূর্ব পাকিস্তনের মুক্তিকামী মানুষের বাড়ি-ঘর,
অগণিত অমূল্য স্থাপনা, সহায় সম্বল সব!

পোড়া দেহে পোড়া মনে তবু বাঙালি বাঁচিয়ে রাখলো স্বপ্ন
হয়ে উঠলো আরও আত্মপ্রত্যয়ী, সংকল্পে অটল
অসাম্প্রদায়িক চেতনায় ঐক্যবদ্ধ।

একাত্তরের ছাব্বিশে মার্চ থেকে ষোলোই ডিসেম্বর
যুদ্ধে যুদ্ধে নয় মাস, বাংলাদেশের স্বাধীনতার দাবিতে-
জয় বাংলা, জয় বাংলা স্লোগানে
প্রকম্পিত হলো আকাশ বাতাস
যার যা কিছু আছে তাই নিয়ে দাঁড়ালো শত্রুর মুখোমুখি
বাংলার ঘরে ঘরে দুর্গ গড়ে তোলা হলো
সংগ্রামী অসীম সাহসী সাড়ে সাত কোটি মানুষের হুঙ্কারে
কেঁপে উঠলো শত্রুর মসনদ
আত্মসমর্পণ করলো শত্রুরা;
বিশ্ববাসী তাকালো অবাক বিস্ময়ে!

শেষ হলো শোষণ বঞ্চনার নির্মম ইতিহাস
স্বাধীনতার রাঙা সকালে উদিত হলো নতুন সূর্য
বাংলার ঘরে ঘরে জ্বলে উঠলো শান্তির, স্বাধীনতার আলো
রাজপথ মুখরিত হলো বিজয় মিছিলে
বাঙালি ফিরে পেলো লাল সবুজ পতাকা
পেলো কাঙ্খিত মানচিত্র।

হৃদয়ে হৃদয়ে বেজে উঠলো মুক্তির গান, জাতীয় সংগীত-
"আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি..."
পরাজিত হলো হায়েনার দল
এক সাগর রক্তের বিনিময়ে পেলাম আমাদের প্রাণপ্রিয় বাংলাদেশ।

আপোশহীন অভিমানে তুমি

শারমিনা জাহান

মোহনীয় আদর্শে সজ্জিত
একটি সুন্দর চেতনায়
সকল তুলনাহীনতার উর্ধ্বে-
ভাবনার সমাহারে তুমি!!

প্রাণের আকুলতায়-
স্বাধীন বাংলার কথামালায়
সুন্দর স্বপ্ন বির্নিমাণে-
আপোশহীন অভিমানে তুমি!!

তুমি জাগ্রত নির্ভিক পদক্ষেপে
অনুভবের নিবিড়তায়
বিচক্ষণ উদারতায়
অলৌকিক মহানুভবতায় তুমি!!

তুমি বীর! তুমি বীর!
তুমি বীর মুক্তিযোদ্ধা
বীরত্বব্যঞ্জকে গাঁথা
বীরদের সেরা বীর তুমি!!

ভালোবাসার উচ্চশিরে
হৃদয়ের নিপুণ আলাপণে
বিলুপ্তপ্রায় অস্তিত্বের নতুন জাগরণে
অসহয় পথিকের দিকনির্দেশনায় তুমি!!

অকুতোভয় স্বাধীনতা সংগ্রামে
৭ই মার্চের অনন্য শ্রদ্ধায়
মুক্তিযোদ্ধাদের মহৎ প্রেরণায়
সগৌরবে বেঁচে থাকায় তুমি!!

একটি স্বাধীন দেশ রচনায়
কাঙ্খিত স্বপ্নচারিতায়
নির্ভিক মানুষের ত্যাগে পাওয়া
হাস্যোজ্জ্বল ভূখণ্ডের প্রতিচ্ছবি তুমি!!

শ্রদ্ধা! বিনম্র শ্রদ্ধা! হে মহান নেতা!
সালাম! শত কোটি সালাম!
বীরদের বীর তুমি! হে বীর মুক্তিযোদ্ধা!
গর্বিত পিতা তুমি! হ্যাঁ তুমি!!

সময়ের সাথে বস্তুনিষ্ঠতায় বেতার সংবাদ

মোছাঃ তানিয়া নাজনীন

বাংলাদেশ বেতারের জন্মলগ্ন থেকেই সংবাদ এর প্রাণ। বর্তমানে ঢাকায় কেন্দ্রীয় বার্তা সংস্থা এবং সারাদেশে বেতারের ১৩টি আঞ্চলিক বার্তা সংস্থা থেকে সংবাদ প্রচারিত হচ্ছে। সর্বশেষ দুটি নতুন আঞ্চলিক কেন্দ্র গোপালগঞ্জ এবং ময়মনসিংহ থেকে ইতোমধ্যেই সংবাদ প্রচার শুরু হয়েছে। জাতীয় বেতার ভবনে অবস্থিত কেন্দ্রীয় বার্তা সংস্থার তত্ত্বাবধানে প্রতিদিন ২টি প্রাইম বাংলা, ২টি প্রাইম ইংরেজি সংবাদ বুলেটিনসহ মোট ২২টি সংবাদ বুলেটিন প্রচারিত হয়। এছাড়া প্রতি সপ্তাহে ১টি বাংলা ও ১টি ইংরেজি সার্ক বুলেটিন, ১টি বাংলা ও ১টি ইংরেজি সাপ্তাহিক সংবাদ পরিক্রমা এবং মনিটরিং পরিদপ্তর থেকে বিশ্বের বিভিন্ন বেতারে বাংলাদেশের ওপর প্রচারিত সংবাদ নিয়ে 'বিশ্ব বেতারে বাংলাদেশ শিরোনামে' ১টি বাংলা ও ১টি ইংরেজি সংবাদ বুলেটিন প্রচার করা হয়। আঞ্চলিক বার্তা কেন্দ্রসমূহ থেকে প্রতিদিন ৫৪টি ৫ মিনিটের সংবাদ প্রচার করা হয়। সংবাদ বুলেটিনের পাশাপাশি কেন্দ্রীয় বার্তা সংস্থা থেকে প্রতিদিন বাংলা ও ইংরেজিতে একবার করে সংবাদ পর্যালোচনা প্রচার করা হয়।

এছাড়া বাংলা ভাষার পাশাপাশি বিভিন্ন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য তাদের ভাষায় বাংলাদেশ বেতার চট্টগ্রাম, বান্দরবান এবং রাঙ্গামাটি আঞ্চলিক কেন্দ্র থেকে চাকমা, মারমা, ত্রিপুরার পাশাপাশি তঞ্চঙ্গ্যা ভাষায় সংবাদ প্রচার করা হচ্ছে, যাতে পার্বত্য অঞ্চলের মানুষ নিজেদের ভাষায় সংবাদ বুলেটিন শোনার সুযোগ পায়।

সরকারের উন্নয়নমূলক কর্মকাণ্ড এবং দেশ-বিদেশের চলতি ঘটনাবলী সম্পর্কে বস্তুনিষ্ঠ তথ্য জনগণকে অবহিত করাই সংবাদ প্রচারের লক্ষ্য। কেন্দ্রীয় বার্তা সংস্থার ২০ মিনিটের বাংলা প্রাইম বুলেটিন জনকল্যাণে গৃহীত সরকারের উন্নয়ন কর্মকাণ্ড এবং জঙ্গিবাদ, করোনা ও ডেঙ্গু প্রতিরোধের মতো জনসচেতনতামূলক এবং অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে বিশেষ প্রতিবেদন প্রচার করা হয়। প্রতিবেদনের মাধ্যমে জনগণ যেমন সরকারের কর্মকাণ্ড সর্ম্পকে জানতে পারে, তেমনি জনগণের আশা-আকাঙ্খা, ইচ্ছা এবং মতামত সম্পর্কে সরকারকে জানানোর সুযোগ সৃষ্টি হয়। বার্তা বিভাগ অত্যন্ত নিষ্ঠার সঙ্গে নিরপেক্ষভাবে বস্তুনিষ্ঠ সংবাদ প্রচার করে থাকে। বাংলাদেশ বেতারের সংবাদ বিভাগ প্রতিনিয়ত মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মন্ত্রিপরিষদের সদস্যবৃন্দসহ সরকারের উর্ধ্বতন মহল থেকে তথ্য সংগ্রহ করে সংবাদ বুলেটিনে অন্তর্ভুক্ত করে প্রচার করছে। একইভাবে স্পট রিপোর্টিং এবং ভয়েস ওভার ও সাক্ষাৎকারের মাধ্যমে সরকার গৃহীত নতুন নতুন পদক্ষেপ সম্পর্কে জনসাধারণের প্রতিক্রিয়া ও মতামত সংগ্রহ করে সংবাদ বুলেটিনে প্রচার করা হচ্ছে।

বর্তমান সরকারের পৃষ্ঠপোষকতায় দেশে গণমাধ্যমের ব্যাপক প্রসার ঘটেছে। অডিও-ভিজুয়াল মিডিয়ার পাশাপাশি বর্তমানে সোশ্যাল মিডিয়া ব্যাপক প্রাধান্য বিস্তার করছে। ডিজিটাল বাংলাদেশের প্রেক্ষাপটে স্মার্টফোনের কল্যাণে অনেক ক্ষেত্রে সোশ্যাল মিডিয়ার গুজবনির্ভর খবর জনমনে প্রভাব ফেলছে ও বিভ্রান্তি তৈরি করছে। এ প্রেক্ষাপটে সবচেয়ে সহজলভ্য গণমাধ্যম হিসেবে মানুষের কাছে বস্তুনিষ্ঠ সংবাদ পৌঁছে দেয়ার ক্ষেত্রে বাংলাদেশ বেতারের বার্তা বিভাগের দায়বদ্ধতা আরও বৃদ্ধি পেয়েছে। পাশাপাশি গণমাধ্যমের প্রতিযোগিতামূলক এই যুগে টিকে থাকার স্বার্থে বার্তা বিভাগের কার্যক্রমে নিউ মিডিয়া সংযোজনের কোনো বিকল্প নেই। নিউ মিডিয়ার কার্যক্রম পরিচালনার অংশ হিসেবে বার্তা বিভাগের আওতাধীন কেন্দ্রীয় বার্তা সংস্থা ও বিভিন্ন আঞ্চলিক কেন্দ্র সীমিত পরিসরে সামাজিক যোগাযোগ মাধ্যমে নিজ নিজ কেন্দ্রের সংবাদ প্রচার ইতোমধ্যেই শুরু করেছে। তবে বিভিন্ন কেন্দ্রের বুলেটিন, প্রতিবেদন, বিভিন্ন অঞ্চলের গণমানুষের স্বার্থ সংশ্লিষ্ট সংবাদ সমন্বয়ের মাধ্যমে নিউ মিডিয়ার কার্যক্রম বার্তা বিভাগের একটি কেন্দ্রীয় পোর্টালের মাধ্যমে পরিচালনার বিষয়টি সময়ের দাবি হিসেবে আবির্ভূত হয়েছে। বর্তমানে বার্তা বিভাগ যুগের সাথে তাল মেলাতে নিউ মিডিয়ার কার্যক্রম বিস্তৃত পরিসরে তুলে ধরার পরিকল্পনা নিয়ে কাজ করছে।

লেখক: পরিচালক, বার্তা (দৈনন্দিন দায়িত্বে),
কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার

চেতনায় মুক্তিযুদ্ধ

পারভেজ বাবুল

আমার চেতনায় মুক্তিযুদ্ধ
আমি দৃপ্ত পদক্ষেপে হেঁটে চলি ঢাকা বিশ্ববিদ্যালয়
টিএসসি থেকে জগন্নাথ হল, কলা ভবন, মধুর ক্যান্টিন
ঢাকা মেডিক্যাল কলেজ, শহিদ মিনার
তারপর, আমি মৌনতায় ডুবে থাকি!

আমি দৃপ্ত পদক্ষেপে হেঁটে চলি
বাংলাদেশের প্রতি ইঞ্চি পবিত্র ভূমিতে
তারপর স্মৃতিসৌধ, রায়ের বাজার বধ্যভূমি
বীরাঙ্গনা মুক্তিযোদ্ধার অবহেলিত আবাস
তিরিশ লক্ষ শহিদের রক্তে রঞ্জিত, স্মৃতিবিজড়িত পদচিহ্ন
তারপর, আমি মৌনতায় ডুবে থাকি!

সাড়ে সাত কোটি সংগ্রামী বাঙালির অসীম সাহস
নির্ভিক মুক্তিযোদ্ধাদের আমরণ মুক্তিযুদ্ধ
মুক্তিযুদ্ধে শহিদ সন্তানের শোকে মায়ের করুণ কান্না
শোকাতুর পিতার লাল ভেজা চোখ
ভাইকে হারিয়ে বোনের বিলাপ, ভাইয়ের উদাস দৃষ্টি
স্বামীকে হারিয়ে অসহায় স্ত্রীর একাকিত্ব
ভালোবাসার মানুষকে হারিয়ে প্রেয়সীর গোপন অশ্রুপাত
ধর্ষিতা নারীর বোবাকান্না
বন্ধুকে হারিয়ে বন্ধুর স্মৃতিচারণ
আমি খুব কাছ থেকে দেখেছি!

বাংলাদেশের শত্রু, স্বাধীনতাবিরোধীদের
নির্লজ্জ নির্মম নৃশংসতা
গণহত্যা, অগ্নিসংযোগ, লুটপাট
পৃথিবীর ইতিহাসে সবচেয়ে বড় ধ্বংসযজ্ঞ
আগুনে আগুনে পুড়ে ছাই হয়েছে আমার মাতৃভূমি
উনিশশো একাত্তর সালের নয়টি মাস!
আমার সব মনে আছে।

আমার হৃদয়ে বাংলাদেশ
স্বাধীনতার স্বপ্ন মনের ভেতর
জাতীয় পতাকা বুকে জড়িয়ে বলেছি,
প্রিয় বাংলাদেশ, তুমি আমার অহংকার।

বিজয়ের পাদদেশে স্বদেশভূমি

বাশরী মহন দাস

আকাশ জুড়ে বাংলার ছবি
নক্ষত্রের আলোয় মোড়ানো খচিত তারার স্বদেশ ভূমি
মা, মাটি মানুষের দাবির শ্বেতপত্র
বিনিময় একটি যুদ্ধ, বোমা বারুদ, গ্রেনেড রাইফেল
আকাশচুয়ে হৃদয় ছিঁড়ে রক্তের বর্ষা।
ভোরের নরম কুয়াশা নেই,
হায়েনার খাবলে খাওয়া অর্ধনগ্ন মানুষের লাশ
ভয়ঙ্কর শব্দ বোমারু বিমান,
শেলের আঘাতে সোনালি চিলের ডানা কেটে পড়ছে।
মারণাস্ত্রের ভীত বিহ্বল প্রাণিবিহীন সুন্দরবন,
রাজপথ, মাঠঘাট, রাজমহল বস্তিবাসীদের পলায়ন মহড়া
'৭১ এর সময় পোয়াতি বউটি এ্যানিমিয়ায় ভুগছে
অন্তসত্ত্বায় নাড়ি পেঁচানো কুঁচকে যাওয়া শিশু
আতঙ্কের দাবানলে প্রহর রত
কখন আসবো মা তোমাকে বাঁচাবো
ত্রিশ লক্ষ শবদেহের মধ্যে
মা, বাঁচেনি , তবে বিজয় এসেছে রক্তের লোনা স্বাদ নিয়ে
প্রতিষ্ঠিত নবীন সূর্য।
রাতের অন্ধকারে অঙ্গীকার দেশপ্রেম
ক্রমেই ভোর হল রক্তের দাগ মাড়িয়ে পথ চলা
সাত পুরুষের ভিটে-বাড়ি জলমহালের ক্ষেত্র
হায় বিজয়, তোমার স্মৃতিতে গুচ্ছ গুচ্ছ
শিমুল, পলাশ, শাপলা
লাল সবুজের বৃত্তে ভরে উঠুক,
আজীবন স্মরণ মরণের বেদনার পরতে পরতে
ধন্য হউক সবুজ মানচিত্র।

মুজিবকোটের মেয়ে

ঝর্না রহমান

"আমি প্রধানমন্ত্রিত্ব চাই না, আমরা এ দেশের মানুষের অধিকার চাই...আমি পরিষ্কার অক্ষরে বলে দেবার চাই যে..." হ্যাঁ, এইবার! এইবার বঙ্গবন্ধুর হাত উঠলো! আঙুল সোজা করে আকাশের দিকে আর জনতার দিকে। অক্ষরগুলো যেন আঙুল দিয়ে লিখছেন বঙ্গবন্ধু- মনে মনে ভেবে নেয়! এভাবেই নিজের মতো করে নানারকম পয়েন্ট দিয়ে বঙ্গবন্ধুর বডি ল্যাঙ্গুয়েজ মুখস্থ করে নেয় আহনাফ। উনিশশো একাত্তর সনের সাতই মার্চ তারিখে রমনার রেসকোর্স ময়দানে মঞ্চের ওপর দাঁড়িয়ে বজ্রকণ্ঠে আওয়াজ তুলে কথা বলতে থাকেন বঙ্গবন্ধু।

আয়নার সামনে দাঁড়িয়ে আহনাফ ডান হাতটি উঁচু করে তুলে ধরে। আবার নামিয়ে ফেলে। দেয়ালে ঝুলছে বঙ্গবন্ধুর একটা পোস্টার আর কয়েকটা ছবি। আহনাফের আম্মু ছবিগুলো ইন্টারনেট থেকে নামিয়ে প্রিন্ট করে দিয়েছেন। সেগুলো দেখে আহনাফ আবার হাত তোলে। ডান থেকে বাঁ দিকে স্লো-মোশানে ঘুরিয়ে নেয়। কোনোটাই পছন্দ হয় না আহনাফের।

আম্মু, আম্মু, শুনে যাও তো!

আহনাফের আম্মুর কোনো উত্তর পাওয়া যায় না। ও আরো চেঁচায়।

আম্মু, আসছো না কেন? বডি ল্যাঙ্গুয়েজ ঠিক না হলে প্র্যাকটিস করবো কীভাবে?

কিন্তু আম্মু ব্যক্তিটির দেখা পাওয়া যায় না। অস্থির হয়ে ওঠে আহনাফ। আর একটু গলা চড়িয়ে ডাকে। আবার তাড়াতাড়ি গলা খাকারি দিয়ে খাদে নামায়। এখন খামাখা চিৎকার চেঁচামেচি করে ভোকাল কর্ডের বারোটা বাজানোর দরকার নেই। পরে ছোট খালার মতো ভয়েস কলাপস করলে আহনাফের মাথায় বাড়ি পড়বে। কম্পিটিশন আর করতে হবে না। শেষে ছোট খালার মতো গানের ফাইনাল কম্পিটিশানের দিনে প্যাঁচা-মুখ করে চুপচাপ ঘরের ভেতর বসে থাকতে হবে। ছোট খালা শাম্মীর ঠাণ্ডার ধাত। এক ছটাক

ঠাণ্ডা বাতাস তার গায়ে লাগলেই, গায়ে আর কোথায়, গলার আশেপাশে লাগলেই তার এক সিরিয়ালে সাতটা হাঁচ্চো, নাকের তলায় লাল টুকটুকে জ্বরঠোসা, স্বর ঘ্যারঘ্যারানি সব একসাথে মার্চ করে চলে আসে। তারপরের দিন দেখা যায়, ছোট খালা হাতে একটা কাগজ আর কলম নিয়ে ঘুরছে। কথা বলার প্রয়োজন হলে লিখে লাইনের পাশে একটা টিক দিয়ে এগিয়ে দিচ্ছে। তার মানে টিক দেয়া লাইনটা পড়ো।

আবার হাত উত্তোলন করার মকশো করতে আয়নায় তাকাতেই দরজার বাইরে হাসিনাকে দেখতে পায় আহনাফ। হাসিনা আহনাফেরই সমবয়সী। আহনাফের উঁচু করা হাতের দিকে চেয়ে ঠোঁট টিপে হাসে হাসিনা।

এখানে হাসির কী হলো? স্টুপিড! আহনাফ চেঁচিয়ে উঠতে গিয়ে শান্তস্বরে বলে, এই হাসিনা, দেখ তো আম্মু কোথায়? এতবার ডাকছি!

খালাম্মায় তো বাথরুমে। ডাকলে লাভ কী? বাথরুম থেইকা কি মানুষে কথা বলে?

আর একবার ঠোঁট টিপে হাসে। হাসিনার এই হাসিটা খুব মিষ্টি। কিন্তু এখন গা জ্বলে যায় আহনাফের। দাঁতে দাঁত ঘসে-

স্ত্রি ম্যাডাম! মানুষে বাথরুমে গেলেও কথা বলতে পারে। টয়লেটে গেলে কথা বলে না। সেটা অশোভন। আপনি এখন যান, দয়া করে আম্মুকে বাথরুম থেকে বের হয়ে আসতে বলেন। আর বলেন ভিডিওটা লাগবে।

হাসিনা একটু ভড়কে যায়। কথা বলার ধরন দেখে বুঝতে পারে আহনাফ ভাইয়ার রাগ হয়েছে। সে খালাম্মাকে ডাকতে বাথরুমের দিকে দৌড় লাগায়।

হাসিনা আহনাফদের বাসায় বছরখানেক হলো কাজ করছে। এর আগে সে এক কমিশনার সাহেবের বাসায় থাকতো। সেখানে সে কোনো মতে মাস তিনেক থেকে একদিন পালিয়ে চলে এসেছে। কমিশনার সাহেবের বউ ভীষণ বদরাগী। পান থেকে চুন খসলে হাতের কাছে যা থাকতো তাই দিয়ে মারতো। খেতে দিত না। তখন শীতকাল ছিল। ঠাণ্ডা মেঝের ওপর মাদুর পেতে একটা পাতলা কম্বল গায়ে দিয়ে শুতে হতো হাসিনাকে। মাথার নিচে বালিশও দিত না। সারা রাত খিদেয় ঘুম আসতো না। কিন্তু সবচেয়ে বেশি খারাপ লাগতো মাকে দেখতে না পেয়ে। মায়ের সাথে দেখা করতে দিত না। মা-র কাছে যাওয়ার কথা বললেই বেগম সাহেব হাসিনার দুই গাল নিষ্ঠুরভাবে চেপে একেবারে দাঁতের তলায় ঢুকিয়ে দিয়ে বলতো, এক বছরের আগে কোনো যাওয়াযাওয়ি নেই। ভেংচি কেটে বলতো, কামকাজ বাদ দিয়ে ম্যা ম্যা করলে খাবি ছ্যাচা।

একদিন বাড়িতে একটা অনুষ্ঠানে অনেক লোকজন এলো। সবাই ব্যস্ত। সেই সুযোগে পালালো হাসিনা।

এই বাসার মানুষগুলো বেশ ভালো। মা-র সাথে দেখা করায় কোনো বাধা নেই। বরঞ্চ ওর মাকে আহনাফের আম্মু বলে দিয়েছে, মাঝে মধ্যে এসে মেয়েকে দেখে যাবেন। তাহলে হাসিনার মন ভালো থাকবে। এ বাসায় কাজও তেমন বেশি না। রান্নাবান্না ধোয়ামোছা বড় বড় কাজ করার জন্য আম্বিয়ার মা আছে। হাসিনার কাজ তাকে সাহায্য করা আর বাসার লোকজনের এটা-ওটা ফাইফরমাশ খাটা। কাজকর্মে গলদ হলে খালাম্মা বকাটকা দেয়, তবে গায়ে হাত তোলে না কখনো। আর হাসিনার সমবয়সী আহনাফ ভাইয়া তো খুবই ভালো। মাঝে মাঝে ছোটদের গল্পের বই পড়তে দেয় হাসিনাকে। স্কুলের পড়া নিয়েও হাসিনার সাথে গল্প করে। হাসিনা গ্রামের স্কুলে ফোর পর্যন্ত পড়েছিল। তাই কাজ চালাবার মতো লেখাপড়া সে জানে। তবে হাসিনার খুব ইচ্ছা আবার স্কুলে ভর্তি হওয়ার। কিন্তু কে তাকে ভর্তি করাবে, কে দেবে স্কুলের খরচ!

ওর মা এ কথা শুনে দাঁতমুখ খিঁচিয়ে বলে, তোর কোন বাপে পড়ার খরচ দিবো? তোর বাপ বদমাইশ তো তার পোলামাইয়ার কথা ভাবে নাই! আর একটা বিয়া কইরা ভাগছে। হাসিনা ছোট হলেও মায়ের কষ্ট বোঝে। মনে মনে ভাবে কোনোদিন যদি লেখাপড়ার সুযোগ পায় তবে নিশ্চয়ই সে চাকরি করে মায়ের কষ্ট ঘুচিয়ে দেবে। মাকে আর ছোট ভাই সালমানকে যত্নে রাখবে। ভালো ঘর, ভালো জামাকাপড় আর ভালো খাবারের ব্যবস্থা করবে। এসব ভাবনার কথা অবশ্য হাসিনা মনে মনেই রাখে। কাউকে বলে না। আর কীভাবে তা সম্ভব হবে তা-ও জানে না। তার পরেও রাতের বেলা শুয়ে শুয়ে যতক্ষণ ঘুম না আসে ততক্ষণ সুন্দর একটা জীবনের কথা ভাবে হাসিনা।

আম্মু ল্যাপটপ অন করতে করতে বলেন, এখনও বঙ্গবন্ধুর বডি ল্যাঙ্গুয়েজ তোমার মুখস্থ হয়নি! প্রায় পনেরো মিনিটের ভাষণে প্রথম সাত আট মিনিট তো দুহাত পেছনে জড়ো করেই কথা বলেছেন তিনি! কয়েকবারই তো দেখেছ!

আহ্ সেটা তো জানি! কিন্তু ডান হাতটা কখন কখন সোজা উঁচু করে কথা বলতে হবে সেটা ভুলে গেছি।

ঠিক আছে। আবার দেখে নাও।

ভিডিও চালু করে দেন আহনাফের আম্মু। সাতই মার্চের ভাষণ চলতে থাকে।

"ভায়েরা আমার, আজ দুঃখ ভারাক্রান্ত মন নিয়ে আপনাদের সামনে হাজির হয়েছি..."

পজ হয়ে যায় হঠাৎ। আম্মুই পজ করেছেন। স্ক্রিনে হাত তুলে স্থির বক্তৃতারত বঙ্গবন্ধু। আম্মু সেটা দেখিয়ে আহনাফকে বলেন, একটা জিনিস মনে রাখবে, বঙ্গবন্ধু যখনই হাত তুলেছেন, তাঁর ডান হাতের ফোর ফিঙ্গার মানে তর্জনী তুলে রেখেছেন সোজা। এই দেখ। এই সোজা আঙুলে আছে তাঁর আত্মবিশ্বাস। তিনি বাংলার জনগণের মঙ্গলের জন্য যে পথ ভাবছিলেন, সেটাই একেবারে স্ট্রেইট দেখিয়ে দিয়েছেন। সেটা সঠিক পথ। সোজা সরল।

আহনাফ বঙ্গবন্ধুর হাতের ভঙ্গি অনুকরণ করার কসরৎ করতে করতে আম্মুর কথা শোনে।

এটা কি সিরাতাম মুস্তাকিম আম্মু? স্যার বলেছেন, সরল সঠিক পথ হলো সিরাতাম মুস্তাকিম!

গুড! যখনই আঙুল তুলবে, মনে মনে বলবে, সিরাতাম মুস্তাকিম! তাহলে আর ভুল হবে না। এখন দেখে নাও, কয়বার হাত তুলবে আর কোথায় কোথায়।

আম্মু আবার পাশের ঘরে চলে যান। অফিসের সময় হয়ে গেছে তাঁর। একটু পরেই হাতে ঘড়ির বেল্ট বাঁধতে বাঁধতে আম্মু দৌড়ে গিয়ে গাড়িতে উঠবেন।

ভিডিও চলতে থাকে। ভাষণের কথাগুলো

অবিকল ভঙ্গিতে বলতে থাকে আহনাফ।

১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে শিশু একাডেমি বঙ্গবন্ধুর সাতই মার্চের ভাষণ প্রতিযোগিতার আয়োজন করেছে। সেখানে নাম রেজিস্ট্রেশন করেছে আহনাফ। আহনাফ অনেক ছোট থেকেই ভালো আবৃত্তি করে। তার পড়ার টেবিলের পাশে একটা সুন্দর ওয়ালর‍্যাক-এ সাজানো আছে বিভিন্ন আবৃত্তি প্রতিযোগিতায় পাওয়া নানারকম পুরস্কারের ক্রেস্ট আর মেডেল। এবারের প্রতিযোগিতার জন্য বঙ্গবন্ধুর ভাষণটিও দারুণ আয়ত্ত করেছে আহনাফ। ঝাড়া মুখস্থ। সেই সঙ্গে আয়ত্ত করেছে বঙ্গবন্ধুর বাচনভঙ্গি। প্রথমে ধীরে ধীরে শান্তস্বরে, তারপর ক্রমাগত ভোকাল রেঞ্জ বাড়াতে থাকে, ফুলে ওঠে গলার শিরা, চোয়ালের কচি হাড় যথাসম্ভব শক্ত করে তোলে। আহনাফ মাত্র বারো ছাড়িয়ে তেরোয় পড়েছে। কণ্ঠ এখনও কচি। মিষ্টি। কিন্তু সেখানেই বজ্রকণ্ঠের দৃঢ়তা ফুটিয়ে তোলে আহনাফ। কারণ বঙ্গবন্ধুর গলার আওয়াজ খুব ভরাট। কথা বললে গম গম করতো। ভাষণ দেয়ার সময় সেই কণ্ঠ বজ্রের আওয়াজের মতো যেন দূর আকাশেও ছড়িয়ে পড়তো। তাই তাঁর কণ্ঠকে বলা হয় 'বজ্রকণ্ঠ'। আহনাফ জানে, উনিশশো একাত্তরে মুক্তিযুদ্ধের সময় দেশের মানুষের মনে সাহস আর শক্তি আনার জন্য বেতারে 'বজ্রকণ্ঠ' নামে একটা অনুষ্ঠান হতো। সেখানে এই সাতই মার্চের ভাষণের একটা অংশ বাজানো হতো। "আর যদি একটা গুলি চলে, আর যদি আমার লোকদের উপর হত্যা করা হয়, তোমাদের কাছে আমার অনুরোধ রইলো, প্রত্যেক ঘরে ঘরে দুর্গ গড়ে তোলো। তোমাদের যা কিছু আছে..." আহনাফের জিভের ভেতর থেকে লাফিয়ে লাফিয়ে নামতে থাকে ভাষণের কথাগুলো।

খুব সিরিয়াসলি প্র্যাকটিস করছে আহনাফ। হাতে আর চারদিন মাত্র সময় আছে। আহনাফের জন্য দর্জি দিয়ে একটা মুজিবকোটও বানানো হয়েছে। ড্রাইভার ইয়াসিনকে দিয়ে শাঁখারিপট্টি থেকে নকল গোঁফ আর আঠা আনানো হয়েছে। শেখ মুজিবের গোঁফ! কানের পাশে চুলের গোছা রঙ করার জন্য আনা হয়েছে সাদা চক। সাদা পাঞ্জাবি আর ঢোলা পাজামাও বানানো হয়ে গেছে। একটা জিনিস বাকি আছে। সেটা হলো চশমা। মোটা কালো ফ্রেমের চশমা এখনও পাওয়া যায়নি। আহনাফের আব্বু নিউমার্কেটে ফুটপাথের এক চশমার দোকানদারকে বলে রেখেছেন। সে এনে দেবে বলেছে।

"আমি প্রধানমন্ত্রিত্ব চাই না, আমরা এ দেশের মানুষের অধিকার চাই...আমি পরিষ্কার অক্ষরে বলে দেবার চাই যে..."

হ্যাঁ, এইবার! এইবার বঙ্গবন্ধুর হাত উঠলো! আঙুল সোজা করে আকাশের দিকে আর জনতার দিকে।

অক্ষরগুলো যেন আঙুল দিয়ে লিখছেন বঙ্গবন্ধু- মনে মনে ভেবে নেয়! এভাবেই নিজের মতো করে নানারকম পয়েন্ট দিয়ে বঙ্গবন্ধুর বডি ল্যাঙ্গুয়েজ মুখস্থ করে নেয় আহনাফ।

উনিশশো একাত্তর সনের সাতই মার্চ তারিখে রমনার রেসকোর্স ময়দানে মঞ্চের ওপর দাঁড়িয়ে বজ্রকণ্ঠে আওয়াজ তুলে কথা বলতে থাকেন বঙ্গবন্ধু। ভিডিও চলতে থাকে। তার পাশাপাশি চলতে থাকে আর একটি কিশোরকণ্ঠ। আহনাফের কণ্ঠ। আমরা ভাতে মারবো... আমরা পানিতে মারবো... তোমরা আমার ভাই, তোমরা বেবাকে থাকো...

কে? কে বললো 'বেবাকে'? এটা হবে ব্যারাকে! তোমরা ব্যারাকে থাকো...! আহনাফ তো 'ব্যারাকে'ই বললো! তাহলে?

হাসিনা? আহনাফ অবাক হয়ে হাসিনাকে দেখে, কম্পিউটারের স্ক্রিনে তাকিয়ে হাসিনা গড়গড় করে মুখস্থ বলে যাচ্ছে ভাষণের কথাগুলো!

থেমে গেছে হাসিনাও। আহনাফকে অবাক হয়ে তাকিয়ে থাকতে দেখে হাসিনা প্রথমে একটু ভড়কে যায়। তারপর ফিক করে সেই হাসিটা হেসে ফেলে।

তুই বলছিলি আমার সাথে সাথে, হাসিনা? তুইও মুখস্থ পারিস ?

হুউউউম। কাঁধতক মাথা কাত করে হাসিনা। আপনের প্যাকটিস শুনতে শুনতে বঙ্গবন্ধুর ভাষণ আমার পুরাটাই মুখস্ত হইয়া গেছে।

এ্যাহ্! এ্যাত্ত সোজা! বলতো দেখি! আহনাফের গলায় অবিশ্বাস।

হাসিনা সেই ঠোঁটটেপা হাসিটা হাসে। একটু আহ্লাদী গলায় বলে, মিশটেক হইলে বইলা দিয়েন ভাইয়া।

বলবো, তুই বল!

একটু গলা খাকারি দিয়ে হাসিনা শুরু করে, "ভায়েরা আমার, আজ দুঃখ ভারাক্রান্ত মন নিয়ে..."

হাসিনার মিষ্টি রিনরিনে কণ্ঠ থেকে ছোট ছোট রঙিন পাখির মতো বেরিয়ে আসতে থাকে ভাষণের কথাগুলো। বিস্ময়ে হা হয়ে যায় আহনাফ। কোথাও আটকে যাচ্ছে না, ভুল করছে না। এমনকি বডি ল্যাঙ্গুয়েজেও ভুল করছে না হাসিনা। কখনো দু'হাত পেছনে জড়ো করে, কখনো হাত ওপরে তুলে, আঙুল উঁচু করে, ঘাড় সোজা করে, শরীর টানটান করে ভাষণ দেয় হাসিনা।

"আমরা ভাতে মারবো... আমরা পানিতে মারবো... তোমরা বেবাকে থাকো কেউ তোমাদের কিছু বলবে না।" এখানে হাসিনাকে থামিয়ে দেয় আহনাফ। 'বেবাকে' না ব্যারাকে থাকো। 'ব্যারাক' মানে হলো সেনানিবাস, মানে যেখানে সৈন্যরা থাকে।

হাসিনা লজ্জা পেয়ে হাসে। বলে, অ, আমি মনে করছিলাম, বেবাকটিরে মানে সব্বাইরে থাকতে বলতেছেন।

উইথড্র, অ্যাসেম্বলি, আত্মকলহ এরকম আরও কয়েকটি শব্দ শুদ্ধ করে দেয় আহনাফ। ভিডিওটা রিওয়াইন্ড ফরওয়ার্ড করে হাসিনাকে দেখায়। এই দ্যাখ্, বঙ্গবন্ধু এখানে ডান হাত নয় বাম হাত তুলেছেন। হাসিনা চট করে ডান হাত পেছনে নিয়ে বাম হাত উঁচু করে।

আহনাফ টের পায় না কী করে ওর ভূমিকাটি পাল্টে যায়। আহনাফ হয়ে ওঠে হাসিনার প্রশিক্ষক। মন দিয়ে হাসিনাকে তালিম দিতে থাকে।

ভাষণ প্র্যাকটিস করতে করতে হাসিনা আহনাফের কাছ থেকে বঙ্গবন্ধু সম্পর্কে জেনে নেয় আরও কত কথা। আম্মু আহনাফকে এসব গল্প করেছেন। আহনাফ শোনায় হাসিনাকে বঙ্গবন্ধুর কথা।

দেশের স্বাধীনতার জন্য দেশের মানুষের অধিকার আদায়ের জন্য এই মানুষটি কত সংগ্রাম করেছেন সারাজীবন। কতবার জেলে

গেছেন। পশ্চিম পাকিস্তানিদের তাড়িয়ে দিয়ে নিজের দেশ স্বাধীন করার জন্য দেশের মানুষকে এক করেছেন। এজন্য তাঁকে কত কষ্ট করতে হয়েছে। তাঁর কোনো পারিবারিক জীবন ছিল না। বউ ছেলেমেয়ে নিয়ে শান্তিতে দিনযাপন করা তাঁর হয়নি। কেমন করে হবে? তাঁকে তো সরকার কেবল জেলেই ঢুকিয়ে রাখতো। এমনও হয়েছে এক আদেশে জেল থেকে মুক্তি পেয়ে বেরুবার জন্য গেট পর্যন্ত আসতে না আসতেই আর এক আদেশে তাঁকে আবার জেলে ঢোকানো হয়েছে। একাত্তর সনে তাঁরই নেতৃত্বে বাংলাদেশের মানুষ মুক্তিযুদ্ধ করে দেশ স্বাধীন করেছে। ২৬ মার্চ স্বাধীনতা ঘোষণার অপরাধে বঙ্গবন্ধুকে সে সময় পশ্চিম পাকিস্তানের কারাগারে বন্দি করে রাখা হয়েছিল। লায়ালপুর কারাগারে তাঁকে বিচার করে মৃত্যুদণ্ডও দেয়া হয়েছিলা। তাঁকে মেরে ফেলার জন্য সব ব্যবস্থা রেডি ছিল। এমনকি কবরও খোঁড়া হয়ে গিয়েছিল। কিন্তু সারাবিশ্ব পাকিস্তানিদের এইসব কাণ্ডকীর্তি জেনে ফেলাতে ওরা আর তাঁকে মারতে সাহস পায়নি। অথচ যেই দেশ তিনি স্বাধীন করলেন, সেই দেশেরই কিছু কুচক্রী মানুষ তাকে পঁচাত্তর সনে খুন করে ফেললো। শুধু তাঁকে? তার পরিবারের সবাইকে মেরে ফেলল। ছোট্ট রাসেলকে হত্যার কথা শুনে হু হু করে কেঁদে ফেলেছিল হাসিনা। তবে তাঁর দুই মেয়ে হাসিনা আর রেহানা সেসময় বিদেশে ছিলেন বলে বেঁচে গিয়েছিলেন। বঙ্গবন্ধুর বড় মেয়ে শেখ হাসিনা এখন দেশের প্রধানমন্ত্রী এ কথা মনে করে হাসিনার খুব ভালো লাগে। তার নিজের নামটা বঙ্গবন্ধুর মেয়ের নামে এ কথাটা সে অনেক আগেই জানে। মনে মনে সে এই নিয়ে অহংকারও করে।

আহনাফ বলে, ও সেজন্য তুই বঙ্গবন্ধুর ভাষণ মুখস্থ করেছিস?

লজ্জা পেয়ে যায় হাসিনা। বলে, না, ঠিক তা না। আপনের মুখে ভাষণটা শুনতে আমার খুব ভালো লাগে। শুনতে শুনতে তাই মুখস্থ হইয়া গেছে।

কাল বাদে পরশু কম্পিটিশন।

আহনাফের প্রপস সব রেডি। মুজিবকোট পাজামা পাঞ্জাবি জুতো চশমা গোঁফ সব। আজ সন্ধ্যায় ড্রেস রিহার্সাল। আহনাফের আম্মু এ উপলক্ষ্যে ওর প্রাইভেট টিউটর শওকত হাসান আর পাশের বাসার মাসুমা মনোয়ারা বেগমকে ডেকেছেন। মাসুমা আন্টি একটা স্কুলের সিনিয়র টিচার। আহনাফের আম্মুর বন্ধু।

বিকেলে আহনাফদের সামনের লম্বা বারান্দায় একদিকে একটা চেয়ার রাখা হলো। এটা ডায়াস। আহনাফ চেয়ারের ব্যাকে হাত রেখে দাঁড়ালো। ওকে সাজানো হয়েছে। মুখে গোঁফ। চোখে মোটা ফ্রেমের চশমা। গায়ে সাদা পাজামা পাঞ্জাবির ওপর মুজিবকোট। খুব সুন্দর লাগছে দেখতে। সামনে একটু দূরে গিয়ে বসলেন আহনাফের আম্মু আব্বু, শওকত স্যার, মাসুমা আন্টি। ছোট ভাই আয়ান, আম্বিয়ার মা, হাসিনা ওরা আশেপাশে দাঁড়ালো।

শওকত স্যার স্টপওয়াচ হাতে নিয়ে বললেন, স্টার্ট আহনাফ।

"ভায়েরা আমার, আজ দুঃখ ভারাক্রান্ত মন নিয়ে..."

স্পষ্ট গলায় গম্ভীর স্বরে ভাষণ দিয়ে যেতে থাকে আহনাফ। সবাই মুগ্ধ হয়ে শুনতে থাকে। মনে হচ্ছে বঙ্গবন্ধুর একটা ছোট সংস্করণ চলে এসেছে ওদের সামনে। হঠাৎ আহনাফের কণ্ঠটা ডাবল হয়ে যায়। ব্যাপার কী? মনে হচ্ছে দুজন আহনাফ ভাষণ দিচ্ছে! হাসিনা! সবাই অবাক হয়ে হাসিনাকে দেখে। আহনাফের সাথে সাথে অবিকল একই রকমভাবে ভাষণের কথাগুলো আবৃত্তি করে যাচ্ছে হাসিনা।

শওকত স্যার অবাক হয়ে বলেন, হাসিনা? তুমিও বলতে পার? দারুণ!

আম্মুও অবাক! কীরে? তুই কীভাবে শিখলি? হাসিনাকে নিয়ে সবাই কৌতূহলী হয়ে ওঠে। আহনাফের হঠাৎ রাগ লেগে যায় হাসিনার ওপর। কড়া গলায় বলে, তোর কি আমাকে ডিসটার্ব না করলে হতো না? যা, তুইই কম্পিটিশন কর গিয়ে। দুমদাম পা ফেলে আহনাফ অন্য ঘরে চলে যায়। হাসিনা অপরাধীর মতো একটু দূরে গিয়ে মাথা নিচু করে দাঁড়িয়ে থাকে। পরিবেশটা হঠাৎ থমথমে হয়ে যায়। সবাই মুখ চাওয়াচাওয়ি করে। আম্বিয়ার মা শুধু উঠে গিয়ে হাসিনার মাথায় একটা ঠোনা মেরে বলে ওঠে- ওই ছেরি, তরে ক্যাডায় কইছে এহানে আইতে? এহ! বক্তিমা দেয়! কি আমার বঙ্গবন্দু আইছে রে! তুইও একটা নেতা, আর তেইল্যাচোরাও একটা পাখি..! আহ থামো তো আম্বিয়ার মা!

আম্মু হাত তুলে মানা করেন। শওকত স্যার শুধু চারদিকে তাকিয়ে হাসিনাকে বলেন, হাসিনা, তুমি পুরো ভাষণটা পারো? হাসিনা জুলজুল চোখে তাকায়। কথা বলে না। শওকত স্যার আবার বলেন, ভয় নেই। বলো।

মাথা নাড়ে হাসিনা। হ্যাঁ।

আহনাফের আম্মু অবিশ্বাসের সুরে বলেন, মানে? শুরু থেকে শেষ পর্যন্ত- সবটা?

হাসিনার ভয়টা হঠাৎ কেটে যায়। সে বলে, হ, পুরাডা। আহনাফ ভাইয়াই আমারে শিখাইছে। আগে এট্টু এট্টু ভুল হইত।

একটু পরে হাসিনার রিনঝিন কণ্ঠ থেকে বঙ্গবন্ধুর ভাষণ নদীর স্রোতের মতো বয়ে যেতে থাকে। সবাই মন্ত্রমুগ্ধ। কখন আহনাফও এসে দাঁড়িয়েছে কেউ খেয়াল করে না।

উত্তেজনার চোটে পনের মিনিটের ভাষণ এগার মিনিটে শেষ করে ফেলে হাসিনা। মাথা নামিয়ে বড় বড় দম নিতে থাকে।

শওকত স্যারও উত্তেজিত। প্রচণ্ড জোরে হাততালি দিচ্ছেন।

বাহ! বা বা হাসিনা! বাহ! ওয়ান্ডারফুল! আহনাফ, তুমি তো সাংঘাতিক কাজ করেছে! দারুণ ট্রেনিং দিয়েছ? আমার চেয়ে ভালো ট্রেনার তো তুমি! তুমি ভালো ছাত্র। আবৃত্তিতে এক্সপার্ট। তোমাকে শেখানো কঠিন কিছু না। কিন্তু হাসিনাকে কীভাবে তুমি এমন চমৎকার শেখালে?

আম্বিয়ার মা পলিথিনের মোড়ানো প্যাকেট খুলে এক টুকরো পান নিয়ে গুটলি পাকিয়ে গোমরা মুখের ভেতর ঠেসে দিয়ে গজ গজ করে।

আহনাফে নিজের পেকটিস বাদ দিয়া আজাইরা কামে সময় নষ্ট করছে। হ্যারে শিখাইয়া কী অইব? হাচিনায় কি ঠোডের উপরে মোছ লাগাইয়া মজিব-কুটের মাইয়া হইয়া পরতিযোগিতা করতে যাইব? ওই ছেরি, যাহ, কামে যা! যত্ত সব!

হাসিনা নিঃশব্দে রান্নাঘরে চলে যায়।

যেতে যেতে কানে আসে মাসুমা আন্টি বলছেন,

মেয়েটার অসাধারণ প্রতিভা। এখন তো আর নাম রেজিস্ট্রেশনের সময় নেই। নয়তো ওর নাম প্রতিযোগিতায় দিয়ে দেয়া যেত। নিশ্চয়ই প্রাইজ পেতো। শওকত স্যারও মাসুমা আন্টির কথায় সায় দেন। বলেন, দেখি, মেয়েটার জন্য কিছু করা যায় কি না।

আহনাফের মনটা খারাপ হয়ে যায়। শওকত স্যার মাসুমা আন্টি এখন হাসিনাকে নিয়েই কথা বলছেন। যদিও আব্বু আম্মু কিছু বলছেন না। তবুও মনে হচ্ছে আহনাফ যেন এখন আর কেউ না।

'উফ্ গরম লাগছে' বলে আহনাফ ওখানে দাঁড়িয়েই কোট চশমা গোঁফ সব খুলে ফেলে।

শওকত স্যার এবার বলেন, তোমার প্র্যাকটিস ভালো হয়েছে আহনাফ। নিশ্চয়ই তুমি সাকসেসফুল হবে।

নির্দিষ্ট দিনে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়ে গেল। আহনাফদের গ্রুপে মোট আটজন চূড়ান্ত প্রতিযোগী। প্রত্যেকেই অসাধারণ বক্তৃতা দিল। বিচারকবৃন্দের হিমশিম খাওয়া অবস্থা। কাকে রেখে কাকে বেশি নম্বর দেবেন।

ফলাফল ঘোষণার সময় একজন বিচারক বললেন, আটজনকেই ফার্স্ট করতে পারলে তার কাছে ভালো লাগতো। তারপরেও প্রথম স্থান লাভ করলো খুলনা থেকে আগত হিমেল আহমেদ। আহনাফ হলো দ্বিতীয়। মাত্র ১ নম্বরের ব্যবধান!

ফলাফল শুনে আহনাফের দুচোখ দিয়ে পানি পড়তে থাকে। ওর মনে হলো হাসিনাকে নিয়ে মাতামাতি করেই সে নিজের ক্ষতি করেছে। কারণ ভাষণের সময় 'তোমরা ব্যারাকে থাকো' বলতে গিয়ে কী করে যেন হাসিনার 'বেবাকে' শব্দটা জিভের ডগায় চলে আসছিল। কয়েক ন্যানো সেকেন্ডের জন্য একটু থতমত খেয়ে গিয়েছিল আহনাফ। যদিও দর্শক সেটা বুঝতে পারেনি। কিন্তু নিশ্চয়ই সেটা বিচারকদের চোখ এড়াতে পারেনি।

ছোট খালা আহনাফের ভাষণটা ভিডিও করে নিয়ে গেছে। বলে গেছে ভার্সিটির লাইব্রেরির কাজ শেষ করে রাতে ওটা ফেসবুকে পোস্ট করে দেবে। সন্ধ্যায় শাম্মী বোনকে ফোন করে।

আপা, এসব কী কাণ্ড! তোদের বাসার কাজের মেয়েটা তো ফেসবুকে ভাইরাল হয়ে গেছে!

আহনাফের আম্মু প্রথমে বুঝতে পারেন না। কী হয়েছে? হাসিনার ভাইরাস জ্বর? না-না ওর মায়ের জ্বর!

আরে ধুর! ভাইরাস জ্বর না। ভাইরাল পোস্ট। ফেসবুকে। তোমাদের বাসার হাসিনা শেখ মুজিবের ভাষণ দিয়েছে! কী দারুণ! মুখে আবার কালি দিয়ে গোঁফ আঁকা। গায়ে কামিজের ওপরে একটা জরির এমব্রয়ডারি করা কালো কটি। অদ্ভুত পোশাক! কিন্তু ভাষণটা তো তাক লেগে যায়! কে যেন ওর ভাষণ ভিডিও করে পোস্ট করেছে। শিরোনাম দিয়েছে- গৃহপরিচারিকা হাসিনার বিস্ময়কর প্রতিভা। আমার এক ফেসবুক ফ্রেন্ড সেটা শেয়ার করেছে। এরমধ্যেই তিরিশটা শেয়ার, অসংখ্য কমেন্টস আর তিন হাজারের ওপরে লাইক! মাই গড! কয়েক ঘন্টায় হাসিনা তো বিখ্যাত হয়ে গেছে! অনেকে হাসিনার এই প্রতিভার জন্য শিশু একাডেমির পুরস্কার ঘোষণা করারও দাবি জানিয়েছে। তোলপাড় কাণ্ড!

তাই নাকি? হাসিনা তো আজ বাসায় নেই। মার কাছে গেছে। ওর মায়ের জ্বর।

ফেসবুক খোলা হলো। পাওয়া গেল হাসিনার ভাষণ। কে প্রথম পোস্ট করেছে তা-ও পাওয়া গেল। শওকত স্যার। তাঁকে ফোন করা হলো। ওপাশ থেকে শওকত স্যার হাসেন।

হ্যাঁ বিখ্যাত হয়ে গেছে হাসিনা। আমি বুঝিনি এতটা রেসপন্স পাবে।

ফেসবুকের পোস্টটি বাসার সবার সাথে আহনাফও দেখে। মনে মনে খুব হিংসা লাগে হাসিনাকে। রাগ লেগে যায় শওকত স্যারের ওপর। এইজন্য আহনাফের প্রতিযোগিতার সময় স্যার উপস্থিত ছিলেন না। ওরা ভেবেছিল তাঁর জরুরি কোনো কাজ আছে। আসলে তখন তিনি বাসায় গিয়ে হাসিনার ভাষণ ভিডিও করে নিয়ে গেছেন! আশ্চর্য! হাসিনা কি শওকত স্যারের স্টুডেন্ট না কি আহনাফ? কান্না পায় আহনাফের। আম্মুকে গিয়ে বলে, আম্মু আমি আর শওকত স্যারের কাছে পড়বো না।

কেন?

এমনি।

আহনাফের আম্মু ব্যাপারটা বুঝতে পেরে মনে মনে হাসেন। শওকত স্যারের ওপরে ছেলের অভিমান হয়েছে। কিন্তু অভিমানের আড়ালে তো ছেলের মনে হিংসা জন্ম নিচ্ছে। এটা তো হতে দেয়া যায় না!

তিনি ছেলের মাথায় হাত রেখে বলেন, কেন, শওকত স্যার তোমার ভাষণ না দিয়ে হাসিনার ভাষণ ফেসবুকে দিয়েছে তাই? আহনাফ কথা বলে না। ছলছল চোখে দাঁড়িয়ে থাকে।

আম্মু আলতো করে আহনাফের থুতনি তুলে ধরেন।

ছিঃ বাবা, তুমি হিংসুক হয়ে উঠছো? তোমার তো খুশি হওয়া দরকার! একটি দরিদ্র মেয়ের প্রতিভার কথা প্রকাশ পেলো তোমারই কারণে! তুমিই তাকে শিখিয়েছ? বঙ্গবন্ধু কি নিজের জন্য ভাবতেন? ভাবতেন তো দেশের মানুষের জন্য! এখন তুমি নিজের কথা ভাবছো? তোমারও হাসিনাকে অভিনন্দন জানানো উচিত। আর ট্রেনার হিসেবে তোমারও অভিনন্দন প্রাপ্য। কংগ্রাচুলেশন স্যার!

আম্মুর কথা শুনে হেসে ফেলে আহনাফ।

পরদিন আর একটা ছবি ফেসবুকে ছড়িয়ে পড়ে। হাসিনার প্রশিক্ষক, ষষ্ঠ শ্রেণির ছাত্র আহনাফ, তার প্রতিযোগিতার প্রপস মুজিব-কোটটি হাসিনার গায়ে পরিয়ে দিচ্ছে। এ ছবির শিরোনাম 'মুজিবকোটের মেয়ে'!

পরের দিন টেলিভিশনের নিউজ হয়ে ওঠে হাসিনা আর আহনাফ। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই দু'জন প্রতিভাবান শিশুর জন্য বিশেষ পুরস্কার ঘোষণা করেছেন, আর হাসিনার লেখাপড়ার সমস্ত দায়িত্ব নিয়েছেন।

দুই হাসিনা হয়ে ওঠে টক অব দ্য টাউন।

লেখক: কথাসাহিত্যিক

তরুপল্লব

শিশু-কিশোর পাতা

ছবি: মির্জা রিজওয়ান আলম, টেকেরহাট পপুলার হাইস্কুল এন্ড কলেজ, রাজৈর, মাদারীপুর

বাবার গুলিবিদ্ধ জামা

অপু বড়ুয়া

‘পাকিস্তানি সৈন্যরা রাজাকারদের নিয়ে ঠিকই গ্রামে হামলা চালায়। গোলাগুলি শব্দে চারপাশে এক নির্মম বিভীষিকার সৃষ্টি হয়। পুড়িয়ে দেয় ঘর-বাড়ি। আগুন দেয় পোস্টঅফিসে। অসংখ্য গুলিতে ঝাঁঝরা করে দেয় কম্পাউন্ড বাসা। স্টেনগানের গুলির তাণ্ডবে এফোঁড় ওফোঁড় হয়ে যায় চারদিকের বাড়ি-ঘর। যেন মৃত্যুপুরী হয়ে যায় এলাকাটি। লণ্ডভণ্ড হয়ে যায় ঘরবাড়ি। ময়নার দিদিমা চিন্তায় অস্থির। তিশরী গ্রামেও শোনা যাচ্ছে প্রচণ্ড গোলাগুলির শব্দ। একসময় সন্ধ্যা হতেই ক্ষান্ত হয় পাকিস্তানি সৈন্যরা। রাজাকার বাহিনীকে নিয়ে ফিরে যায় ক্যাম্পে। চারদিকে অদ্ভুত নিস্তব্ধতা খাঁ খাঁ করছে এপাশ ওপাশ। অনেকের মতো সন্ধ্যার পর পর ময়নারা বসুমিত্র বাবুদের বাসায় ফিরে। গুলির ধোঁয়াটে ঘ্রাণ।’

কতোদিন আর পালিয়ে বেড়াবে ময়নারা। বাবার চোখে মুখে নিদারুণ অস্থিরতা। অস্থিরতা সব সময় যেন ভর করে আছে বাবাকে। কাউকে কিছু না বলার সেই চাপা স্বভাবটা যেন বাবার কাঁধে আরো জেঁকে বসেছে। যুদ্ধ আরো জোরদার হয়ে পড়েছে এই ক'সপ্তাহে। পাকিস্তানি হানাদার বাহিনী এ মুহূর্তে মরিয়া হয়ে উঠেছে। যেদিকে যাচ্ছে চারদিক জ্বালিয়ে পুড়িয়ে ছারখার করে দিয়ে যাচ্ছে। তাদের সাথে যোগ দিয়েছে অশিক্ষিত বর্বর সে মিলিশিয়া বাহিনী আর এদেশের স্বাধীনতাবিরোধী রাজাকার আলবদর বাহিনী। মুসলিম লীগের পাণ্ডা নেতাকর্মীরা তো আছেই পাকিস্তানিদের পক্ষে।

মুক্তিবাহিনীও দেখিয়ে যাচ্ছে তাদের অমিত পরাক্রম। অস্ত্রশস্ত্র খাদ্যের সংকট সত্ত্বেও পাকিস্তানি দোসরদের কড়া নজরদারির পরও তারা সফল অপারেশন চালিয়ে যাচ্ছে। জীবনবাজি রেখে লড়াই করছে দেশ-মাতৃকার মুক্তির জন্য।

শহরেও প্রচণ্ড গোলগুলি। ধরপাকড়। যে

কোন মুহূর্তে বড়ো ধরনের বিপদের আশঙ্কা। তাই ময়নার বাবা ময়নার মা ও ময়নাকে নিয়ে পালাতে গিয়ে এ গাঁয়ে পোস্টমাস্টার বসুমিত্র বাবুদের বাসায় আশ্রয় নিয়েছে পরিচয়ের সূত্র ধরে। উদ্দেশ্য একটাই রাস্তাঘাটের পরিস্থিতি একটু শান্ত হলেই তবে ময়নাদের নিয়ে নিজেদের গ্রামে ফিরে যাবে।

কিন্তু এদিকে এসে আরো যেন ফেঁসে যায় ময়নার বাবা। যুদ্ধ পরিস্থিতি দিন দিন আরো খারাপ হতে চলেছে। এদিকে আনোয়ারা উপজেলায় রাজাকার বড়োসড়ো ক্যাম্প ঘাঁটি গেড়েছে। মিলিটারি ক্যাম্পের সেনারা রাতদিন ক্যাম্পে এসে ঘোরাঘুরি করছে। মুক্তিবাহিনীর খবরাখবর নিচ্ছে। রাজাকাররা কোন বাড়ির লোকজন মুক্তিবাহিনীতে গেছে তাও জানাচ্ছে পাকিস্তানি সেনাদের। চারদিকেই বিপদ।

যুদ্ধের এতসব শুনে কী যে ভরকে যায় ময়না। ময়না বোঝে বাবা ও বসুমিত্র মামা আরো কয়েকজনকে নিয়ে ফিস্ ফিস্ করে আরো কী কী কথাবার্তা বলেন...। তবে ময়না বেশ বুঝতে পারে তারা এই যুদ্ধ নিয়ে কথা বলছেন। বসুমিত্র মামার বড় মেয়ে লাভলীও খেয়াল করে এসব। কেননা তাদের কথাবার্তায় বার বার শোনা যাচ্ছে মুক্তিযুদ্ধের কথা,স্বাধীনতার নানা ব্যাপার স্যাপার। বঙ্গবন্ধু শেখ মুজিবের কথা, মুক্তিবাহিনীর কথা। তারা লুকিয়ে রেডিওতে স্বাধীনবাংলা বেতার কেন্দ্রের অনুষ্ঠান শোনেন। নিজেরা নিজেরা ফিস্‌ফাস্ অনেক কিছু বলাবলি করেন। এসব নিয়ে বাবা মাঝে মাঝে ময়নাদের সাথেও গল্প করেন। 'দেখিস্, আর বেশি দিন দেরি নেই,আমরা স্বাধীন হয়ে যাচ্ছি। পাকিস্তানিরা আমাদের দেশ থেকে ঠিকই পালিয়ে যাবে। এ যুদ্ধে আমাদের জয় হবেই দেখিস্...।' ময়না এতোসব পুরোপুরি না বুঝলেও সে একটা কথা স্পষ্ট বোঝে- দেশে যুদ্ধ চলছে। মুক্তিবাহিনী চারদিকে ছড়িয়ে পড়েছে,তারা স্বাধীনতা ঠিকই আনবে।

ময়না ভাবে, এই ভয়ঙ্কর সময়ে তারা কোথায় যাবে, বাবা মা'র চোখে মুখে ভীষণ দুশ্চিন্তার ছাপ। ময়নাদের নিয়ে কী করবেন তারা। ময়না শুনেছে পাকিস্তানি সৈন্যরা যেদিকে যাচ্ছে সেদিকে জ্বালিয়ে পুড়িয়ে ছারখার করে দিচ্ছে। গুলি করে মারছে সবাইকে। কাউকেই রেহাই দিচ্ছে না। পালাতে দিচ্ছে না। ময়নার একসময় তার বান্ধবী লক্ষ্মী, বাণীদের কথা মনে পড়ে যায়। আহা! তারা কোথায় আজ? কেমন আছে? কোথায় পালিয়ে আছে? আহা! এই যুদ্ধের তাণ্ডবে ওরা কে কোথায় ছিটকে পড়েছে কে জানে? ওদের সাথে আর যদি কোনদিন দেখা না হয়? একটা গভীর দুঃখবোধ ময়নাকে আঁকড়ে ধরে...। ময়নার দু'চোখ জলে ভরে আসে। ময়না আর কিছুই ভাবতে পারে না।

